# Internship report, spring 2015

**Submitted to**

Dr. M Golam Rahman
Professor, Department of Journalism and Mass Communication

**Submitted by**

Sayeda Sadia Shahrin
ID: 112-24-235
Batch: 13
Department of Journalism and Mass Communication

Faculty of Humanities and Social Science

Date of Submission: June 12, 2015.

©Daffodil International University

# Preface

This internship report is the document of the work done during the Spring 2015 internship at the Feature Department of ***The Daily Prothom Alo*** newspaper under the supervision of Mr. Zaheed Reza Noor, Deputy Feature Editor. The report has given a sketch out of the tasks completed during the period of internship with details. This report has also elaborated on the future work which can be persuaded as an advancement of the current work.

I have tried my best to keep the report simple and so far technically correct. I hope that I have succeeded in my effort.

…………………………………….

**Sayeda Sadia Shahrin**
**ID: 112-24-235**
**BSS Program, 13th Batch**
**Department of Journalism and Mass Communication**
**Faculty of Humanities & Social Science**

Date: May 13, 2015.

©Daffodil International University

# Letter of transmittaL

May 28, 2015

**Dr. M Golam Rahman**
**Professor**
Department of Journalism and Mass Communication
Faculty of Humanities and Social Science

**Subject: *Submission of Internship Report.***

Dear Sir,

This is my pleasure to submit my internship report on my job in the Feature Department of ***The Daily Prothom Alo***, the most circulating national Bengali newspaper in Bangladesh. It was a great opportunity for me to gain knowledge and experience in this renowned media. I believe that the knowledge and experience I have gathered during my internship period will enormously help me in my future career.

I have concentrated my best efforts to achieve the objectives of the practical orientation and hope that my endeavor will serve the purpose. However, I will always be happy to welcome any further clarification that you may require.

Sincerely Yours,

……………………………………….

**Sayeda Sadia Shahrin**
**ID: 112-24-235**
**BSS Program, 13th Batch**
**Department of Journalism and Mass Communication**
**Faculty of Humanities and Social Science**

# Letter of ApprovAL

I am pleased to certify that the internship report prepared by **Sayeda Sadia Shahrin** bearing ID No: 112-24-235 of the Department of Journalism & Mass Communication has been approved for presentation and defense. Under my supervision she worked with the Feature Department of ***The Daily Prothom Alo*** as an intern. She completed the work during Spring, 2015 semester.

I am pleased to certify that the data, the outcome presented in the report are the authentic work of **Sayeda Sadia Shahrin**.

I wish her all success in life.

…………………………………………

**Supervisor**
**Dr. M Golam Rahman**
**Professor**
**Department of Journalism and Mass Communication**
**Faculty of Humanities and Social Science**
**Daffodil International University**

©Daffodil International University

# Letter of Appointment

সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫। **নতুন ভবন :** ১৯ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫। ফোন : ৮১৮০০৭৮-৮১, ৯১২১৪১৯, ফ্যাক্স : ৯১৩০৪৯৬, ৯১৩৪৩৮৪।

31 January 2015
Ref.: PA/HR/13.07/13/04/15

**Syed Mizanur Rahman**
Associate Professor & Head
Department of Journalism and Mass Communication
Daffodil International University.

Subject: Acceptance of internship request.

Dear Mr. Rahman

Accept our sincere greetings. We are pleased to inform you that our management has accepted your proposal for attachment as intern of **Sayeda Sadia Shahrin** (ID#112-24-235), student of BSS (Hon's) in Journalism and Mass Communication. She will be attached with us from any convenient day after 31 January 2015.

Thank you again for choosing Prothom Alo.

With best regards;

--------------------------------

**(Lorens Shamol Mollick)**
Human Resource Manager

The Daily Prothom Alo
CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka 1215. New Building : 19 Karwan Bazar, Dhaka 1215, Bangladesh.
**Phone :** 8180078-81, 9121419, **Fax :** 9130496, 9134384, **Website :** www.prothom-alo.com, www.eprothomalo.com

# Acknowledgement

'Internship' is an academic process which helps the students to relate their theoretical knowledge with the practical fields. I think myself fortunate enough as a student from Journalism and Mass Communication, to undergo the process of fulfilling the requirements of my curriculum as per the provisions of my institution ***Daffodil International University***.

I am thankful to Professor Dr. M Golam Rahman who has kindly guided my internship. I would also like to thank ***The Daily Prothom Alo*** for giving me the opportunity to work with them. Special gratitude should go for Mr. Zaheed Reza Noor, Deputy Feature Editor in ***The Daily Prothom Alo*** to become my mentor. He has guided me personally with his wonderful techniques of feature writing in Bengali. My special gratitude goes for Shumana Sharmin, Feauture Editor; Mr. Mehedi Masood, Assistant Feature Editor, *Anondo*; Ruhina Taskin, Senior Sub-Editor, *Naksha*; Towhida Shiropa, Sub-Editor, *Odhuna*; Ador Rahman, Sub-Editor, *Binodon* and others for supporting me during the internship period. My special thanks go to Sajed Fatemi, Bipasha Roy, Md. Saifullah, Habibullah Siddik and Rahitul Islam who have helped and support me both mentally and officially from the beginning till the end of the internship program.

I am especially thankful to Mr. Zaheed Reza Noor, Mehedi Masood and Ador Rahman. Without their support, this internship was not so much easy for me. I also thank Mr. Lazzat Enab Mohosi, Chief News Editor of ***The Daily Prothom Alo*** who has thought me worthy and chosen me as their intern.

I would like to thank Professor Dr. M Golam Rahman who has advised me for accomplishing all the relevant tasks associated with the internship process. My cordial thanks should be recorded for Syed Mizanur Rahman, Assistant Professor and the Head of the Department of Journalism & Mass Communication, who helped me to get my internship, Mr. Sheikh Shafiul Islam, Dr. Towfik E Elahi, Mr. Mohammed Rashedul Hasan and Quamrun Nahar, Faculties of the department for their valuable suggestions in the process of accomplishing the internship.

**Sayeda Sadia Shahrin**

# AbstrAct

*News media is the mirror of the society. I would like to say specially the print media is the mainstream opportunity to show off a journalist's capability. Because a newspaper publish the facts in details which is not possible in the electronic media for collapsed timing.* ***The Daily Prothom Alo*** *is one of the leading mainstream newspapers, which has given me the golden opportunity to prove myself.*

*I have always dreamt to help the nation with my work ability. That is why I have chosen Journalism and Mass Communication as my academic arena 4years ago and now I believe that I am able to serve the nation with my communication skill such as reporting.*

*I have chosen the Feature Department of* ***The Daily Prothom Alo*** *as my working area during the internship period because I always want to expand readers' knowledge through what I know and what I dig out from the working field. Besides, I have chosen the Bengali newspaper instead of English, because I want to improve by practicing my mother language.*

*My decision was not wrong. I have applied my academic techniques and learned a lot of things from the practical field during the internship program. Now I am pretty confident to play with features and soft news in any print medium. Besides, I have covered some events and lots of interviews. I am sure the techniques may help to prepare hard news also.*

*My several writings have been published in the different pages and supplements. With the help of my supervisor at* ***The Daily Prothom Alo****, Mr. Zaheed Reza Noor and other Sub-Editors I have learned about my mistakes and got the opportunity to improve my writings.*

**Sayeda Sadia Shahrin**

# Table of ConTenTs


| SL No | Particulars | Page No |
|---|---|---|
| ***Chapter One: Introductory Part*** | | ***1-4*** |
| **1.1** | Introduction | 2 |
| **1.2** | Internship | 3 |
| **1.3** | Importance of Internship | 3-4 |
| ***Chapter Two: Organizational Part*** | | ***5-11*** |
| **2.1** | Background of ***The Daily Prothom Alo*** | 6 |
| **2.2** | Digital Platform of ***The Daily Prothom Alo*** | 7 |
| **2.3** | Feature Department and the Supplements | 8-10 |
| **2.4** | Prothom Alo Trust | 10 |
| **2.5** | Sister Concerns of ***The Daily Prothom Alo*** | 11 |
| ***Chapter Three: Activity Plan*** | | ***12-14*** |
| **3.1** | Responsibilities at ***The Daily Prothom Alo*** | 13 |
| **3.2** | Working Procedure | 13-14 |
| ***Chapter Four: Learning Part*** | | ***15-31*** |
| **4.1** | Working Experience | 16 |
| **4.2** | Learning Evidence | 16-18 |
| **4.3** | Unpublished Writings | 19-31 |
| ***Chapter Five: Concluding Part*** | | ***32-34*** |
| **5.1** | Recommendation | 33 |
| **5.2** | Conclusion | 33-34 |
| ***Bibliography*** | | ***35-36*** |
| ***Appendix One: The Draft Copies of Writing*** | | ***37-77*** |
| ***Appendix Two: The Published Copies of Writing*** | | ***78-114*** |
| ***Letter from Supervisor at Prothom Alo*** | | ***115*** |

# Chapter 1

# IntroductIon




©Daffodil International University

## 1.1 Introduction

Communication is indispensable for our existence. We think, discuss and analyze a particular issue and decide our stand on that. The habit of communication is intrinsic in every human being (Sheikh & Shah). A medium of communication makes these things easier to the mass people for mass communication. Journalism is a vast area of mass communication. Especially in the print media journalism has created its own sophisticated history.

A newspaper has various contents, not only news. Feature writing is bit more creative than the other contents. It is accepted that a feature story differs from a hard news story in one respect— its intent. A news story provides information about an event, idea or situation. The feature does a bit more— it may also interpret news, add depth and color to a story, instruct or entertain.

Writing features have become familiar during the period of post World War II while journalists found so many humanitarian stories behind the hard news. Feature comes into existence as the natural sequel to the news story. It goes beyond the news story; it amplifies its facts by research and study; it often dramatizes its statistics into moving narrative; but it acknowledges blood relationship to the news story; it remains substantially a branch of reporting. This fact demands that each feature contain an element of news in its make-up, or failing this, at least a strong sense of timeliness. When a feature appears in a daily paper, the insistence on timeliness becomes paramount.

I have done my internship with these types of feature in ***The Daily Prothom Alo***. The internship is a part of Bachelor of Social Science in Journalism and Mass Communication Program that provides a student both academic and practical training. It also provides an on-the-job experience.

As a part of my internship at ***The Daily Prothom Alo*** I have worked with some supplements and a daily page which provides feature stories mostly in the Feature Department. I really have become very resourceful while working with my tasks given by my mentor and seniors at the organization.

## 1.2 Internship

Internship is a process of professional training for the students to impart hands-on learning in a relevant field as part of accomplishing an academic program. In other words, an internship is an opportunity offered by an employer to potential employees, called "interns", to work at a firm for a fixed, limited period of time. Interns are usually undergraduates or students (WikiJob). The intern students work under close supervision of an internship supervisor. By this period s/he gets the professional training from his/her supervisor to get the idea and work experience of professional field. During this program the internship supervisor train, advise and gives direction to work in professional level.

The department of Journalism & Mass Communication of Daffodil International University provides an opportunity for internship which is three-month duration. During this specified time internees need to complete the internship program. It is compulsory to submit the report on exact date before viva. I have done my program of internship from February 1, 2015 to April 30, 2015.

## 1.3 Importance of Internship

Internship is to train the internees to prepare themselves for challenging tasks in future. It enhances the student's experience of knowledge and views. Some importance can be specified as following points from Internship Guidebook for Students and Faculty (http://www.sbc.edu/sites/default/files/Career_Services/Internships%20Guidebook%20For%20Students%20and%20Faculty.doc).

- Students gain real-world experience and learn about the latest technology and equipment used in the workplace.
- Students get opportunities to sample their chosen career fields early in their studies.

- Internship experience contributes to a greater sense of responsibility for their own efforts and dependence on their own judgment.
- Students get the opportunity to develop social relationships and communication skills.
- Internship increases a student's motivation and may result in improving academic performance.
- Internship helps to enhance the resume.
- Internship helps to make good personal relationship with other employees.
- Internship helps to get the idea and knowledge about job and job position.
- Internship helps a student to know about his/her ability of work.
- Internship helps to make knowledgeable about organization activity and environment.

# Chapter 2

# Overview Of The Daily ProThomalo




©Daffodil International University

## 2.1 Background of *The Daily Prothom Alo*

***The Daily Prothom Alo*** is one of the major mainstream newspapers in Bangladesh, published from Dhaka in the Bengali language. This newspaper is considered as the largest & most popular newspaper in Bangladesh based on circulation and readership (Wikipedia). It started its journey from November 4, 1998. Today it is running its 16th year of age.




**Figure 2.1: Cartoon by Shishir Bhattacharya**

The circulation of the newspaper grew from an initial circulation of 42,000 to a circulation of a half million copies (Wikipedia). The newspaper defines itself by its investigations of acid attacks and violence against women and pushing for tougher laws against the sale of acid. It has press facilities located in Dhaka, Chittagong and Bogra, around 5,32,000 copies (as of September '13) are circulated each day. According to National Media Survey 2012, every day 5.1 million people read the print edition of ***The Daily Prothom Alo*** (Wikipedia). Its claimed readership of the print edition is 9.6 million. Prothom Alo currently has the highest number of readership in newsprint media in Bangladesh, and has an online portal. Anyone can go through it sitting anywhere in the world. According to a brand equity study conducted by Quantum Consumer Solutions Limited, ***The Daily Prothom Alo*** is considered to be the most influential newspaper brand in Bangladesh (Wikipedia).

There is also published weekly Qatar edition of ***The Daily Prothom Alo*** which is available for readers of Bengali language in Qatar.

## 2.2 Digital Platform of *The Daily Prothom Alo*

The online portal of ***The Daily Prothom Alo*** (www.prothom-alo.com) is the number one Bangladeshi website of Bengali newspaper in the world (Wikipedia). Per month 1.6 million visitors from 200 different countries and territories across the globe with 60 million get access to its pageview. The e-paper site of ***The Daily Prothom Alo*** (www.eprothomalo.com) is also the number one e-paper website of Bangladesh which gives the readers the digital view of the main newspaper. From 160 countries, 465 thousand visitors access this website with more than 26 million pageview per month. On an average, each of the visitors stays for 20 minutes in this website (Wikipedia).

The Daily Prothom Alo shares its news and views on its Facebook and twitter account.




**Figure 2.2: Web Portal of *The Daily Prothom Alo* (www.prothom-alo.com)**

## 2.3 Feature Department and Supplements

The Feature Department of ***The Daily Prothom Alo*** is like an umbrella. Under this large umbrella various sections of different pages, especially which are known as feature pages here, are prepared and made the dummies by the Sub-Editors. The graphics designers of the graphics room help the Sub-Editors to make the dummies. The Feature Editor Shumana Sharmin and Deputy Feature Editor Zaheed Reza Noor recheck all the dummy pages and make them confirm to send them press to publish.

The only regular page of the Feature Department is *Binodon*, contains news and views of cultural events and celebrities.

Besides this, there are some more special supplements which are weekly. They are the wings of the Feature Department. They are as follows.

**Figure 2.3: Logos of Supplements**

- ***Chhutir Dine***: This is a Saturday featured supplement contains important and successful stories in Bangladesh or about nationally or internationally successful person from Bangladesh. Besides this, there are more contents in this supplement such as special essay or sign of zodiac etc.

©Daffodil International University

- ***Swapno Niye***: This featured supplement is published on every Sunday contains youth aim and career.
- ***Bandhusava***: ***The Daily Prothom Alo*** has a weekly supplement named *Bondhusava* which is published every Sunday, serves as a meeting ground for thousands of like-minded friends. Readers of *Bondhusava* renew their passion and their commitment toward positive change every week. Bondhusava (Cohort of Friends) is a vibrant wing of ***The Daily Prothom Alo***. Prothom Alo Bondhusava began its journey on 11 November 1998. Now it has about 70,000 volunteers, known as 'friends', living in different corners of the country. The volunteers of Bondhusava are engaged with numerous types of philanthropic, cultural, and social activities across the country. They have distinguished themselves through their activities, learning, and sophistication. They are always ready to provide relief to victims of monga, cyclone, flood, drought, and other natural disasters; bring warmth to afflicted ones; protest against acid violence; raise their hands against the use of drugs; create mass awareness on various social issues including HIV/AIDS; work with dedication for any humanitarian cause etc. The supplement *Bandhusava* publishes their activities across the country. (Wkipedia)
- ***Rosh+Alo***: *Rosh+Alo* comes out every Monday. It is full of cartoons, gentle satire, and pure fun. Especially it makes fun of recent news and events. It is a total 'humor' supplement.
- ***Projonmo Dot Com***: *Projonmo Dot Com* provides updates and brings exciting news of the tech world.
- ***Naksha***: Every Tuesday, tabloid *Naksha* presents a rich array of features and tips on fashion, grooming and makeover, cooking, interior decoration, and travel aiming to bring quality changes in the overall lifestyle of the readers. (Wikipedia)
- ***Odhuna***: Reflecting the demands of the time, Wednesday's *Adhuna* focuses on female rights and achievements, metro-life, legal issues, style, gadgets, career tips, relationship, and so on. (Wikipedia)
- ***Anondo***: Thursday's *Ananda* is a veritable gallery of glittering pictures of celebrities and in-depth write-ups on the world of glamour. The celebrities could be from within the country as well as abroad, from TV, film, and stage, as well as from the world of music and dance. (Wikipedia)
- ***Shilpo Shahitya***: It is a page about literature mainly. The page about cultural issues is published on every Friday. Art, theatre, ethnic culture, books, poems, stories, novels etc. are the main topics to discuss in *Shilpo Shahitya*. Readers who write stories, novels or poems can send their write-up to the Sub-Editor of the page to publish them. This literary page actually promotes art, poetry, and literature.

©Daffodil International University

- ***Gollachhut***: The children's corner, *Gollachhut*, refreshes the mind of the children and teenagers and satisfies their spirit of inquiry through articles, stories, and pictures. Children can send their write-ups and drawings to *Gollachhut*'s Sub-Editor to publish them on this page.

Besides these, the Feature Department publishes special feature pages on special occasions.

## 2.4 Prothom Alo Trust

**Figure 2.4: Logo of 'Prothom Alo Trust'**

Breaking the typical role of a newspaper, ***The Daily Prothom Alo*** proactively involves itself in various philanthropic activities through 'Prothom Alo Trust'. This newspaper not only speaks for the people who have been subjected to injustice, but also extends its support to the humanitarian causes as much as possible. The initiatives of 'Prothom Alo Trust' have been highly praised both locally and internationally. The trust works on following issues.

- Combat Against Acid Violence and Rehabilitation of Female Acid Survivors
- Anti-drug Awareness Campaign
- Fund for Disadvantaged Meritorious Students – *Adamya Medhabi*
- Relief Fund
- Standing by Persecuted Journalists



**Figure 2.5: Logos of Female Violence and Anti-Drug Awareness**

(Wikipedia)

## 2.5 Sisters Concerns of *The Daily Prothom Alo*

Prothom Alo, which belongs to Mediastar Ltd., has the following sister concerns:

- **ABC Radio FM 89.2**: Commercial operation of ABC Radio FM 89.2 commenced from 7 January 2009. It is one of the most popular FM radio channels.
- **Prothoma Prokashon**: 'Prothoma Prokashon' is a publication house that started its journey from 2008. This publication house has been highly praised by different quarters for its quality publication works. Prothoma Prokashon received awards from Bangla Academy in 2011, 2012 and 2013.
- **Prothoma Boier Dunia**: *Prothoma Boier Dunia* (Prothoma World of Books) is a book selling outlet with 5 stores in Dhaka, Chittagong and Rajshahi.

**Figure 2.6: Logos ABC Radio, Prothoma Prokashon, Protichinta and Prothom Alo Jobs**

- **Protichinta**: *Protichinta* is a quarterly journal on social, economical, and political issues.
- **Prothom Alo Jobs**: 'Prothom Alo Jobs' offers regular recruitment solutions, corporate training services, and career counseling.
- **Kishor Alo** : *Kishor Alo*, a monthly magazine for the youngsters, started its journey from October 2013. Stories, novels, poems, quizzes, magic, adventures, traveling, science, drawing, and many other interesting features are published in this amazing, colorful monthly magazine.



**Figure 2.7: Cover Page of Kishor Alo (Issue: October 2014)**

(Wikipedia)

©Daffodil International University

# Chapter 3

# Activity PlAn



©Daffodil International University

## 3.1 Responsibilities

Most of the organizations in the world seek for interns for their own purpose and reputation. ***The Daily Prothom Alo*** is one of the toughest organizations in Bangladesh which chooses its interns very carefully. I was very much lucky to be an intern of it. Now it is giving me the opportunity to contribute for it even after completing my internship program.

I have done my internship as an intern in the Feature Department. I mainly have done the following jobs.

- Translated international write-ups for *Binodon* page such as news from Hollywood and Bollywood.
- Covered some events as a reporter of *Binodon* page.
- Taken interviews of celebs for *Anondo*.
- Written lifestyle features for *Naksha*.
- Worked as contributor for *Odhuna*.

## 3.2 Working Procedure

In the Feature Department of ***The Daily Prothom Alo*** there are various feature pages which are conducted by their In-Charges or Sub-Editors. Meetings are held where Editors, Sub-Editors and In-Charges discuss about next day's preparation and decide who will done which assignment. According to the discussion and decision taken in the meeting they brief the assignments to the reporters. Again, if any writer or reporter wants to give idea to the Sub-Editors or In-Charges for writing on it, s/he surely can. Sub-Editors or In-Charges confirm the idea if they find it worthy. After that the reporter or writer may finalize the report or write-up and submit it to his/her Sub-Editor.

A Sub-Editor or In-Charge edits the write-up if needed. S/he then submits it to the Deputy Feature Editor and Feature Editor to recheck it. After their cross checking the write-up is sent for publication.

I too have gone through this procedure. In-Charges of *Binodon*, *Anondo*, *Naksha* and *Odhuna* used to give me the briefs of my assignments. Sometimes I myself have discussed about my

©Daffodil International University

ideas with them. When they appreciated my ideas I could finalize my writings. Whenever I had to translate international news for celebs I sometimes found out them form the Internet or the Sub-Editor of *Binodon* provided me the information or link of the websites. But all my jobs were supervised by my supervisor at ***The Daily Prothom Alo***, Mr. Zaheed Reza Noor.


My working procedure at ***The Daily Prothom Alo*** can be shown as following flow chart.




**Figure 3.1: My Working Procedure at the Feature Department**

# Chapter 4

# Learning Things



©Daffodil International University

## 4.1 Working Experience

As an intern of the Feature department I had to start my day from 11am. I closed my day normally at 5pm as my supervisor at ***The Daily Prothom Alo*** asked. But sometimes I had to pay more time after 5pm. It depended on the assignment I was working at that time.

I daily worked for *Binodon*. Especially I was in the role of translator of the international news of celebs and events. I used to start my work with finding such kinds of news or information on the Internet from the valuable and credible sources of websites of international newspapers or magazines. The Sub-Editor of *Binodon*, Ador Rahman confirmed me what to translate among these items I found out after consulting with my supervisor Mr. Zaheed Reza Noor. Sometimes they sent me to cover events and premier shows of motion pictures.

I also worked for the weekly supplements *Anondo*, *Naksha* and *Odhuna*. The Sub-Editors of them assigned me for some special features. Those assignments have enriched my communication skills, contacts with important persons as well as the skill of writing.

## 4.2 Learning Evidence

Field work is different from bookish knowledge. But blending two of them is the best idea to make out a wonderful result. I have tried my best to follow this rule. Every medium has its own editorial policy. A journalist has to follow it. But if s/he does not know how to write news or features it will be very difficult to cope up with this profession for her/him. So the background education is needed. I am very fortunate that I have studied Journalism & Mass Communication. I easily could cope up with this profession as an intern. The supervisor at my office was very pleased with my work. My mentors have found my small amount of mistakes and they helped me a lot to make them correct.

Sometimes Mr. Noor asked me for assignments just to check out how I am capable to do such work.

I have learned about some Bengali words which are colloquial and which are not. Sometimes my headlines were published unchanged and sometimes not. When it was changed I learned

©Daffodil International University

how to make the catchy headlines. Gradually I could polish the headlines as well as the sentences of my write-ups.

For example I can compare one of my raw writings and its published ones as the learning evidence. Here is the raw write-up given below:

স্থিরচিত্রে স্থির ইরেশ

চলছিল এয়ারটেলের দশম টেলিছবি মাংকি বিজনেসের প্রিমিয়ার শো । উপস্থিত ছিলেন টেলিছবির প্রায় সকল অভিনয়শিল্পীরাই । তাঁরা সবাই যখন যার যার মুঠোফোনে সেলফি বা উইফি তোলায় ব্যস্ত, তখন শুধুমাত্র একজনই ক্যামেরা হাতে স্থিরচিত্রশিল্পীর ভূমিকা পালন করছিলেন । ইরেশ যাকের । অভিনয় আর অফিসে উপস্থিতি দেবার পাশাপাশি এ বছরটায় নিজের একান্ত শখ পূরণ করতে রীতিমত আদা জল খেয়ে নেমে গেছেন মাঠে । দেখেছিলাম এমটিভি বাংলাদেশের নেওয়া একটি সাক্ষাৎকারে ইরেশ বলেছিলেন রান্না, খাওয়া, ঘুরে বেড়ানো আর ছবি তোলার খুব শখ তাঁর । সেদিন তাই ইরেশের হাতে ক্যামেরা দেখে কথা বলার লোভ সামলাতে পারছিলাম না । যেমন সুযোগ তেমন কাজ । ছোটখাট আড্ডা জমিয়ে ফেললাম তাঁর সাথে ।

পুরোটা সময়ই বললেন তাঁর স্থিরচিত্রের গোপন চলৎ ছবির গল্প । মানুষের হাসি তাঁর খুব ভালো লাগে । এই হাসির পিছনে তাদের জীবনের গল্প লুকিয়ে থাকে । আর এই গল্পই তিনি তাঁর স্থিরচিত্রে আবদ্ধ করতে চান । সাধারণ মানুষের হাসি, কান্না আর দিনযাপনের গল্প ফুটিয়ে তুলতে চান ক্লিক ক্লিক শব্দে । বলছিলেন, "মানুষের গল্প, মানবিক গল্প আমাকে খুব টানে । এ বিষয় নিয়েই কাজ করতে চাই ।" দুই-তিনটি স্থিরচিত্রের কাজ হাতে আছে । সামনে প্রদর্শনীও করবেন নিজের তোলা ছবি নিয়ে । তবে ইরেশ বললেন, "মানুষ হয়তো প্রদর্শনী দেখবে না, অভিনয়ই দেখবে । কিন্তু ছবি তুলতে আমি ভালোবাসি । অনেক তো অভিনয় হল, অনেক খ্যাতি হল । এবার তাই ভাবলাম ভালবাসার কাজটা করি । এ বছর তাই ছবি তুলতেই ব্যস্ত থাকব ।"

তাহলে ইরেশের অভিনয়প্রেমী ভক্তদের কী হতাশ হতে হবে? ইরেশ বললেন যে ভালো গল্প পেলে অভিনয় তিনি অবশ্যই করবেন । "সময়ের সাথে নাটক-সিনেমায় প্রযুক্তি তো পরিবর্তন আনবেই । কিন্তু শুধু প্রযুক্তি দিয়ে সফল হওয়া যায় না । ভালো গল্পই একমাত্র দর্শকের মন জয় করতে পারে । গল্প ভালো না হলে অভিনয় করে তৃপ্তি পাওয়া যায় না" বললেন ইরেশ । অ্যাসিয়াটিক জেডব্লিউটি লিমিটেডের নির্বাহী পরিচালক ইরেশ যাকের । বলছিলেন পুরা সপ্তাহ অফিসের কাজে ব্যস্ত থাকেন বলে অভিনয়ে তেমন সময় দিতে পারেন না । তাঁর আসছে নাটক ইমরুল রাফাত পরিচালিত *ক্রাইং রুম*-এ অভিনয় করবেন অভিনয়শিল্পী তিশার বিপরীতে । আর তাঁর পরবর্তী চলচ্চিত্র *ছুঁয়ে দিলে মন* মুক্তি পাবে চলতি বছরের মার্চ মাসে । সামনে মঞ্চ নাটক নিয়েও ভাববেন তিনি । তবে বারবার একই কথা মনে করিয়ে দিলেন, এ বছর শুধুই স্থিরচিত্রে স্থির থাকতে চান ।

সৈয়দা সাদিয়া শাহরীন

The published one is now given below which shows the mistakes I have done with the raw story:



কিছুক্ষণ

# স্থিরচিত্রে স্থির ইরেশ

সৈয়দা সাদিয়া শাহরীন

১১ ফেব্রুয়ারি। রাজধানীর স্টার সিনেপ্লেক্স। এয়ারটেলের ১০ নম্বর টেলিছবি *মাংকি বিজনেস*-এর উদ্বোধনী প্রদর্শনী হচ্ছে এখানে। টেলিছবির প্রায় সব শিল্পী আর কলাকুশলী উপস্থিত। তখনো প্রদর্শনী শুরু হয়নি। অনেকেই নিজেদের মুঠোফোনে সেলফি তোলায় ব্যস্ত। শুধু একজন ক্যামেরা হাতে আলোকচিত্রীর ভূমিকা পালন করছেন। তিনি ইরেশ যাকের। ছবি তোলা তাঁর অন্যতম শখ। অভিনয় আর অফিসের পাশাপাশি ছবি তোলার কাজ তিনি নিয়মিতই করছেন। কথা প্রসঙ্গে জানালেন, এই শখকেই নাকি এখন বেশি গুরুত্ব দিচ্ছেন। তাই তো যেখানেই যান, তাঁর সঙ্গে থাকে ক্যামেরা।

সিনেপ্লেক্সের প্রদর্শনীকক্ষের বাইরে তাঁর সঙ্গে আড্ডা জমে যায়। জানালেন, স্থিরচিত্রের মধ্যদিয়ে তিনি নানা গল্প বলার চেষ্টা করেন।

মানুষের হাসি তাঁর খুব ভালো লাগে। এই হাসির পেছনে তাদের জীবনের গল্প লুকিয়ে থাকে। আর এই গল্পই তিনি তাঁর ক্যামেরায় বন্দী করে রাখেন। সাধারণ মানুষের হাসি, কান্না আর জীবনযাপনের গল্প ফুটিয়ে তোলেন ক্লিক ক্লিক শব্দে।

নিজের তোলা আলোকচিত্র নিয়ে প্রদর্শনীর পরিকল্পনা করছেন ইরেশ। বললেন, 'অনেক তো অভিনয় হলো, অনেক খ্যাতি হলো; এবার আমার শখের বিষয়টি নিয়ে কাজ করছি। যেহেতু প্রদর্শনীর কথা ভাবছি, তাই এ বছর ছবি তোলার পেছনে বেশি সময় দিচ্ছি।'

তাহলে ইরেশের অভিনয়প্রেমীদের কী হতাশ হতে হবে? ইরেশ বললেন, 'ভালো গল্প পেলে অবশ্যই অভিনয় করব। সময়ের সঙ্গে প্রযুক্তির তো পরিবর্তন হবেই। কিন্তু শুধু প্রযুক্তি দিয়ে সফল হওয়া যায় না। একমাত্র ভালো গল্পই দর্শকদের মন জয় করতে পারে। গল্প ভালো না হলে অভিনয় করেও তৃপ্তি পাই না।'

জানালেন, সপ্তাহের বেশির ভাগ সময় অফিসের কাজে ব্যস্ত থাকতে হয়। তাই ইচ্ছে থাকলেও অভিনয়ে খুব বেশি সময় দিতে পারেন না। এর মাঝেই ভালো কিছু গল্পের নাটকে কাজ করছেন। সামনে ইমরাউল রাফাত পরিচালিত *ক্রাইং রুম* নাটকে অভিনয় করবেন।

চলচ্চিত্রেও অভিনয় করছেন ইরেশ। *চোরাবালির* পর সম্প্রতি মুক্তি পেয়েছে *জিরো ডিগ্রি*। তাঁর সর্বশেষ ছবি *ছুঁয়ে দিলে মন* মুক্তি পাবে মার্চ মাসে।

বাবা আলী যাকের আর মা সারা যাকের দীর্ঘদিন জড়িত আছেন মঞ্চের সঙ্গেও। সম্প্রতি তাঁর বোন শ্রিয়া সর্বজয়া অভিনয় করেছেন মঞ্চনাটকে।

জানালেন, মঞ্চের প্রতি তাঁরও রয়েছে ভালোবাসা।

ইরেশ যাকের
ছবি : আনন্দ

This write-up by me was published in February in the feature supplement *Anondo*.

©Daffodil International University

## 4.3 Unpublished Writings

Some writings of mine are still unpublished because, sometimes my supervisor wanted to check out my capability of writing or doing journalism and those were not for publishing. Sometimes some stories lost the timeliness and sometimes some stories were less news worthy than others. Then those stories did not go to press. But the amount of my unpublished writings is very little. I can show them here as my learning examples.

1.

### নিরামিষ বিলি করছেন বিয়ন্সে

বিনোদন ডেস্ক

*প্রিটি হার্টস* দিয়ে খ্যাতি পাওয়া তারকা বিয়ন্সে নোয়েলস ও তাঁর স্বামী র‍্যাপার জেজি ২০১৩ সালে শুরু করেছিলেন আমিষহীন খাদ্য গ্রহণের চ্যালেঞ্জ। এরপর থেকে তাঁরা চর্চা করতে থাকেন একটি স্বাস্থ্যকর জীবনযাপনের। বিয়ন্সের ব্যক্তিগত প্রশিক্ষক মারকো বোরজেসের সাহায্যে তিনি '*পুষ্টিকর ২২ দিন*' নামের নতুন এক চ্যালেঞ্জ নিলেন। তিনি এখন ভোক্তাদের কাছে পৌঁছে দিবেন ২২ দিনের জৈবিক, নিরামিষ জাতীয় এবং দুধেল, গ্লুটেন ও সয়মুক্ত পুষ্টিকর খাবার। এর জন্য একজন ভোক্তাকে প্রতি খাবারের জন্য খরচ করতে হবে ৯.৭৬ থেকে ১৬.৫০ মার্কিন ডলার।

বিয়ন্সের বিশ্বাস যে কেউই এই প্রোগ্রামের অন্তর্ভুক্ত হতে পারবেন সহজেই। কেননা ভোক্তাকে সুলভ মূল্যেই দেয়া হবে এই সুবিধা। তিনি বললেন, "আপনাদের যা করতে হবে সেটা হচ্ছে শুধুই চেষ্টা। আমি যদি পেরে থাকি তাহলে যে কেউই পারবে।"

২০১৩ সালে জেজির জন্মদিনের আগে বিয়ন্সে ও জেজি সিদ্ধান্ত নিয়েছিলেন ২২ দিনের একটি নিরামিষ খাদ্যাভিজান। জেজি বলেন, "মনোবিদেরা বলেন আপনার কোনো অভ্যাস ভাঙতে ২১ দিন সময় লাগে। আর ২২ তম দিনে আপনি তা পরিবর্তনের পথ পেয়ে যাবেন।" বিয়ন্সে ও জেজির কাছে এই সূত্র অনেক সহজ বলে মনে হয়েছিল।

সানডে ওয়ার্ল্ড ডট কম

2.

## গান গেয়ে দীপিকার তামাশা

বিনোদন ডেস্ক

সনু নিগম, সোফি চৌধুরী কিংবা আলী জাফর যদি মাইক ছেড়ে রূপালি পর্দায় অভিনয়ের দক্ষতা দিয়ে দর্শকদের চমকে দিতে পারেন তবে অভিনয় শিল্পীরাও কী কম যান নাকি? সালমান খান, শ্রদ্ধা কাপুর, আলিয়া ভাট, প্রিয়াংকা চোপড়ারাও পর্দার পিছনে গিয়ে মাইক হাতে গলা ছেড়ে গান গেয়ে ফেললেন। এই দৌড়ে সম্প্রতি বলিউডের হাল আমলের সবচেয়ে নন্দিত নায়িকা দীপিকা পাড়ুকোনও অংশ নিতে যাচ্ছেন। তাঁর আসছে সিনেমা *তামাশা*-য় গান গেয়ে নবাগত সংগীত শিল্পীর তালিকায় নিজের নাম লিখাবেন। তাও অস্কারখ্যাত সংগীত পরিচালক এ আর রহমানের সুরে।

এর মধ্যেই ডিপ্পি *তামাশা*র পরিচালক ইমতিয়াজ আলী এবং এ আর রহমানের সাথে একটি মিউজিক সেশনে অংশ নিয়েছেন। তাঁর সেদিনের প্রচেষ্টাই বলে দিয়েছে তিনি কতটা সঙ্গীতানুরাগী আর *তামাশায়* গান গাইতে কতটা আগ্রহী।

ইমতিয়াজ আলী এর আগে তাঁর *হাইওয়ে* সিনেমায় অভিনেত্রী আলিয়া ভাটকে দিয়েও গান গাইয়েছেন। এ আর রহমান ওই সিনেমারও সংগীত পরিচালনা করেছিলেন। রণবীর কাপুরের বিপরীতে দীপিকার *তামাশা* আগামী বছর মুক্তি পাবে।

এর আগে অমিতাভ বচ্চন, আমির খান, শাহরুখ খান, কারিনা কাপুর খান, জুহি চাওলা, অভিষেক বচ্চন, সঞ্জয় দত্ত ও শ্রুতি হাসানের মত তারকারাও সিনেমার গানে কণ্ঠ দিয়েছেন।

ডিএনএ ইন্ডিয়া

©Daffodil International University

3.

## 'পৃথিবী, আমি প্রিন্স হ্যারির সঙ্গে অভিসার করছি না'

বিনোদন ডেস্ক

গুন গুন গুঞ্জন অনেকদিন ধরেই চলছে। হ্যারি পটার খ্যাত অভিনয়শিল্পী এমা ওয়াটসন প্রেম করছেন নিজ দেশ যুক্তরাজ্যের প্রিন্স হেনরি অব ওয়েলস অর্থাৎ প্রিন্স হ্যারির সঙ্গে। কিন্তু এ কথা অস্বীকার করে এমা টুইটারের ক্ষুদে বার্তায় সাফ জানিয়ে দিলেন যে তিনি হ্যারির সঙ্গে প্রেম করছেন না।

পুরো পৃথিবীর মানুষের উদ্দেশ্যে ২৪ বছর বয়সী এই অভিনয়শিল্পী লিখেছেন, 'পৃথিবী, মনে আছে ছোট্ট একটা কথা বলেছিলাম যে মিডিয়ার সব লেখা বিশ্বাস করতে হয় না?! ' এর পর তিনি আরেকটি ক্ষুদে বার্তা লিখে বিষয়টা পরিষ্কার করলেন। তিনি লিখেছেন যে রাজকন্যা হতে হলে কোন রাজপুত্রকে বিয়ে করার প্রয়োজন হয় না। সব মেয়েরাই প্রিন্সেস! প্রমাণস্বরূপ তিনি ইউটিউব থেকে একটি ভিডিও লিংক শেয়ার করেছেন। ভিডিওটি ১৯৯৫ সালে মুক্তি পাওয়া সিনেমা *আ লিটল প্রিন্সেস* এর একটি অংশ।

তাঁর বার্তাগুলো দিয়েই স্পষ্ট হয় যে তিনি পৃথিবীকে জানিয়ে দিচ্ছেন যে তিনি প্রিন্স হ্যারির সঙ্গে অভিসারে মেতে উঠেননি। ব্রিটিশ রাগবি খেলোয়াড় ম্যাথিউ জ্যানির সঙ্গে ছাড়াছাড়ি হবার পর *ওমেনস* ডে ম্যাগাজিন এই বলে গুজব ছড়িয়েছিল যে এমা ও প্রিন্স হ্যারি একে অপরকে খুব ভালভাবে জানতে শুরু করেছেন।

©Daffodil International University

4.

## এখনও আছে 'ফ্রোজেন' জ্বর

বিনোদন ডেস্ক

'হিয়ার আই স্ট্যান্ড, ইন দ্য লাইট অফ ডে...' এলসার সুর নিশ্চয়ই এখনও কানে বাজে। এলসা এখনও দিনের আলোতেই দাঁড়িয়ে আছে। তাঁকে দেখার জন্য শুধু আরেকটু অপেক্ষা করতে হবে। খোলাসা করে বলা ভালো। চলতি বছরের মার্চের ১৩ তারিখে মুক্তি পাচ্ছে *ফ্রোজেন* এর ধারাবাহিকতায় *ফ্রোজেন ফিভার* নামে একটি ক্ষুদ্র দৈর্ঘ্যের সিনেমা।

এ সিনেমায় অনেক অদেখা জিনিস দেখতে পারবেন ফ্রোজেনপ্রেমীরা। সেটা হয়তো অ্যারেন্ডেল রাজ্যের আবহাওয়া কিংবা এলসার নতুন কোন জাদুতে। পরিচালক ক্রিস বাক বললেন, "এলসার নতুন এক রূপ এখানে দেখানো হবে যা আগে তাঁর প্রকৃত চরিত্রটিতে দেখাইনি।" অ্যানার জন্মদিনের অনুষ্ঠানের আয়োজন করবে এলসা *ফ্রোজেন ফিভার*-এ। কিছু তো গোলমাল এলসা বাঁধাবেই কিন্তু আদরের বোনের জন্য আবার সব ঠিক করে দিবে। এখানেও দুই বোন একে অপরকে সমর্থন আর ভালোবাসার দৃষ্টান্ত দেখাবে।

শুধু তা-ই নয়, *ফ্রোজেন* এর পরবর্তী সিনেমা ফ্রোজেনপ্রেমীদের প্রিয় সব চরিত্রদেরও একসাথে করতে যাচ্ছে। হলিউডের সর্বকালের সবচেয়ে বেশি ব্যবসা সফল অ্যানিমেশন সিনেমায় প্রধান চরিত্রগুলোতে কণ্ঠ দিয়েছিলেন ক্রিস্টেন বেল (প্রিন্সেস অ্যানা), ইডিনা মেঞ্জেল (কুইন এলসা), জোনাথন গ্রফ (ক্রিস্টফ) এবং জশ গ্যাড (ওলাফ)। "আমরা আবার একসাথে হয়েছি। আর মনে হচ্ছে কার্যত আমরা কোথাও যাই-ই নি", বলছিলেন গ্যাড। তিনি আরও বলছিলেন, "জীবনের প্রতিটি দিনই ফ্রোজেনের কথা মনে হয় আমাদের। মনে হয় যেন এখনও দীর্ঘ এই গল্পের অনেক কিছুই বলা বাকি আছে। মনে হচ্ছে একটি স্বল্প বিরতির পর আবার আমরা ফিরে আসছি।"

ফ্রোজেনের অস্কার জয়ী 'লেট ইট গো' গানের স্রষ্টা রবার্ট লোপেজ ও ক্রিস্টেন অ্যান্ডারসন লোপেজ দম্পতি জানালেন আরও একটি নতুন গান তাঁরা নতুন *ফ্রোজেন* এর জন্য তৈরি করেছেন। গ্যাড বলেছেন শিশুরা এই গান খুবই পছন্দ করবে। তিনি আরও বললেন দর্শক এতটাই ফ্রোজেন জ্বরে ভুগছে যে তাদের নবজাতকদের নামও ফ্রোজেন চরিত্রগুলোর নামে রাখছেন। একই দিনে ওয়াল্ট ডিজনি স্টুডিওর আরও একটি অ্যানিমেশন সিনেমা *সিন্ডারেলা* মুক্তি পাবে।

এন ওয়াই ডেইলি নিউজ

©Daffodil International University

5.

# পাঁচ তাঁরা

বিনোদন ডেস্ক

বিদ্যা বালান মানসিক রোগী। কোন বলিউডি সিনেমায় নন, বরং বাস্তব জীবনেই। চিকিৎসা বিজ্ঞানের মতে শুচিবায়ুতা এক ধরণের মানসিক রোগ। আর এই রোগেই এই খ্যাতনামা *ফিমেল হিরো* ভুগছেন। সবসময়ই তিনি গোছাল ও পরিপাটি থাকেন। ধুলোবালি তো তাঁর একদমই পছন্দ না। এমনকি শুটিং এর সময়ও যদি কোথাও ধুলোবালি চোখে পড়ে তাঁর, নিজেই কোমড় বেঁধে পরিস্কার করতে লেগে যান।

এমন আরও তথ্য রয়েছে আরও অনেক তারকার সম্পর্কে। যেগুলো আপাত দৃষ্টিতে মজার অথবা আগে অজানা ছিল কিন্তু সত্যিই সত্যি। আসুন জানা যাক আরও চার বলিউড অভিনেত্রী সম্পর্কে।

দীপিকা পাডুকোনের ওজন কত হবে বলতে পারেন? পাঁচ ফুট নয় ইঞ্চির মানুষটির ওজন ৬০ কেজি তো কমই। আরও বেশি হতে পারত। যে পরিমাণ খাবার তিনি খান সে অনুযায়ী তো বেশি হবারই কথা। দীপিকা খেতে খুবই ভালোবাসেন। তবে আর সব তারকার মত তাঁরও ফিটনেস ট্রেইনার আছে। আর সব শক্তি তো শুটিঙেই ব্যয় করে ফেলেন। তাই তো পারফেক্ট ফিগার এর তকমা অর্জন করেছেন। আর দীপিকা হচ্ছেন একমাত্র বলিউড অভিনেত্রী যিনি ৫০০ কোটি রুপির ক্লাবে ঢুকেছেন পরপর কয়েকটি ব্যবসা সফল সিনেমা দিয়ে।

দীপিকা আর ক্যাটরিনার বন্ধুত্ব হলে কী ভালোটাই না হতো। বলিউডের বারবি ডল ক্যাট রান্না করতে খুব ভালোবাসেন। একজন খেতে ভালোবাসেন আরেকজন রান্না করতে। কী দারুণ রসায়ন হতো। রণবীর কাপুর মাঝে নাক না গলালে এতোদিনে নিশ্চয়ই ক্যাট-ডিপ্পির বেশ জমে যেত। ও হ্যাঁ, ক্যাটরিনা কাইফ হচ্ছেন একমাত্র ভারতীয় নারী যার সবচেয়ে বেশি বার ছবি তোলা হয়েছে।

কারিনা কাপুর খান যখন মায়ের গর্ভে বড় হচ্ছিলেন তখন তাঁর মা পড়ছিলেন তলস্তয়ের বিখ্যাত বই *আন্না কারেনিনা*। মা যে কী ভেবেছিলেন কে জানে। কারেনিনা নাম থেকে মেয়ের নামকরণ করে দিলেন। বড় হয়ে হতে চেয়েছিলেন আইনজীবী কারিনা। হয়ে গেলেন হিরোইন কারিনা। হিরোইন সিনেমায় বিশ্বের সব নামিদামি পোশাক শিল্পীর তৈরি ১৩০ টি পোশাক তিনি ব্যবহার করেছেন যা এ পর্যন্ত বলিউডি সিনেমায় ব্যবহার করা সবচেয়ে ব্যয়বহুল ওয়্যারড্রব।

শিল্পা শেঠী কুন্দ্রা গাড়ি চালাতে ভয় পান। যেখানেই যান না কেন গাড়ি চালক সবসময় তাঁর সাথেই থাকে। আরেকটি ব্যাপারে তিনি বিব্রতবোধ করেন কিনা জানা যায়নি। ব্যাপারটা হল ৯ সেপ্টেম্বর। সাবেক প্রেমিক অক্ষয় কুমার আর স্বামী রাজ কুন্দ্রার জন্মদিন এই একই দিনে তো!

©Daffodil International University

6.

# 'আসল' লেডি

বিনোদন ডেস্ক

সোনালি-হলুদ চুল। শ্বেত শুভ্র লম্বা গাউন। ন্যাচারাল লুক মেকআপের সাজ। প্রথমবারের মত অস্কারের মঞ্চে দাঁড়িয়ে গাইলেন *সাউন্ড অব মিউজিক*। বিশ্বাস হচ্ছে না? সত্যিই তিনি লেডি গাগা। গানের দুনিয়ায় প্রবেশ করেই দর্শকদের চমকে দেন অভিনব ও উদ্ভট নকশার পোশাক পরে। আমেরিকান পপতারকা লেডি গাগাকে আজব আজব পোশাকে দেখাটা তাই দর্শকদের অভ্যাসে পরিণত হয়ে গিয়েছে। যে কোন অনুষ্ঠানেই তাঁকে উদ্ভট সাজ ও পোশাকে দেখার জন্য সবাই প্রস্তুত থাকেন। এবারের অ্যাকাডেমি অ্যাওয়ার্ডে পারফর্ম করছেন বলে জানতেন সবাই। তাই এবারও সবাই প্রস্তুত ছিলেন তাঁকে আজব সাজে দেখে চমকে যাওয়ার জন্য। হ্যাঁ, চমকে তিনি দিয়েছেন। সবাই সেই 'চমক' শুধু চুমুক দিয়েই পান করেননি, বরং ঢকঢক করে গিলেছেন! এত সাধারণ সাজ আর পোশাকে 'আসল' লেডি গাগাকে দেখতে পাওয়া যাবে এমনটা হয়তো কেউই কল্পনা করেননি।

বিভিন্ন মিউজিক ভিডিও, স্থিরচিত্র কিংবা গুগলে পাওয়া ইতিহাসই সাক্ষী যে লেডি গাগা সবসময়ই উদ্ভট সব পোশাক পরেন। কখনো মাংসের পোশাকে, কখনো বুদবুদের পোশাকে কিংবা কখনো চুল দিয়ে তৈরি পোশাকে দেখা গেছে এই সংগীতশিল্পী উরফে পোশাক শিল্পীকে। অথচ গাগাকে সেদিন চেনাই যায়নি সহজে। যে কেউ এখন বলতে বাধ্য গাগা শুধু কণ্ঠেই নন, রূপেও গুণী। বাগদত্তা টেইলর কিনির ভালবাসাই হয়তো তাঁকে আসল 'লেডি'-তে রূপান্তর করেছে।

©Daffodil International University

7.

## অস্কারের তারা

## লাঞ্ছনের যাঁরা

বিনোদন ডেস্ক

ক্যালিফোর্নিয়ার একটি হোটেল সেজেছিল হলিউডের বিখ্যাত সব তারকাদের সমারোহে। কারণ সোমবার, ২ ফেব্রুয়ারি সেখানে আয়োজন করা হয়েছিল *২০১৫ একাডেমি অ্যাওয়ার্ড নমিনি লাঞ্চন* এর। প্রতি বছরের মত এবারও অস্কার আসরের আগে এই মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়েছে যেখানে উপস্থিত ছিলেন এবারের আসরের মনোনীত হলিউড তারকারা। রেড কার্পেটে দাঁড়িয়ে সবচেয়ে বেশি নজর কাড়েন অপেরাহ উইনফ্রে, এমা স্টোন ও রিজ উইদারস্পুন।

দীর্ঘ হাতার হালকা বেগুনি রঙের জামায় অপেরাহ উইনফ্রেকে চমৎকার লাগছিল। *দি অপেরাহ উইনফ্রে শো* খ্যাত সাবেক এই উপস্থাপিকা *স্মোকি আই মেক-আপ* আর বাদামি লিপস্টিকের ছোঁয়ায় সাজিয়েছিলেন নিজেকে। ম্যাচিং করে পায়ে বেগুনি জুতো আর অন্যান্য আনুষঙ্গিক জিনিসও ব্যবহার করেছেন তিনি।

*গন গার্ল* খ্যাত অভিনেত্রী রিজ পরেছিলেন হাতাকাটা গাউনের সাথে ম্যাচিং হিল জুতো। খোলা চুলের সাজে ঠোঁটে নিয়েছিলেন কোরাল লিপস্টিক আর চোখে নিয়েছিলেন *স্মোকি আই মেক-আপ*।

এমা স্টোনও কম যাননি। *বার্ডম্যান* এর এই অভিনেত্রী নিজের মেয়েলি ভাবটাই যেন বেশি প্রকাশ করতে চেয়েছেন। স্কার্ট আর টপে একদম সাধারণ একটি মেয়ের মত সাজলেও অসাধারণ সুন্দর লাগছিল তাঁকে ওই 'সিগনেচার' লাল লিপস্টিকে।

ব্র্যাডলি কুপার, ক্লিন্ট এস্টউড, প্যাট্রিসিয়া আরকুয়েট, রোজামান্ড পাইক, নিল প্যাট্রিক হ্যারিস, এডি রেডমেইনি, ফেলিসিটি জোন্স, জুলিয়ান মুর এবং আমেরিকা ফেরারাও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এইস শোবিজ

©Daffodil International University

8.

# বিদ্যায় সুচিত্রা

বিনোদন ডেস্ক

সুচিত্রা সেনের ভক্তরা আসন বেঁধে বসুন। কেননা তাঁকে আবার পর্দায় দেখা যাবে! আর এটি সম্ভব করবেন বলিউডের 'ফিমেল হিরো ' বিদ্যা বালান। হ্যাঁ, মহানায়িকার জীবনী নিয়ে তৈরি হতে যাচ্ছে যে চলচ্চিত্র তাতে বিদ্যা অভিনয় করবেন সুচিত্রা সেনের চরিত্রে।

ইমরান হাশমির সঙ্গে মাত্রই শেষ করলেন *হামারি আধুরি কাহানি* চলচ্চিত্রের কাজ। বিদ্যার হাতে আছে চার-চারটি নতুন চলচ্চিত্রের স্ক্রিপ্ট। পরবর্তী কাজের জন্য বেছে নিলেন সুচিত্রা সেনের চরিত্রটি। চরিত্রে একেবারে ঢুকে গিয়ে তা ফুটিয়ে তোলার জন্য ব্যস্ত হয়ে পড়েছেন তিনি। নিচ্ছেন জোরদার প্রস্তুতি। আগামি মাসেই শুরু করবেন শ্যুটিং। একটি সূত্র জানায়, সিনেমায় কথ্যক নৃত্যের প্রয়োজনে বিদ্যা বালান এই নাচের প্রশিক্ষণ নিবেন। লখনৌয়ের খ্যাতনামা নৃত্যগুরু পন্ডিত জয়ু রহমান আগামি সপ্তাহ থেকে বিদ্যাকে নাচ শেখাবেন।

দক্ষিণী অভিনয়শিল্পী সিল্ক স্মিথার জীবনী নিয়ে নির্মিত *ডার্টি পিকচারে* সিল্কের চরিত্রে অভিনয়ের পর এবার বিদ্যা এই বাঙালি নায়িকার চরিত্র বেছে নিলেন। সেই সঙ্গে পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী বেনজির ভুট্টোর চরিত্রেও অভিনয় করার কথা রয়েছে এই *ববি জাসুস* নায়িকার।

©Daffodil International University

9.

# আমির-কন্যা খুঁজতে

বিনোদন ডেস্ক

২১ হাজার নারীর স্ক্রিন টেস্ট। একজনও নির্বাচিত হলেন না। মিস্টার পারফেকশনিস্টের এত ধৈর্য্য যে কোথা থেকে আসে? যে কোন সিনেমার কাজ শুরু করার আগে পুরো দলকেই যেন নিজের মত গুছিয়ে নেন। সব কিছু 'পারফেক্ট' হওয়া চাই তো! তাই আমির খানের পরবর্তী সিনেমা *দঙ্গল*-এর শুটিং শুরুর আগে নিজে যেমন প্রস্তুতি নিচ্ছেন তেমনি তাঁর দলকে পরামর্শ দিলেন তাঁর 'কন্যা' খুঁজতে।

*দঙ্গল* এ একজন পিতার চরিত্রে অভিনয় করবেন বলিউড পারফেকশনিস্ট আমির খান। এই পিতার চার কন্যা। পুরো ভারত থেকে হাজার হাজার নারী অডিশন দিচ্ছেন আমির কন্যা হবার জন্য। কিন্তু না, ২ মাস ধরে চলা অডিশনে ২১ হাজারেরও বেশি নারী অংশ নিলেও এখনও পর্যন্ত কেউকে চুক্তিবদ্ধ করা হয়নি। এমনটাই জানালেন সিনেমার মুখপাত্র।

শুধু অভিনয়ে পেশাদার শিল্পীরাই নন, অডিশন দিয়েছেন স্বল্প অভিনয় জানা এবং অপেশাদার সাধারণ নারীরাও। তবে পরিচালক নিতেশ তিওয়ারির ইচ্ছা চলচ্চিত্র জগতের কাউকে নয় বরং অভিনয়ে একদমই অপটুদের বেছে নিবেন আমির-কন্যা হিসেবে। আর কন্যাদের দৈহিক গড়ন কিছুটা হলেও হতে হবে খেলোয়াড়দের মত। তাদের প্রশিক্ষণ দিয়ে তারপরেই শুরু করবেন সিনেমার শুটিং। *পিকে* দিয়ে বক্স অফিস মাতানোর পর এ বছর বিরতি নিয়ে আমিরের *দঙ্গল* মুক্তি পাবে ২০১৬ সালে।

ডিএনএ ইন্ডিয়া

©Daffodil International University

10.

# পরিনীতির উপদেষ্টা প্রিয়াংকা

বিনোদন ডেস্ক

আজকাল পরিনীতির পরিণতি তেমন একটা ভালো ঠেকছে না। বেশ কিছুদিন ধরেই বলিউডে 'ফ্লপ' সিনেমা উপহার দিচ্ছেন পরিনীতি চোপড়া। শেষ দুটি সিনেমার কথাই ধরা যাক না। দাওয়াত-ই-ইশক আর কিল দিল। বক্স অফিস মাত করা তো দূরের কথা, হালকা একটু নড়াতেও পারেনি। বোনের এই পরিণতি কি আর সহ্য হয় প্রিয়াংকা চোপড়ার? চাচার মেয়েকে তাই ভাল-মন্দ শেখাতেই উদ্যোগ নিচ্ছেন পিসি।

যাই হোক, বক্স অফিস যেন হেলে পড়ে সেজন্য বোনকে গভীর কুপ থেকে টেনে তুলতেই পরিনীতির একটি সিনেমা প্রযোজনা করার ঘোষণা দিলেন পিসি। তবে সিনেমার গল্প অবশ্যই প্রিয়াংকার মনপুত হতে হবে। এই সিদ্ধান্তে যারপরনাই খুশি ছোট বোন পরিনীতি।

পরিনীতি তো হামেশাই পিসির প্রসংশায় পঞ্চমুখ। সিনেমায় প্রয়োগ করতে পারার মত যত দীক্ষা নেওয়া যায়, লোভীর মত লুফে নেন তিনি বোনের কাছ থেকে। রীতিমত পরিনীতির উপদেষ্টা বনে গেছেন প্রিয়াংকা। শুধু সিনেমাই নয় অন্যান্য বিষয় নিয়েও বোনের সঙ্গে আলাপ করে নেন এই *ইশাকজাদে* নায়িকা।

ইন্ডিয়ান এক্সপ্রেস

The previous writings were written for the daily page *Binodon*. The following writings are to be published later according to the required theme of the supplement *Naksha*.

1.

## যখন উষ্ণতা সাজে চুলের ভাজে

সৈয়দা সাদিয়া শাহরীন

বৈশাখ আসার আগেই গরমটা বেশ চড়ে উঠছে। সাজ থেকে শুরু করে পোশাক নির্বাচন আর চুল-ত্বকের যত্নেও ভিন্নতা আসছে। বিশেষ করে যাদের চুল লম্বা, কোকড়া বা ঢেউ খেলানো কিংবা ঘন তাদের বেলায় চুলের যত্ন নেওয়া একটু কঠিনই হয়ে পড়ে। এ ধরণের চুল উষ্ণ আবহাওয়ায় ঘেমে দুর্গন্ধ হয়। ধুলাবালিও ঘেমে যাওয়া চুলে সহজেই বাসা বাঁধে।

হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চর্ম রোগ বিভাগের অধ্যাপক সৈয়দ আফজালুল করিম জানান, গরমে যাদের চুল ঘেমে ময়লা জমে তাদের মাথার ত্বকে গোটা উঠে চুলকানি হতে পারে। ফলে মাথা চুলকালে বা খুটলে মাথার ত্বকে ব্যাকটেরিয়ার সংক্রমণ হতে পারে। এজন্য চুলের গোড়া সবসময় পরিস্কার রাখতে হবে। মাথার ত্বক ও চুলের ধরণ বুঝে তাই নিয়মিত শ্যাম্পু ব্যবহার করতে হবে। চুলে তেল দিয়ে বেশি সময় রাখা যাবে না বা ঘর থেকে বের হওয়া যাবে না। রাতে চুলে তেল দিলে সকালেই শ্যাম্পু দিয়ে ধুয়ে ফেলুন। আর সকালে তেল ব্যবহার করলে এক ঘন্টা পরই চুল শ্যাম্পু দিয়ে ধুতে পারেন। সম্ভব হলে ঠান্ডা জায়গায় থাকার চেষ্টা করতে হবে। মাথার ত্বকে ব্যাকটেরিয়ার সংক্রমণ হলে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

এই আবহাওয়ায় চুল বেঁধে ঘর থেকে বের হতে হবে। ভেজা চুল বাঁধা যাবে না। ভেজা থাকলে ফ্যানের নিচে কিংবা হেয়ার ড্রায়ারের ঠান্ডা তাপমাত্রার সাহায্যে চুল শুকিয়ে নিতে হবে। এমনটাই বললেন কিউবেলা বিউটি অ্যান্ড স্কিন কেয়ারের রূপ বিশেষজ্ঞ ফারজানা মুন্নি। তিনি জানালেন গরমে মাথা ঘেমে গেলে খুশকি হতে পারে। এই খুশকির ধরণ আবার ভিন্নও হয়। এতে চুল পড়াও শুরু হয়। তাই সবসময় চুল পরিস্কার রাখার পরামর্শ তিনিও দিলেন। ঘন চুলের অধিকারীরা ঘরে চুল পরিস্কার করুন ২ বার শ্যাম্পু করে। সম্ভব হলে সপ্তাহে ১-২ দিন পার্লারে যান অন্যের সহায়তায় সঠিকভাবে চুল পরিস্কার করতে। শ্যাম্পু ব্যবহারের পর অবশ্যই কন্ডিশনার ব্যবহার করতে হবে। খেয়াল রাখতে হবে চুলের গোড়ায় যেন কন্ডিশনার না লাগে। সপ্তাহে এক দিন মেহেদি, ডিম, টক দই ও মেথির মিশ্রণ ব্যবহারে চুল সুস্থ থাকবে।

অনেকে অতিরিক্ত সচেতন থাকতে গিয়ে চুলে না বুঝেই অনেক বেশি প্রসাধনী ব্যবহার করেন। ফারজানা মুন্নি জানালেন, তাদের চুল খুব সহজেই নষ্ট হয়ে যায়। বিশেষজ্ঞের পরামর্শ নিয়ে প্রসাধনী ব্যবহার করা উচিত। যারা চুল বড় রাখতে চান তারা চুল বিশেষজ্ঞের পরামর্শ নিয়ে চুলের ন্যূনতম দৈর্ঘ্য বিবেচনা করে চুল কাটুন। আর না হলে চুলের আগা ফেটে ও ভেঙ্গে যায়। এছাড়া খুব লম্বা চুলের যত্নে কয়েক ঘন্টা সময়ও ব্যয় করতে হয়। যাদের হাতে সময় থাকে তাদের জন্য কাজটা সহজ হলেও যারা বাইরে যান তাদের চুলের যত্নে কম সময় খরচ করতে ছোট দৈর্ঘ্যের চুলই ভালো। আর অবশ্যই চিরুনি দিয়ে নিয়মিত আচড়ে নিন আপনার লম্বা, ঘন, কোকড়া বা ঢেউ খেলানো চুল।

©Daffodil International University

2.

## ডাগর ডাগর চোখে

সৈয়দা সাদিয়া শাহরীন

ওই ডাগর ডাগর চোখ যে মনের কথা বলে। চোখ দুটিকে তাই সুস্থ রাখা চাই। মনটাও থাকবে সুস্থ, সজীব। আপনার মুখের সবচেয়ে নাজুক অঙ্গ হল চোখ। আর তাই বিশেষজ্ঞরা মনে করেন চোখের যত্নটাও নিতে হবে বিশেষভাবে।

শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চর্মরোগ বিভাগীয় প্রধান অধ্যাপক রাশেদ মোহাম্মদ খান জানালেন প্রসাধনী ব্যবহারে চোখের কী ধরণের ক্ষতি হতে পারে। যেসব প্রসাধনী আপনার চোখের উপযোগী নয় সেগুলো এড়িয়ে চলুন। কারণ সেগুলো ব্যবহারে চোখে এলারজি হতে পারে কিংবা চোখ লাল হয়ে ফুলে যেতে পারে। এমন অবস্থায় দ্রুত চিকিৎসকের পরামর্শ অনুযায়ী এন্টি-এলারজি জাতীয় ওষুধ সেবন করতে বললেন তিনি। এছাড়া যাদের মাইগ্রেন বা মাথা ব্যাথার কারণে মলম জাতীয় ওষুধ ব্যবহার করতে হয় তারা যেন কখনোই চোখ কিংবা এর আশেপাশের স্থানে ওই ওষুধ ব্যবহার না করেন। আর এ ধরনের ওষুধ কম পাওয়ারের ব্যবহার করলেই ভালো। কারণ ওষুধের ঝাঁজ চোখের দৃষ্টি শক্তি ক্ষীণ করে দিতে পারে। যাদের মাথায় খুশকি আছে তারাও  চুলের যত্ন নিন, নতুবা খুশকি থেকেও চোখে এলারজি হয়। এক্ষেত্রে ভ্রু কিছুটা সাহায্য করতে পারে খুশকিকে চোখে না পৌঁছতে দিতে। যাদের চিমটা বা সুতা দিয়ে ভ্রু প্লাক করলে চোখের ত্বক লাল হয়ে যায় কিংবা ফুলে যায় তারা লেজার চিকিৎসার মাধ্যমে চিরতরেই ভ্রু প্লাক করে নিতে পারেন। রাশেদ আরও বললেন হেয়ার রিমুভাল ক্রিম দিয়ে কখনোই ভ্রু প্লাক করা যাবে না। এতে ত্বক পুড়ে যায়।

কোন ক্রিম, উপটান কিংবা কোন ফেস প্যাক মুখে লাগানোর সময় অবশ্যই চোখ ও এর আশেপাশের ত্বক এড়িয়ে চলতে হবে। রেড বিউটি স্যালনের রূপবিশেষজ্ঞ আফরোজা পারভীন বললেন চোখের ত্বক যেহেতু সবচেয়ে কোমল তাই এতে কোন প্যাক ব্যবহার করলে ত্বক কুচকে যাবে। তিনি জানালেন সুস্থ রাখতে হলে চোখকে ঠান্ডা রাখতে হবে। তুলা ঠান্ডা পানিতে ভিজিয়ে ক্লান্ত চোখ দুটোয় চেপে চেপে মুছে নিতে পারেন। যাদের দুশ্চিন্তা বা রাতে ঘুম না হবার কারণে চোখে পড়েছে কালো দাগ তারা শশা বা আলু কুচির ব্যবহার ছাড়াও কালো আঙুরের রস তুলায় ভিজিয়ে আলতো করে চোখে ঘষে নিতে পারেন। আর চোখে মেকাপ নিয়ে কখনোই যেন রাতে ঘুমিয়ে না পড়েন, সেই পরামর্শও দিলেন তিনি। তা না হলে চোখের ত্বক পুড়ে যাবে ও পাপড়ি ভেঙে যাবে।

চোখের সাজে ব্যবহার করা হয় আঠালো ও ঘর্মাক্ত উপকরণ। আর তা পরিস্কার করতে ভীষণ যত্নশীল হতে বললেন নভীন'স অ্যারোমা স্কিন ট্রিটমেন্ট সেন্টারের প্রধান নির্বাহী পরিচালক আমিনা হক। তিনি জানালেন পার্টি থেকে ফিরে কীভাবে ধাপে ধাপে চোখের সাজ পরিস্কার করতে হয়।


- শুকনা টিস্যু পেপার, কাপড় বা তুলায় ভ্যাসলিন নিয়ে প্রথমে চোখের কাজল ও মাসকারা আলতো করে ঘষে তুলে নিতে হবে।
- এরপর নতুন করে টিস্যু পেপার, কাপড় বা তুলায় তেল অথবা ক্লিনজিং মিল্ক কিংবা লোশন নিয়ে আই শ্যাডো, আই লাইনার বা অন্য সাজ পরিস্কার করে নিতে হবে। তেল ব্যবহার করলে অলিভ

- অয়েল, নারিকেল তেল, জোজোবা তেল অথবা সিসিমে তেলের যে কোন একটি ব্যবহার করাই ভালো। আই শ্যাডো তুলতে আঙুলও ব্যবহার করা যেতে পারে। এক্ষেত্রে আঙুলে তেল বা লোশন নিয়ে ঘড়ির কাটার মত বা ঘড়ির কাটার বিপরীতে চোখের পাতায় ঘষে ঘষে সাজ তুলে নিতে হবে। এরপর শুকনা নরম কাপড় বা টিস্যু বা তুলা দিয়ে মুছে নিতে হবে।
- এরপর মুখের মেকাপ তুলে সবশেষে পানির ঝাপটা দিয়ে তোয়ালে বা টিস্যু দিয়ে মুখ মুছে নিন।

©Daffodil International University

# Chapter 5

# drawing ConClusion



## 6.1 Recommendations

I have done my internship program in country's one of the largest media of mass communication. The working environment is so nice at ***The Daily Prothom Alo***. I must say that I have got the proper monitoring from my supervisor and other seniors. But the time limit of the internship program (three months) is not sufficient to enrich a student's knowledge and experience. Beside this, I had to attend classes at the same time of internship period. It was difficult to maintain both the classes and office hour, though I could manage my supervisor at the office most of the time because he was so flexible to let me attend my classes and examinations. But at the same time it was tough to organize and differentiate the office work and the school work.

I would like to point out the following things as my recommendations after finding the problems.

- Daffodil International University should extend the duration of the internship program so that the students can gain knowledge and experience of field work properly.
- The authority of the university may extend the program of internship as six months instead of three months.
- There should not be any course left during the last semester of graduation so that a student can concentrate on his/her internship program properly.
- All courses should be completed before the internship program arrives.

## 5.2 Conclusion

The aim of internship is to earn the real-world experience. Internship is formal program within organizations whose primary purpose is to offer practical work experience in a particular occupation to people who are new to that field. Internship strengthens resume by giving a student visible work experience and providing older job hunters with needed credentials to change careers. Would-be interns should evaluate internship programs carefully, to see if those programs offer the training they need. (Chron.com)

I have learned so many things during my internship period from ***The Daily Prothom Alo***. I was and am able to maintain a nice and warm relationship with everyone at the workplace. The lessons I have learned from them will definitely help me in my further career.

I have already chosen my career. I wish to be in teaching profession in Journalism and Communication studies. That is why I have worked hard and concentrated on my study so that I can make a good result. Instead of teaching profession I wish to contribute as feature writer in the prominent newspapers of the country like ***The Daily Prothom Alo***. Besides, I am sure that I can able to share my field experiences with my students in my further career of teaching profession so that they will have the idea of professional journalism and can compare it with their academic tasks. As a result I hope they will able to maintain their career properly in the future.

Writing features is my hobby. I believe that making one's hobby as his/her career, s/he does not have to work because s/he loves the hobby. As I love to gain and share knowledge as well as writing features, I am pretty sure that I will not have to work but to love my hobbies.

Well, I am really grateful to ***The Daily Prothom Alo*** for giving me such an opportunity through which I am now able to prove myself with my hobbies in my career. I am proud to have such a great experience from this workplace.

# BiBliography



# BiBliography


- Bond, F. Fraser, 1954, An Introduction to Journalism, pp. 337-352, New York, Macmillan.
- Islam, Sheikh Shafiul & Kabir, Shah Nister, 2015, Foundation of Human Communication, pp. 14-18, Dhaka, AL-Kawsar Printers.
- Sarker, Sajeeb, News, Reporting, Writing & Editing, 2012, pp. 132-136, Dhaka, G. G. Offset Press.
- http://www.adgully.com/bangladesh-through-matiur-rahman-of-prothom-alo-s-eyes-45063.html, cited on June 25, 2015.
- http://en.wikipedia.org/wiki/Prothom_Alo, cited on June 25, 2015.
- http://archive.thedailystar.net/2006/10/20/d610201401108.htm, cited on June 27, 2015.
- http://www.prothom-alo.com/circulation, cited on June 27, 2015.
- http://www.sbc.edu/sites/default/files/Career_Services/Internships%20Guidebook%20For%20Students%20and%20Faculty.doc, cited on June 28, 2015.
- https://www.wikijob.co.uk/wiki/internships-what-internship, cited on June 28, 2015.
- http://cms.bsu.edu/academics/collegesanddepartments/telecommunications/academicsandadmissions/programsofstudy/bachelorsdegree/programfeatures/internships/internshipgoalsandobjectives, cited on June 29, 2015.
- http://www.smu.edu.sg/career-services/employer-information/internship/purpose-and-benefits-of-internships, cited on June 30, 2015.
- http://work.chron.com/purpose-internship-8335.html, cited on May 1, 2015.
- Google Image

# Appendix 1

# The DrafT Copies of Writing



©Daffodil International University

1. The following writings were written for *Anondo*:
   i)

### স্থিরচিত্রে স্থির ইরেশ

চলছিল এয়ারটেলের দশম টেলিছবি মাংকি বিজনেসের প্রিমিয়ার শো। উপস্থিত ছিলেন টেলিছবির প্রায় সকল অভিনয়শিল্পীরাই। তাঁরা সবাই যখন যার যার মুঠোফোনে সেলফি বা উইফি তোলায় ব্যস্ত, তখন শুধুমাত্র একজনই ক্যামেরা হাতে স্থিরচিত্রশিল্পীর ভূমিকা পালন করছিলেন। ইরেশ যাকের। অভিনয় আর অফিসে উপস্থিতি দেবার পাশাপাশি এ বছরটায় নিজের একান্ত শখ পূরণ করতে রীতিমত আদা জল খেয়ে নেমে গেছেন মাঠে। দেখেছিলাম এমটিভি বাংলাদেশের নেওয়া একটি সাক্ষাৎকারে ইরেশ বলেছিলেন রান্না, খাওয়া, ঘুরে বেড়ানো আর ছবি তোলার খুব শখ তাঁর। সেদিন তাই ইরেশের হাতে ক্যামেরা দেখে কথা বলার লোভ সামলাতে পারছিলাম না। যেমন সুযোগ তেমন কাজ। ছোটখাট আড্ডা জমিয়ে ফেললাম তাঁর সাথে।

পুরোটা সময়ই বললেন তাঁর স্থিরচিত্রের গোপন চলৎ ছবির গল্প। মানুষের হাসি তাঁর খুব ভালো লাগে। এই হাসির পিছনে তাদের জীবনের গল্প লুকিয়ে থাকে। আর এই গল্পই তিনি তাঁর স্থিরচিত্রে আবদ্ধ করতে চান। সাধারণ মানুষের হাসি, কান্না আর দিনযাপনের গল্প ফুটিয়ে তুলতে চান ক্লিক ক্লিক শব্দে। বলছিলেন, "মানুষের গল্প, মানবিক গল্প আমাকে খুব টানে। এ বিষয় নিয়েই কাজ করতে চাই।" দুই-তিনটি স্থিরচিত্রের কাজ হাতে আছে। সামনে প্রদর্শনীও করবেন নিজের তোলা ছবি নিয়ে। তবে ইরেশ বললেন, "মানুষ হয়তো প্রদর্শনী দেখবে না, অভিনয়ই দেখবে। কিন্তু ছবি তুলতে আমি ভালোবাসি। অনেক তো অভিনয় হল, অনেক খ্যাতি হল। এবার তাই ভাবলাম ভালবাসার কাজটা করি। এ বছর তাই ছবি তুলতেই ব্যস্ত থাকব।"

তাহলে ইরেশের অভিনয়প্রেমী ভক্তদের কী হতাশ হতে হবে? ইরেশ বললেন যে ভালো গল্প পেলে অভিনয় তিনি অবশ্যই করবেন। "সময়ের সাথে নাটক-সিনেমায় প্রযুক্তি তো পরিবর্তন আনবেই। কিন্তু শুধু প্রযুক্তি দিয়ে সফল হওয়া যায় না। ভালো গল্পই একমাত্র দর্শকের মন জয় করতে পারে। গল্প ভালো না হলে অভিনয় করে তৃপ্তি পাওয়া যায় না" বললেন ইরেশ। অ্যাসিয়াটিক জেডব্লিউটি লিমিটেডের নির্বাহী পরিচালক ইরেশ যাকের। বলছিলেন পুরা সপ্তাহ অফিসের কাজে ব্যস্ত থাকেন বলে অভিনয়ে তেমন সময় দিতে পারেন না। তাঁর আসছে নাটক ইমরুল রাফাত পরিচালিত *ক্রাইং রুম*-এ অভিনয় করবেন অভিনয়শিল্পী তিশার বিপরীতে। আর তাঁর পরবর্তী চলচ্চিত্র *ছুঁয়ে দিলে মন* মুক্তি পাবে চলতি বছরের মার্চ মাসে। সামনে মঞ্চ নাটক নিয়েও ভাববেন তিনি। তবে বারবার একই কথা মনে করিয়ে দিলেন, এ বছর শুধুই স্থিরচিত্রে স্থির থাকতে চান।

সৈয়দা সাদিয়া শাহরীন

©Daffodil International University

ii)

## শীর্ষে সর্বোচ্চ সেরা

সেই তো ঝা তকতকে মঞ্চ আর ঝলমলে তারকাদের উপস্থিতি। কারও পুরস্কারের ঝোলা বড়, কারও ছোট। কারও আবার বছর বছর বড় হয়। হলিডের অস্কার আর বলিউডের ফিল্মফেয়ার হোক, আয়োজন তো ওই একটা পুরস্কারকে ঘিরেই। হলি-বলি বাদ দিই, আমাদের মেরিল-প্রথম আলো পুরস্কারই কম নাকি! দেখতে দেখতে পনের শেষ করে ষোড়শী হতে যাচ্ছে এই অনুষ্ঠান। পাঠক-দর্শকদের মধ্যে আর একটু বেশি কৌতূহল, আরও একটু বেশি আনন্দ বিলিয়ে দিতে কিছু চমকপ্রদ তথ্য তো পরিবেশন করাই যায় মেরিল-প্রথম আলো পুরস্কারের ১৬ তম বার্ষিকী উৎযাপনে। চলুন তাহলে জানা যাক এ পর্যন্ত মোট পনের বছরে (১৯৯৮-২০১৩) সবচেয়ে বেশি ভারী হয়েছে কার কার ঝোলাটা।

**তারকা জরিপ**

সেরা টিভি অভিনয়শিল্পী (পুরুষ)ঃ জাহিদ হাসান

মাহফুজ আহমেদ কিংবা মোশাররফ করিম টক্কর দিলেও জাহিদ হাসানকে টপকাতে পারেননি। এই বিভাগে সবচেয়ে বেশিবার পুরস্কার পেয়েছেন জাহিদ হাসান। ১৯৯৮ থেকে ২০০২, ২০০৭, ২০১০ এবং ২০১২ সাল পর্যন্ত মোট আটটি পুরস্কার জিতে নেন তিনি। তাঁর ধারাবাহিক গ্র্যাজুয়েট এবং আরমান ভাই হানিমুনে নাটক দুটি বেশ সারা জাগিয়েছিল।

সেরা টিভি অভিনয়শিল্পী (নারী)ঃ বিপাশা হায়াত

তিশা, জয়া, তারিন। বেশ অনেকেই বিপাশার সঙ্গে এই বিভাগে পুরস্কার পেয়েছেন। তবে সর্বোচ্চ পুরস্কারের অধিকারী তিনিই। যদিও সংখ্যাটি নগণ্য। মাত্র তিন বার। ১৯৯৮, ১৯৯৯ ও ২০০২ সালে বিপাশা হায়াত সেরা অভিনয়শিল্পীর পুরস্কার পান।

সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পী (পুরুষ)ঃ রিয়াজ ও শাকিব খান

পাঁচ বার সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পীর পুরস্কার জিতে নেন একসময়ের বিমান চালক রিয়াজ। ১৯৯৮, ২০০১-২০০৩ ও ২০০৬ সালে রিয়াজের ভাগ্য সুপ্রসন্ন ছিল। এর পরই খ্যাতি বাড়তে থাকে শাকিব খানের। তিনিও মোট পাঁচ বার এই পুরস্কার জেতেন। রিয়াজের হৃদয়ের কথা আর শাকিবের পূর্ণদৈর্ঘ্য প্রেমকাহিনী দিয়ে নিজ নিজ শেষ অর্জনটি লুফে নেন তাঁরা।

সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পী (নারী)ঃ শাবনূর

শাবনূরের জনপ্রিয়তা বুঝতে হলে যারা দেখেনি তাঁরা দেখে নিতে পারেন *এক টাকার বউ* অথবা *বলব কথা বাসর ঘরে*। কারণ, এই জনপ্রিয়তার সঙ্গে তো গোঁটা মেরিল-প্রথম আলো পুরস্কারের অন্যান্য বিভাগও টক্কর দিতে পারেনি। শাবনূরের রেকর্ড দুইটি। এক, সবচেয়ে বেশি সংখ্যক (১০ বার) সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পীর পুরস্কার

পেয়েছেন। আর দুই, এ পর্যন্ত সবচেয়ে বেশি সংখ্যক মেরিল-প্রথম আলো পুরস্কার জিতেছেন তিনি। এ ক্ষেত্রে দ্বিতীয় বলা যেতে পারে জাহিদ হাসানকে।

সেরা কণ্ঠশিল্পী (পুরুষ)ঃ আসিফ আকবর

এখনও শ্রোতারা ভালবাসে আসিফের সেই প্রথম গাওয়া গানগুলো। ও *প্রিয়া তুমি কোথায়*... দিয়ে যাত্রা শুরু করেন আসিফ। ২০০১ থেকে ২০০৫ এবং ২০১৩ সালে মোট ৬টি পুরস্কার পান এই কণ্ঠশিল্পী।

সেরা কণ্ঠশিল্পী (নারী)ঃ ন্যান্সি

প্রথম দিকে কনক চাঁপা কিংবা ডলি সায়ন্তনীদের জনপ্রিয়তা তুঙ্গে থাকলেও ২০০৯ থেকে ২০১৩ সাল পর্যন্ত টানা পাঁচ বার এই বিভাগে সর্বোচ্চ পুরস্কার জেতেন ন্যান্সি।

সেরা ব্যান্ডঃ এলআরবি

এই বিভাগের পুরস্কারটি দেওয়া হয় ২০০৮ সাল পর্যন্ত। ১৯৯৮-২০০১, ২০০৫ ও ২০০৭ সালে মোট পাঁচ বার আইয়ুব বাচ্চুর জনপ্রিয় ব্যান্ড এলআরবি পায় এই পুরস্কার।

সেরা মডেল (পুরুষ)ঃ নোবেল

২০০৭ পর্যন্ত দেয়া এই বিভাগে সবচেয়ে বেশি সংখ্যক পুরস্কার লুফে নেন মডেল ও অভিনয়শিল্পী নোবেল। ১৯৯৮-২০০১, ২০০৩ ও ২০০৪ সালে তিনি সেরা মডেলের পুরস্কার পান।

সেরা মডেল (নারী)ঃ মৌ

এই বিভাগের পুরস্কারও দেয়া হয় ২০০৭ সাল পর্যন্ত। মৌ এই বিভাগে সবচেয়ে বেশি বার পুরস্কার পান। ১৯৯৮ থেকে ২০০১ সাল পর্যন্ত টানা চারবার তিনি এই পুরস্কার জেতেন।

সেরা টিভি অনুষ্ঠান (বিনোদন)ঃ ইত্যাদি

নাহ, ইত্যাদির মত অনুষ্ঠানের জনপ্রিয়তা আর কোন অনুষ্ঠানই ছাড়িয়ে যেতে পারেনি। ২০০৫ সাল পর্যন্ত দেয়া হয় এই বিভাগের পুরস্কারটি। আর সব বছরই তা জিতে নেয় ইত্যাদি। ১৯৯৮ সাল থেকে শুরু করে টানা ৮ বার ইত্যাদি পায় সেরা টিভি অনুষ্ঠানের পুরস্কার।

**সমালোচক পুরস্কার**

সেরা টিভি চিত্রনাট্যকারঃ নুরুল আলম আতিক

©Daffodil International University

একটি ফোন করা যাবে প্লিজ... কিংবা বিকল পাখির গান। অসাধারণ এমন সব নাটকের চিত্রনাট্যের জন্যই তিন বার পুরস্কার পেলেন নুরুল আলম আতিক। ২০০২, ২০০৮ ও ২০০৯ সালে তিনি এই বিভাগে সবচেয়ে বেশি পুরস্কার জিতে নিয়েছেন।

সেরা টিভি নির্দেশকঃ অনিমেষ আইচ

সবচেয়ে বেশি বার সেরা নির্দেশকের পুরস্কার পান অনিমেষ আইচ। চার বার। ২০০৪, ২০০৭, ২০১০ ও ২০১২ সালে তিনি এই পুরস্কারগুলো জেতেন। সর্বশেষ তিনি নয়টার সংবাদ নাটকের জন্য সেরা নির্দেশকের পুরস্কার পান।

সেরা টিভি অভিনয়শিল্পী (পুরুষ)ঃ মোশাররফ করিম

তারকা জরিপে না হোক, সমালোচক পুরস্কার ছাড়বেন কেন মোশাররফ করিম! তিন বার জিতে নেন এই বিভাগের পুরস্কার। ২০০৮, ২০১২ ও ২০১৩ সালে সবচেয়ে বেশি বার এই বিভাগের পুরস্কার জেতেন তিনি। মোশাররফ করিম সেই রকম চা খোর নাটকটি দিয়ে সর্বশেষ অর্জনটি করেন।

সেরা টিভি অভিনয়শিল্পী (নারী)ঃ একবারের বেশি কেউ না

বাংলা চলচ্চিত্রে একসময় একটি সাধারণ বাক্য শোনা যেত, মেয়েদের বিয়ে জীবনে একবারই হয়। তাই বলে কি সেরা অভিনয়শিল্পীও একবারের বেশি কেউ হবেন না!

সেরা চলচ্চিত্র পরিচালকঃ তৌকির আহমেদ

খুব বেশি অভিজ্ঞতা চলচ্চিত্র পরিচালনায় না থাকলেও তিনি যে ঝানু তা ইতিমধ্যেই প্রমাণ হয়ে গেছে। ২০০৪ ও ২০০৬ সালে এ বিভাগে সর্বোচ্চ বার পুরস্কার পেয়েছেন তৌকির আহমেদ।

সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পী (পুরুষ)ঃ রিয়াজ ও রাইসুল ইসলাম আসাদ

দুই বার করে রিয়াজ ও আসাদ দুইজনেই পেলেন এই পুরস্কার। রিয়াজ পেয়েছেন ২০০৪ ও ২০০৫ এবং আসাদ পেয়েছেন ২০০৮ ও ২০১৩ সালে।

সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পী (নারী)ঃ একবারের বেশি কেউ না

আসলে কেউ বুঝতে পারছি না। প্রতিযোগিতাটা এখানেই তুমুল। সেইজন্যই হয়তো নারীরা কেউ একের বেশি পুরস্কার চলচ্চিত্রের জন্যও পাননি।

©Daffodil International University

**আরও কিছু অন্যান্য**

- সবচেয়ে বেশি সংখ্যক বার অনুষ্ঠান উপস্থাপনা করেন হানিফ সংকেত, সংখ্যা ৪ (১৯৯৯, ২০০১, ২০০৩, ২০০৫)
- প্রথম আয়োজনের উপস্থাপক ছিলেন সুবর্ণা মোস্তফা ও আফজাল হোসেন (১৯৯৯)
- জুটি বেঁধে সবচেয়ে বেশি উপস্থাপনা করেন চঞ্চল চৌধুরী-মোশাররফ করিম, সংখ্যা ৩ (২০১০, ২০১১, ২০১৩)। ২০১১ সালে অবশ্য তিশাও তাঁদের সঙ্গে ছিলেন।
- সর্বশেষ আয়োজনের উপস্থাপক ছিলেন জাদুশিল্পী জুয়েল আইচ (২০১৪)। যদিও তাঁকে রাজি করাতে আয়োজকদের অনেক কাঠখড় পোড়াতে হয়েছিল!
- প্রয়াত মডেল তিন্নি ২০০১ সালের আয়োজনে উপস্থাপকের সহকারীর ভূমিকা পালন করেছিলেন।
- সেরা মডেল (নারী ও পুরুষ), সেরা ব্যান্ড ও সেরা টিভি অনুষ্ঠান (বিনোদন) বিভাগে বিগত কয়েক বছর যাবত পুরস্কার দেয়া হয় না।
- সেরা পরিচালক হিসেবে হুমায়ুন আহমেদের অনেক জনপ্রিয়তা থাকলেও তিনি মাত্র একবার এই পুরস্কার পান তাঁর সর্বশেষ চলচ্চিত্র ঘেটুপুত্র কমলার জন্য (২০১২)।
- প্রথম তিন বছর বাদ গেলেও ২০০২ সাল থেকে প্রদান করা হয় আজীবন সম্মাননা পুরস্কার। এ পর্যন্ত এই পুরস্কার পান সোহরাব হোসেন (২০০২), সুভাষ দত্ত (২০০৩), আব্দুল লতিফ (২০০৪), শাহ্ আব্দুল করিম (২০০৫), ফেরদৌসি মজুমদার (২০০৬), কলিম শরাফী (২০০৭), ফেরদৌসি রহমান (২০০৮), বেবী ইসলাম (২০০৯), সুধীন দাশ (২০১০), ফিরোজা বেগম (২০১১), মুস্তাফা মনোয়ার (২০১২), রামকানাই দাশ (২০১৩), রাজ্জাক (২০১৪)।

গ্রন্থনাঃ সৈয়দা সাদিয়া শাহরীন

©Daffodil International University

2. The following writings were written for *Binodon*:

   i)

## কৃতির কীর্তি

বিনোদন ডেস্ক

বক্স অফিসে সাফল্যের মুখ না দেখলেও প্রথম হিন্দি সিনেমা *হিরোপান্তি* করে কী করে যেন রীতিমত 'হিরো'-দের সাথেই পরবর্তী সিনেমাগুলোতে অভিনয় করার সুযোগ পেয়ে গেলেন কৃতি শ্যানন। ফিল্মফেয়ার প্রতিযোগিতার শেষ আসরে নবাগত অভিনেত্রীর পুরস্কার জিতে তকমা লাগিয়ে দেয়াই হয়তো তাঁর প্রধান উদ্দেশ্য ছিল না। পরিচালকেরা ঠিকই বুঝেছেন কৃতি কী কীর্তি করতে পারবেন। ধীরে ধীরে নিজেকে তৈরি করে এগিয়ে নিয়ে যাচ্ছেন তিনি। *হিরোপান্তি* সাফল্য করতে না পারলেও কৃতি শ্যানন ঠিকই নিজের গুণকে ঠিকরে বের করে দেখিয়েছেন। আর এরই ফলশ্রুতি ফিল্মেয়ার পুরস্কার। এর পর তো আর থেমে থাকা যায় না। হয়তো অভিকর্ষ বলের বিপরীতেই ভাসছেন ডানা কাটা এই পরী। একের পর এক নামী এবং দামী পরিচালকদের সিনেমার জন্য ডাক পড়ছে তাঁর।

শোনা যাচ্ছে, কৃতিকে এর মধ্যেই *চেন্নাই এক্সপ্রেস* খ্যাত পরিচালক রোহিত শেঠি পছন্দ করেছেন তাঁর পরবর্তী 'বড় বাজেটের' সিনেমার জন্য যার নাম এখনও চূড়ান্ত হয়নি। এই সিনেমাতে কৃতিকে দেখা যাবে *বদলাপুর* এর অভিনেতা বরুণ ধাওয়ানের বিপরীতে। শুধু তা-ই নয়, এ সিনেমায় মূল ভূমিকায় আরও অভিনয় করতে যাচ্ছেন তারকা খ্যাতি পাওয়া জুটি শাহরুখ খান ও কাজল। ভারতীয় একটি দৈনিক জানিয়েছে ক্যাটরিনা কাইফও নাকি থাকছেন এ সিনেমায়। কৃতির ভাগ্যই বটে! একই ছবিতে একাধিক তারকার সাথে কাজ করতে পারছেন। চলতি বছরের মার্চ মাস থেকে এর শ্যুটিং শুরু হবে কৃতি ও বরুণকে নিয়ে।

ইতিমধ্যেই কৃতি অক্ষয় কুমার ও শহীদ কাপুরের সাথে সিনেমা করার জন্য চুক্তিবদ্ধ হয়েছেন। কৃতির প্রথম অভিনীত সিনেমা তেলেগু ভাষার *১ঃ নেনোক্কাদিনে*।

ফিল্মফেয়ার ও বিসনেজ অফ সিনেমা

ii)

## অক্ষয়ের মূল্য ক্ষয়

বিনোদন ডেস্ক

বলিউড তারকা অক্ষয় কুমার নিজেই কমিয়ে দিলেন নিজের মূল্য। না, নিজের ব্যক্তিত্বের নয়, সিনেমার ফি এর। পরপর অনেকগুলো সিনেমা বক্স অফিসে সাফল্য না করায় হয়তো হতাশ অক্ষয় এমন সিধান্ত নিলেন। অক্ষয়ের সম্প্রতি মুক্তি পাওয়া সিনেমা *বেবিও* 'ফ্লপ' এর তালিকায় স্থান পেয়েছে। বলিউড পাড়ায় গুঞ্জন উঠেছে রাজা কৃষ্ণ মেনন *এয়ার লিফট* নামে অক্ষয়ের যে পরবর্তী সিনেমা পরিচালনা করতে যাচ্ছেন তাতে নাকি অক্ষয় তাঁর ফি শতকরা ৫০ ভাগ কমিয়ে দিয়েছেন।

তাঁর মতে একটি সিনেমার অভিনেতাই নাকি সবচেয়ে দামি। এর মধ্যে সিনেমা প্রস্তুতকারকেরা যদি একজন অভিনেতাকেই সব টাকা ঢেলে দেন আর তারপর যদি সিনেমা ব্যবসা সফল না হয় তবে কতখানি ক্ষতির স্বীকার হতে হয় ওই সিনেমা সংশ্লিষ্ট ব্যক্তিদের তা হয়তো অক্ষয়ই সবচেয়ে ভালো বুঝতে পেরেছেন।

একটি সূত্র থেকে জানা যায়, অক্ষয় খুব পাকা ব্যবসায়ী। তিনি কখনই চান না তাঁর সিনেমার প্রযোজক-পরিচালকেরা ক্ষয়ক্ষতির সম্মুখীন হোক। তিনি সাধারণত ২৫ কোটি রুপি ফি নিয়ে থাকেন (*বেবি* সহ) কিন্তু *এয়ার লিফট* এর জন্য তিনি সাড়ে ১২কোটি রুপি নিবেন বলে সিধান্ত নিয়েছেন। যাই হোক, বাজেট বান্ধব সিনেমা তৈরির জন্যই অক্ষয় এমন সিদ্ধান্ত নিয়েছেন। এখন তিনি একটি সিনেমা থেকে শতকরা ৮০ ভাগ লাভের দাবি করতে পারেন। প্রযোজক হয়তো সরাসরি তাঁকে অতিরিক্ত ফি প্রদান করবেন না তবে সিনেমা যদি সফল হয় তবে একরকম পারিতোষিক তো অক্ষয় পেতেই পারেন। বছরের সেরা অভিনেতা না হোক, সেরা ব্যবসায়ীর পুরস্কারটা তো তিনি অর্জন করতেই পারেন।

ডেকান ক্রোনিকেল

©Daffodil International University

iii)

## কারিনার জন্য মাত্র ২০ মিনিট

বিনোদন ডেস্ক

মাত্র বিশ মিনিটের জন্য *বাজরাঙ্গি ভাইজান* এ ঠাঁই পেল পতৌদি পরিবারের বধূ কারিনা কাপুর খানের অভিনয়। মূল নারী চরিত্রে অভিনয় করলেও 'ভালোবাসার জিহাদ' সম্পর্কিত এ সিনেমায় কারিনার উপস্থিতি আধা ঘণ্টারও কম বলে জানিয়েছে একটি সূত্র। শুধু সিনেমার শুরুতে এবং ক্লাইম্যাক্সে দেখা যাবে কারিনাকে।

কারিনার ক্যারিয়ারে যে মুষলধারে ভাটা পড়েছে তা তাঁর শেষ কিছু সিনেমাই বলে দিতে পারে। শেষ সিনেমা *সিংহাম রিটার্নস* ব্যবসা সফল হলেও এখানেও কারিনার ভূমিকা খুব কমই ছিল। এর আগে *গোরি তেরে পেয়ার মে* ও সফলতার মুখ দেখেনি। বিয়ের পর কারিনা ক্যারিয়ার নিয়ে ভাবা বন্ধ করে দিলেন কিনা এটা এখন তাঁর ভক্তদের ভাবনা।

নাম শুনে মারদাঙ্গা মনে হলেও কারিনার আসছে সিনেমা *বাজরাঙ্গি ভাইজান* এর গল্প একদমই সরল, মানবতার, ভালোবাসার। পাকিস্তানি ছোট এক মেয়েকে নিয়ে এর গল্প। ইন্দো-পাক সীমান্তে পথ হারিয়ে ফেলে মেয়েটি প্রবেশ করে ভারতে। সূত্র মতে সিনেমার নাম ভূমিকায় অভিনয় করছেন সালমান খান। তিনিই মেয়েটিকে পৌঁছে দিবেন তাঁর বাবা-মায়ের কাছে, পাকিস্তানে।

ডিএনএ ইন্ডিয়া

©Daffodil International University

iv)

## এক ঘন্টায় ২ কোটি!

বিনোদন ডেস্ক

লগন দিয়ে একসঙ্গে যাত্রা শুরু। তারপর প্রেম, বিয়ে, অতঃপর ফুটফুটে শিশু আজাদের আগমন। সুখী দাম্পত্য জীবন। অপরদিকে বলিউডে অভিনয় আর প্রযোজনায় জুটি বেঁধেও তাঁরা অর্জন করেন ঝুলি ভরা সাফল্য। অফ-স্ক্রিনে জুটি বাধলেও অন-স্ক্রিনে কিন্তু আমির খান ও কিরণ রাওকে একসঙ্গে দেখা যায়নি কখনো। তবে এবার প্রথমবারের মত তাদেরকে একসঙ্গে দেখা যাবে, তাও বিজ্ঞাপনচিত্রে। সম্প্রতি এক সূত্র জানায়, আমির খান ও কিরণ রাও একটি বানিজ্যিক বিজ্ঞাপনের মডেল হতে যাচ্ছেন। এর জন্য ইতিমধ্যে চুক্তিও সই করেছেন দুইজনে। বিজ্ঞাপনচিত্রে এই দম্পতিকে রোমান্স করতে দেখা যাবে। মনে হচ্ছে এই রোমান্স অনেক ব্যয়বহুল। কারণ বিজ্ঞাপনচিত্রের এক ঘন্টার শুটিংয়ের জন্য পারফেকশনিস্ট পিকে আমির খান পারিশ্রমিক নিচ্ছেন ২ কোটি রুপি। কিরণ রাও কত নিচ্ছেন তা অবশ্য জানা যায়নি।এর আগে বলিউডের শাহরুখ-গৌরি, অভিষেক-ঐশ্বরিয়া, সাইফ-কারিনা, কাজল-অজয় এমনকি অমিতাভ-জয়া দম্পতিকেও জুটি বেঁধে বানিজ্যিক বিজ্ঞাপনের মডেল হতে দেখা যায়।

v)

## সোচ্চার অতঃপর আনুশকা

বিনোদন ডেস্ক

*রাব নে বানাদি জোড়ি*-তে কোমল চরিত্রে অভিনয় দিয়ে শুরু করেন বলিউড ক্যারিয়ার। কিন্তু বাস্তব জীবনে এতটাও কোমল নন আনুশকা শর্মা। মানে, তিনি অন্যায়ের বিরুদ্ধে ততটাই কঠোর। সেই অন্যায় যখন আর যার বিরুদ্ধেই হোক না কেন, আনুশকা সেই অন্যায়ের বিরুদ্ধে সবসময় সোচ্চার। বি-টাউনে প্রবেশ করার আরো আগেই নিজের মদ্ধে গড়ে তুলেছেন এমন সচেতনতা। বললেন নিজেই।

স্কুল থেকে ফেরার পথে বন্ধুকে এক ব্যক্তি উত্যক্ত করায় চুপ করে থাকেননি আনুশকা। আমার এক বন্ধুকে উত্যক্ত করেছিল বলে এক ব্যক্তিকে বোতল দিয়ে মেরেছিলাম। তারপর ট্র্যাফিক থামিয়ে আমরা আরও লোকজন জোড়ো করেছিলাম এবং ওই ব্যক্তিকে ধরে তারা মেরেছিল, বললেন তিনি।

আনুশকা গর্বভরে জানালেন যে তিনি বড়ই হয়েছেন অন্যায়ের বিরুদ্ধে নিজের কন্ঠস্বর তুলে ধরা ও নিজের মতামত প্রতিষ্ঠা করা শিখে। আনুশকার পরবর্তী সিনেমা *এন এইচ ১০* -এ এমনই কঠোর চরিত্রে দেখা যেতে পারে তাঁকে। মূল চরিত্রে অভিনয়ের পাশাপাশি সিনেমাটি প্রযোজনাও করেছেন তিনি।

©Daffodil International University

vi)

## জাসবার ঐশ্বরিয়ার জন্য ৪০ লাখ রুপির নিরাপত্তা

বিনোদন ডেস্ক

ঐশ্বরিয়া রায় বচ্চন সঞ্জয় গুপ্তার নতুন সিনেমা জাসবার শুটিং শুরু করেছেন, এ তো পুরনো খবর। নতুন খবর হল শুটিং এর সময় সাবেক বিশ্বসুন্দরীর জন্য সঞ্জয় গুপ্তা ব্যয়বহুল কড়া নিরাপত্তার ব্যবস্থা করেছেন। সূত্র জানিয়েছে এর জন্য ইতিমধ্যে সম্ভবত ৪০ লাখ রুপি গুনেছেন তিনি।

শুধুমাত্র ঐশ্বরিয়ার জন্যই ১০-১২ জন দেহরক্ষী নিযুক্ত করা হয়েছে। আর প্রোডাকশনের বাকি সদস্যদের জন্যও নিরাপত্তা ব্যবস্থায় কোনো ফাঁক রাখেননি সঞ্জয়। শুটিং এর সময় ভক্তরা আশেপাশে ভিড়বে এটাই তো স্বাভাবিক ব্যাপার। ঐশ্বরিয়াকে যেন সেসময় নাজেহাল হতে না হয় সেজন্যই এত কড়া নিরাপত্তা। শুটিং চলাকালীন সময়ে যেন ভক্তরা কেউ মুঠোফোন কিংবা ক্যামেরায় ঐশ্বরিয়া অথবা শুটিং এর কোনো ছবি তুলে প্রকাশ করে না দিতে পারে সেই বিষয়টিও নিরাপত্তার আওতায় বিবেচনা করা হচ্ছে। এমনকি ঐশ্বরিয়ার ভ্যানিটি ভ্যানের আশেপাশেও সবসময় নিরাপত্তা কর্মীরা টহল দিচ্ছেন।

বলিউডের আরেক অভিনেতা রনিত রায়ের নিরাপত্তা প্রতিষ্ঠানকে এই নিরাপত্তার দায়িত্ব দেয়া হয়েছে। জাসবার শুটিং হচ্ছে বাণিজ্যিক রাজধানী মুম্বাইয়ের বাইরে। সেখানে ঐশ্বরিয়ার উন্মত্ত ভক্তরা একটু বেশিই ভিড়তে চাইছেন তাঁর কাছে।

vii)

## কিনির হৃদয় দিলেন গাগাকে

বিনোদন ডেস্ক

'ভালবাসা দিবসে সে আমাকে তাঁর হৃদয় দিল। আর আমি হ্যাঁ বললাম।' এই শিরোনামে ইন্সটাগ্রামে একটি ছবি পোস্ট করেছেন লেডি গাগা। ছবিটি তাঁর বাঁ হাতের অনামিকায় পরিহিত হৃদয় আকৃতির একটি আংটির। যেন এটি কিনির হৃদয়। হ্যাঁ, তিনি প্রতিশ্রুতি দিলেন তাঁর দীর্ঘ চার বছরের প্রেমের সম্পর্কটিকে। এই ভালবাসা দিবসে ছেলেবন্ধু টেইলর কিনি তাকে পড়িয়ে দিলেন সেই আংটি।

অতি শীঘ্রই ২৮ বছর বয়সী *চিক টু চিক* খ্যাত গায়িকা লেডি গাগা আর ৩৩ বছর বয়সী *শিকাগো ফায়ার* খ্যাত অভিনেতা টেইলর কিনি বিয়ের পিড়িতে বসতে যাচ্ছেন। সোমবার এমনটাই প্রকাশ করলেন গাগা। তিনি জানান, এমন একজন অভিনেতাকে তিনি বিয়ে করতে যাচ্ছেন যার সাথে গাগার পরিচয় হয় একটি মিউজিক ভিডিও তৈরির সময়, যে ভিডিওতে গাগা তাঁর মায়ের বিয়ের পোশাক পরেছেন। তখনই বুঝতে বাকি রইল না সে অভিনেতা কিনি ছাড়া আর কেউই নয়।

ইউ *অ্যান্ড আই* শিরোনামের ভিডিওটি তৈরি করা হয়েছে ২০১১ সালে যুক্তরাষ্ট্রের নেবরাস্কায়। ভিডিওটিতে অভিনয় করতে গিয়েই কিনির পরিচয় হয় গাগার সাথে।

©Daffodil International University

viii)

## সোনাম-রিয়ার খুশির নতুন রিজন

বিনোদন ডেস্ক

রিয়ার 'রি' আর সোনামের 'সোন' নিয়ে রিজন নামে একটি ফ্যাশন হাউজ চালু করতে যাচ্ছেন বলিউডের ফ্যাশন ডিভা সোনাম কাপুর ও তাঁর ছোট বোন রিয়া কাপুর। সোনাম জানান এটিই তাঁর খুশির নতুন 'রিজন' (কারণ)। এ বছরের সেপ্টেম্বরে তাঁরা দোকানটি চালু করবেন।

এখানে নারীদের জন্য রিজন ব্র্যান্ডের ভারতীয় ও পশ্চিমা ডিজাইনের জামাকাপড় পাওয়া যাবে যেগুলো শুধু উন্নত ফ্যাশনেরই হবে না, হবে গুণগত মানসম্পন্ন, আরামদায়ক এবং সাশ্রয়ী। ৪০০ রুপি থেকে শুরু করে ৪০০০ রুপির উপরেও খরচ করতে পারবেন ক্রেতারা।

একে অপরের সবচেয়ে ভালো বন্ধু হওয়া ছাড়াও সোনামের ফ্যাশন গুরু কিন্তু ছোট বোন রিয়া-ই। বিভিন্ন সময় বিভিন্ন সিনেমায় ও অ্যাওয়ার্ড অনুষ্ঠানে কিংবা যখন যেখানেই যান না কেন সোনামের ফ্যাশন ডিজাইনারের ভূমিকা পালন করেন রিয়া। রিয়া জানান, অনেকদিন ধরেই দুই বোন একসঙ্গে কাজ করছেন *রিজন* চালু করার জন্য। বাবা অনিল কাপুরও মেয়েদের জন্য খুব খুশি। তাই টুইটার বার্তায় লিখেছেন, "গর্ব করার জন্য আরও একটি কারণ পেলাম।"

টাইমস অব ইন্ডিয়া

ix)

## ভালবাসায় বিয়েটা কি হয়েই গেল?

বিনোদন ডেস্ক

ভালবাসা দিবসেই নাকি গাঁট বাধবেন বিয়ের জন্য। এমনটাই প্রকাশ করেছে ব্রিটিশ পত্রিকাগুলো। যুক্তরাজ্যের জনপ্রিয় ধারবাহিক নাটক শার্লক-এ অভিনয়ের জন্য সেরা অভিনেতার মনোনয়ন পেয়েই খান্ত হলেন না বেনেডিক্ট কাম্বারব্যাচ। খুশির ঝুলিটায় মনে হয় গুনে গুনে হাসি ভরছেন। এই ভালবাসা দিবসে বিয়ে করছেন বলে তো জানিয়েই দিয়েছিলেন গেল বছর নভেম্বরে তাঁদের পানচিনির অনুষ্ঠানে।

পাত্রী দ্য ইমিটেশন গেম সিনেমার সহশিল্পী সোফি হান্টার। ১৪ ফেব্রুয়ারি, শনিবারে স্বজন ও বন্ধুবান্ধব নিয়ে যুক্তরাজ্যেই বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করার কথা ছিল। তবে জানুয়ারি মাসে কাম্বারব্যাচ জানিয়েছিলেন একাডেমী অ্যাওয়ার্ড অনুষ্ঠান শেষ না হওয়া পর্যন্ত বিয়েটা পিছিয়েও যেতে পারে। আর *পাম স্প্রিংস ফিল্ম ফ্যাস্টিভাল*-এ মজা করে বলেছিলেন "এক সময়ে এক কাজ।"

ক্যালিফোর্নিয়াতে হানিমুনের উদ্দেশ্যে কিছুদিন থাকার কথা ছিল তাঁদের। কাম্বারব্যাচের খুশির ঝোলার হাসির তালিকা এখানেই শেষ হয়নি। ৩৮ বছর বয়সী কাম্বারব্যাচ ও ৩৬ বছর বয়সী হান্টারের জীবনে শিশু কাম্বারব্যাচ আসছে এই বছরই।

x)

## স্মিথ দম্পতির বিবাহ বিচ্ছেদ!

বিনোদন ডেস্ক

আঠারো বছরের দাম্পত্য জীবন তাদের। হলিউডের সবচেয়ে সফল ও সুখী দম্পতি হিসেবে *আলী* খ্যাত তারকা উইল স্মিথ ও জাডা পিঙ্কেট স্মিথকে অনেকেই আদর্শ মনে করেন। কিন্তু উইল স্মিথ নিজেই নিরবতা ভাঙলেন। জানালেন, তাদের সম্পর্ক অনেক টানাপোড়েনের মধ্য দিয়ে যাচ্ছে।

সম্প্রতি তিনি ছেলে জাডেন স্মিথকে নিয়ে লন্ডনের এক রেস্তোরাঁয় রাতের খাবার খেতে যান। সেখানে সাংবাদিকদের মুখোমুখি হন উইল। তিনি জানান, তাদের বৈবাহিক জীবন অনেকবারই 'মৃত্যু'র স্বাদ গ্রহণ করেছে, অনেক সংগ্রাম করেছে। তাঁর মতে এখন সব কিছু শেষ করে দিতে হবে যেন আবার নতুন করে শুরু করা যায়। এ বক্তব্য দিয়ে তিনি বিবাহ বিচ্ছেদের কথা বোঝাতে চেয়েছেন কিনা তা পরিষ্কার করে কিছু জানা যায়নি।

অপরদিকে জাডাও স্বামীর প্রতি শ্রদ্ধা রেখে বলেন, "উইল আমার কাছে সবকিছু। আমার জীবনে তাঁর মূল্য কতখানি তা বোঝানোর জন্য "আমার স্বামী" কথাটি অনেক ছোট।" স্মিথ দম্পতি তাদের দাম্পত্য জীবনকে সফল ও সুখী করতে নানা নিয়ম-নীতিও প্রয়োগ করেন বলে জানান জাডা।

উইলকে আবার বড় পর্দায় দেখা যাবে অ্যাকশন-থ্রিলার সিনেমা *বাউন্টিতে*। আর জাডাকে দেখা যাবে *ম্যাজিক মাইক এক্সএক্সএল* সিনেমাতে।

ডেইলি মেইল

©Daffodil International University

xi)

## অবশেষে প্রত্যক্ষ স্বীকারোক্তি

বিনোদন ডেস্ক

বলিউডের আনুশকা শর্মা আর ভারতীয় ক্রিকেট দলের বিরাট কোহলি। সবাই স্বীকার করে কী দারুণ জুটি, তাই না? অথচ তাঁরা নিজেরাই ব্যাপারটা এড়িয়ে গেছে সব সময়। বাকিদের মত তাঁরাও বলতেন তাঁদের মধ্যে শুধুই তথাকথিত ভালো 'বন্ধুত্ব'। তবে এবার মুখ খুলেছেন আনুশকা। নিজ মুখেই স্বীকার করলেন প্রেম বিনিময় চলছে দুজনের মধ্যে।

বিটাউনের আলোচিত ম্যাগাজিন ফিল্মফেয়ারের প্রচ্ছদ মডেল হলেন এবার আনুশকা। ম্যাগাজিনের মার্চ মাসের এই ইস্যুতে গায়ে কালো পোশাক, পায়ে উঁচু হিলের কালো জুতা, আর ঠোঁটে গোলাপি লিপস্টিক চড়িয়ে আকর্ষণীয় ভঙ্গিমায় দৃষ্টিরত এই *পিকে* নায়িকার দিকে নজর পড়ার সাথে সাথে গোটা গোটা ওই শব্দগুলোর দিকেও নজর যায়, যেখানে চকচক করছে 'ইয়েস, আই এম ডেটিং বিরাট' অর্থাৎ 'হ্যাঁ, আমি বিরাটের সঙ্গে প্রেম করছি'। ফিল্মফেয়ারকে দেয়া সাক্ষাৎকারে যেহেতু তিনি স্বীকারই করলেন নিজের ভালবাসার কথা, সেহেতু তাঁদের লুকোচুরির দিন এখানেই শেষ।

বেশ কিছুদিন ধরেই বিরাট-আনুশকা জুটি একসঙ্গে ক্যামেরার সামনে আসতে দ্বিধাবোধ করছেন না। আর এবার তো রহস্য সমাধানই হয়ে গেল। বিরাট এখন 'বিশ্বকাপ' কাঁপাচ্ছেন আর আনুশকাকে দেখা যাবে তাঁর পরবর্তী সিনেমা *এন এইচ ১০*, *বোম্বে ভেলভেট* এবং *দিল ধাড়াকনে দো*-তে।

©Daffodil International University

xii)

## গানে দেখা বাংলাদেশ

বিনোদন প্রতিবেদক

নিজের লেখা, সুর করা ও গাওয়া গানে পাঁচ তরুণ দেখিয়ে দিলেন নিজের দেশকে। প্রতিযোগিতার শিরোনাম *তোমার গানে দেখিয়ে দাও বাংলাদেশ*। মূল অনুষ্ঠান *দেখিয়ে দাও বাংলাদেশ*-এ ১৬ জন মুক্তিযোদ্ধাকে সম্মাননা প্রদান করার পর দ্বিতীয় পর্বে এই পাঁচ তরুণকে সম্মানিত করা হয়। নিগার সুলতানা, গাজালা মাহমুদ, জাহিদ আনোয়ার, ফাইজুস মাসুম এবং ফারুক মোস্তাফিজকে অসংখ্য প্রতিযোগীর মধ্য থেকে নির্বাচন করে তাঁদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন সুরকার ফোয়াদ নাসের বাবু।

তাঁদের অসাধারণ সেইসব গানে মিশে আছে দেশমাতৃকার সৌন্দর্য। এমনটাই জানালেন বিচারক ফোয়াদ নাসের বাবু। অনুষ্ঠানশেষে তাঁদের গানের অংশবিশেষ পরিবেশন করা হয়।অনুষ্ঠানটি প্রথম আলো কার্যালয়ের প্রশিক্ষণকক্ষে যৌথভাবে আয়োজন করে এবিসি রেডিও এবং মুঠোফোন প্রতিষ্ঠান রবি। সেখানে উপস্থিত ছিলেন প্রধান অতিথি ডেপুটি স্পিকার মোঃ ফজলে রাব্বী মিয়া, বিশেষ অতিথি মুক্তিযোদ্ধা ও নাট্যব্যক্তিত্ব নাসির উদ্দিন ইউসুফ, মুক্তিযোদ্ধাগণ ও তাঁদের পরিবার এবং আয়োজক প্রতিষ্ঠানসহ আরও অনেকে।

নাসির উদ্দিন ইউসুফ বলেন, 'ইতিহাস কথা বলে না। শিল্প কথা বলে, লেখা কথা বলে, গান কথা বলে।' এই শিল্প, এই গানের মাঝেই তিনি সমৃদ্ধ বাংলাদেশ গড়ার আহবান জানালেন তরুণ প্রজন্মকে।

©Daffodil International University

xiii)

## বক্সারময় বলিউড

বিনোদন ডেস্ক

সন ১৯৮৪। মিঠুন চক্রবর্তী অভিনীত *বক্সার* হলিউডের *রকি* চলচিত্রের অনুকরণে নির্মিত হলেও বলিউড মাতিয়ে দেয়। এরপর হয়তো বক্সিং এর কিছু টুকরো ভূমিকা ভারতীয় চলচিত্রে প্রকাশ পায়। তবে বলিউড কখনো বক্সিং প্রবণ হয়ে ওঠেনি। কিন্তু গেল বছর মেরি কমের ব্যাপক সফলতার পর বলিউড যে বক্সিং প্রবণ হয়ে উঠছে তার প্রমাণ মিলবে আসছে চলচিত্রগুলোতে।

২০১৪ সালের সফল অভিনয়শিল্পী বলতে গেলে নারীরাই। *মেরি কমে* প্রিয়াংকা চোপড়ার পাশাপাশি *হলিডে*-তে সোনাক্ষি সিনহাও খোদ বক্সার বিজেন্দর সিং এর সহায়তায় তুলে নেন বক্সিং গ্লাভস। আর এখন শোনা যাচ্ছে পুরুষরাও পিছিয়ে থাকতে নারাজ। তাই আমির কিংবা সালমান খানের মত বড় তারকারাও বক্সার চরিত্রে অভিনয়ের জন্য নিজেদের প্রস্তুত করছেন। রনবীর কাপুর অনুরাগ কশ্যপ পরিচালিত *বোম্বে ভেলভেটে* অভিনয়ের জন্য যেমন বক্সিং শিখেছেন তেমনি করণ জোহর প্রযোজিত *ব্রাদার্সে* অভিনয়ের জন্য সিদ্ধান্ত মালহোত্রা বক্সিং শেখার পাশাপাশি বক্সিং এর উপর নির্মিত দেশি-বিদেশি সব ধরণের সিনেমা দেখছেন। *ব্রাদার্সে* সিদ্ধান্তের সঙ্গে মূল চরিত্রে বক্সার হিসেবেই আছেন খিলাড়ি অক্ষয় কুমার যার বক্সিং কিংবা অ্যাকশন গুণ বহু আগেই জানা। আমির খান তিন রূপে বক্সার চরিত্রে হাজির হবেন তাঁর পরবর্তী চলচ্চিত্র *দঙ্গল*-এ। আর সল্লু ভাইজানের তো কথাই নেই। দু-দুটি চলচ্চিত্রে বক্সারের চরিত্রে দেখা যাবে তাঁকে। আলী আববাস জাফরের পরিচালনায় *সুলতান*-এ ৪০ বছর বয়সী এক পুরদস্তুর বক্সারের চরিত্র লুফে নিলেন সালমান খান। মজার ব্যাপার হল তিনি আবার অনেকদিন পর সুরজ বারজাতিয়ার *প্রেম রতন ধন পায়ো*-তে দ্বৈত চরিত্রে অভিনয় করবেন যার একটি চরিত্র বক্সারের। আর এর জন্য খুব পরিশ্রম করছেন দাবাং তারকা। দিন রাত এক করে বক্সিং শিখছেন। বলিউডের নতুন 'ট্রেন্ড'- মনে হচ্ছে সবাই-ই বক্সার হতে চান!

বলিউড লাইফ

xiv)

## অবসরে গিসেল

বিনোদন ডেস্ক

মনে হয় হাঁপিয়ে গেছেন। টানা বিশ বছর পৃথিবীর নানা দেশে হেঁটে বেড়িয়েছেন তিনি। পথে নয়, মঞ্চে। র‍্যাম্প মডেলের ওইটাই তো আসল জায়গা। শেষ আট বছর ধরে বিশ্বে সবচেয়ে বেশি পারিশ্রমিক নেওয়া র‍্যাম্প মডেল হিসেবে পরিচিতি পেয়েছেন ৩৪ বছর বয়সী গিসেল বান্ডচেন। আর এখন কিনা তিনি অবসর নিতে চান।

হ্যাঁ, গিসেল বান্ডচেন র‍্যাম্প থেকে অবসর নিচ্ছেন। তবে ফ্যাশন উইক ও রানওয়ে শো এর মত নিয়মিত অনুষ্ঠানগুলোতে অংশগ্রহন না করলেও ক্যারিয়ার এখানেই সমাপ্ত করবেন না ব্রাজিলিয়ান এই মডেল। বিশেষ বিশেষ ক্ষেত্রে কিংবা বড় কোন আয়োজনে তাঁর বিশেষ উপস্থিতি দেখা যাবে। আর গিসেল তাঁর ১ নম্বর স্থান ধরে রাখার জন্য আগের চেয়ে আরও বেশি পরিশ্রম করবেন। বুধবার এক বিবৃতিতে এমন তথ্যই দিলেন তাঁর বোন ও প্রতিনিধি প্যাট্রিশিয়া বান্ডচেন।

ব্রাজিলের এক পত্রিকা জানিয়েছে মধ্য এপ্রিলে গিসেল সাও পাওলো ফ্যাশন উইকে শেষবারের মত অংশ নিতে যাচ্ছেন। জানা গেছে, স্বামী ফুটবল খেলোয়ার টম ব্র্যাডি কিংবা দুই সন্তান বেঞ্জামিন ও ভিভিয়ানকে সময় দেবার জন্য তিনি অবসর নিচ্ছেন না। বরং এই অবসর নিচ্ছেন শীঘ্রই র‍্যাম্পে ফিরে আসার জন্য!

ইয়াহু

©Daffodil International University

xv)

## জাতিসংঘ খুঁজছে খুশির গান

বিনোদন ডেস্ক

জাতিসংঘ বলে 'সুখ সাধনা মানুষের মৌলিক লক্ষ্য'। সুখ মানেই তো হাসি, খুশি, আনন্দ, উচ্ছ্বাস। যে কোনো মুহূর্তে এই বিশেষণগুলো অর্জন করতে গান শোনার বিকল্প কি হয়? আর তাই জাতিসংঘ খুঁজছে সুখের গান, সুখী গান। এই গান যে কোনো দেশের কিংবা যে কোনো ভাষার হতে পারে। শুনলেই যেন মনটা খুশি হয়ে যায়, এমন গান।

সামাজিক যোগাযোগের মাধ্যমে শ্রোতারা তাদের পছন্দের সুখের গানগুলো হ্যাশট্যাগ দিয়ে 'হ্যাপি সাউন্ডস লাইক' লিখে পোস্ট করতে পারেন। ২০ মার্চ আন্তর্জাতিক সুখী দিবসে সেইসব গান নিয়ে একটি বৈশ্বিক সঙ্গীত তালিকা প্রকাশ করবে জাতিসংঘ। সোমবার একটি টেলিভিশন চ্যানেলে এই ঘোষণা দেন জাতিসংঘের মাহসচিব বান কি মুন। তিনি বলেন, বিশ্বের কোটি কোটি মানুষ যারা দারিদ্র্যতায় ভুগছে, যাদের মানবাধিকার লঙ্ঘন হচ্ছে, কিংবা যাদেরকে পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের প্রতিকূল প্রভাব সহ্য করতে হচ্ছে তাদের সঙ্গে একাত্মতা ঘোষণা করে এই দিনে সার্বজনীন ভাষা 'গান' ব্যবহার করা হবে।

এই অভিযানে জাতিসংঘের সঙ্গে কাজ করছেন অস্কার খ্যাত ভারতীয় সঙ্গীত পরিচালক এ আর রহমান এবং আমেরিকান গায়ক জন লেজেন্ড। আর তাঁদের সঙ্গে দলে আছেন ব্রিটিশ গায়ক এড শিরান ও জেমস ব্লান্ট এবং ফরাসি ডিস্ক জকি ডেভিড গেটা, পর্তুগিজ পপ তারকা ডেভিড কারিরা এবং দক্ষিণ আফ্রিকান-আমেরিকান অভিনেত্রী ও মডেল চার্লিজ থেরন। তাঁদেরকে সাহায্য করছেন জাতিসংঘের শান্তি ও শুভেচ্ছার দূতগণ। তাঁরা সবাই মিলে তৈরি করবেন বিশ্বের সবচেয়ে সুখী গানের তালিকাটি।

জাতিসংঘ ২০১২ সালে প্রথমবারের মত ২০ মার্চকে আন্তর্জাতিক সুখী দিবস হিসেবে ঘোষণা করে। গেল বছর ফেরেল উইলিয়ামসের *হ্যাপি* গানটি দিয়ে উদযাপন করা হয় এই দিবস। এবার আপনার পছন্দের গান দিয়েও হতে পারে তা। শুধু সামাজিক যোগাযোগে পোস্ট করা বাকি।

এএফপি ও ইন্ডিয়ান এক্সপ্রেস

©Daffodil International University

xvi)

## নতুন আয়রন ম্যান অ্যালেক্স

বিনোদন ডেস্ক

নতুন আয়রন ম্যান যদি অ্যালেক্স হয় তবে ডাউনি কি মন খারাপ করবেন? মোটেও না। ভক্তের জন্য এতটুকু তো তিনি করতেই পারেন। ভক্তের বয়স ৭। প্রিয় সুপারহিরো আয়রন ম্যান। কিন্তু আয়রন ম্যানের মত স্বাভাবিক হাত নেই তার। অ্যালেক্সের ডান হাতটি অস্বাভাবিক, অবাড়ন্ত। লিম্বিটলেস সল্যুশনস নামের একটি প্রকৌশল প্রতিষ্ঠান অ্যালেক্সের জন্য আয়রন ম্যানের হাতের আদলে একটি থ্রিডি হাত তৈরি করেছে। আর এই নতুন উপহারটি যে ছোট্ট ছেলেটি তার প্রিয় সুপারহিরো আয়রন ম্যানের হাত থেকেই নিবে তা সে কল্পনাতেও কল্পনা করেনি!

খুশিতে পাগল হয়ে যায় অ্যালেক্স যখন আয়রন ম্যানের টনি স্টার্ক অর্থাৎ রবার্ট ডাউনি জুনিয়র একটি চকচকে রূপালি রঙয়ের বাক্সে নতুন উপহারটি নিয়ে তার সঙ্গে দেখা করতে যায়। থ্রিডি হাতটি অ্যালেক্সকে পরিয়ে দিতে গিয়ে ডাউনি বলেন, 'মনে হচ্ছে তোমারটা আমার হাতের চেয়ে বেশি ভালো।' দুইজনে দুইটি থ্রিডি হাত পরে ছবি তুলতে ক্যামেরার সামনে নানা ভঙ্গিও করলেন কিছুক্ষণ। মনে হয় প্রিয় সুপারম্যানকে কাছে পেয়ে এটি অ্যালেক্সের জন্য সবচেয়ে প্রিয় মুহূর্ত হয়ে রইল।

রবার্ট ডাউনি জুনিয়র লিম্বিটলেস সল্যুশনসের সঙ্গে যৌথভাবে কাজ করছেন। সেই সুবাদেই অ্যালেক্সকে খুশি করতে তার সঙ্গে দেখা করেন তিনি। প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা অ্যালবার্ট ম্যানেরো জানান, মারভেল কমিক্সের অনুমতি নিয়েই 'টনি স্টার্ক অনুমোদিত' এই হাত তৈরি করা হয়।

xvii)

## অ্যাকরডিং টু ম্যাথিউ জ্যাকলিনের প্রথম শ্রীলংকান ছবি

বিনোদন ডেস্ক

অস্ট্রেলিয়ার সিডনি বিশ্ববিদ্যালয় থেকে গণযোগাযোগ বিষয়ে স্নাতক লাভের পর নিজ দেশ শ্রীলংকায় কাজ করতেন সাংবাদিক হিসেবে। এরপর মডেল। ২০০৬ সালে যদিও *মিস শ্রীলংকা ইউনিভার্স*-এর খেতাব অর্জন করেন কিন্তু শ্রীলংকার কোন ছবিতে কাজ করা হয়নি। জ্যাকলিন ফারনান্দেজ যেন পুরদস্তুর বলিউডেরই সদস্য বনে গেছেন। কয়েকটি ব্যবসা সফল চলচিত্র দিয়ে নিজের অবস্থানও পাকা করে নিয়েছেন। তবে এবার হয়তো তিনি নিজ দেশের মাটির সুঘ্রান নিচ্ছেন।

একটি ছবি পোস্ট করে ইন্সটাগ্রামে জ্যাকলিন লিখেছেন, 'অ্যাকরডিং টু ম্যাথিউ আসছে শীঘ্রই! #আমার প্রথম শ্রীলংকান ছবি #শ্রীলংকা #সত্য ঘটনা ।' বোঝাই যাচ্ছে তিনি তাঁর প্রথম দেশি চলচিত্রে অভিনয় করেছেন যা শীঘ্রই মুক্তি পেতে যাচ্ছে। ছবিতে জ্যাকলিনের সাথে দেখা যায় শ্রীলংকান অভিনেতা ও সংগীতশিল্পী আলস্টন কোচকে। চলচিত্রের নাম *অ্যাকরডিং টু ম্যাথিউ*।

১৯৭৯ সালে ম্যাথিউ পিয়েরিস নামে কলম্বোর এক ব্যক্তি তার দুই স্ত্রীকে হত্যা করেছিলেন। চলচিত্রটি নির্মাণ হয়েছে সেই সত্য ঘটনা অবলম্বনে। পরিচালনা করেন চন্দ্রন রত্নম। এই চলচিত্র দিয়েই জ্যাকলিন ফারনান্দেজ শ্রীলংকান ফিল্ম ইন্ডাস্ট্রিতে তাঁর যাত্রা শুরু করতে যাচ্ছেন। জ্যাকলিনের সর্বশেষ উপস্থিতি লক্ষ্য করা যায় বলিউডি চলচিত্র *রয়* এবং হলিউডি চলচিত্র *ডেফিনিশন অফ ফিয়ার*-এ। শ্রীলংকান সুন্দরীকে আবার দেখা যাবে অক্ষয় কুমার ও সিদ্ধার্ত মালহোত্রার বিপরীতে তাঁর পরবর্তী চলচিত্র করন যোহর প্রোডাকশনের *ব্রাদার্স*-এ।

©Daffodil International University

xviii)

## জেমির 'হোমে' কেটি হোমস

বিনোদন ডেস্ক

এক বছরের উপরে হয়ে গেল, তাঁরা নাকি একসঙ্গে বেশ সময় কাটাচ্ছেন। হতেই পারে। কেটি হোমস তো আর এখন কেটি ক্রুজ নন। টম ক্রুজের সঙ্গে কবেই বিচ্ছেদ ঘটিয়েছেন। আর তাই 'সিঙ্গেল' জেমি ফক্সের সঙ্গে কি তাঁর বন্ধুত্ব হতে পারে না?

আজকাল নাকি প্রায়ই হোমসকে ফক্সের বাড়ির আশেপাশে তাঁর সঙ্গে ঘন্টার পর ঘন্টা সময় কাটাতে দেখা যায়। অবশ্য এ 'সময় কাটানো' শুধুই বন্ধুত্বের খাতিরে। আর সবার মত তাঁরাও 'খুব ভালো বন্ধু'। এর চেয়ে বেশি কিছু হবেও না। শুরু থেকেই এমনটা বলে আসছেন হলিউডি এই দুই তারকা আর তাঁদের বন্ধুরা। তবে এবার আবার যখন ঘটনা চাড়া দিয়ে উঠেছে, তাঁরা বা তাঁদের প্রতিনিধিরা এ ব্যাপারে কোন মন্তব্য করেননি।

ঘটনা শুরু হয় ২০১৩ সালে, যখন একটি দাতব্য অনুষ্ঠানে ব্যাটম্যান বিগিনস তারকা কেটি হোমস জ্যাংগো আনচেইনড খ্যাত তারকা জেমি ফক্সের সঙ্গে নেচেছিলেন। তখন থেকেই গুজব রটছে কেটি আর জেমির মধ্যে গোপন সম্পর্ক চলছে। জেমি তখনই বলেছিলেন তাঁরা শুধুই ভালো বন্ধু আর প্রেমের সম্পর্কের কথাটি ১০০ ভাগ মিথ্যা। কিন্তু ঘন ঘন দেখা করে, একসঙ্গে সময় কাটিয়ে আবার আলোচনায় আসলেন এই জুটি।

এইস শোবিজ

©Daffodil International University

xix)

## পাঁচ মিনিটেই সব শেষ

বিনোদন ডেস্ক

ভাবা যায়? মাত্র পাঁচ মিনিটেই সব শেষ হয়ে গেল। তাও একটি-দুটি নয়, ১৫ হাজার টিকিট। আগামি ৯ ডিসেম্বর ফ্রান্সে কনসার্ট করবেন আমেরিকান পপ তারকা ম্যাডোনা। সেই উদ্দেশ্যে ৫১ ইউরো থেকে শুরু করে ২০৫ ইউরো মূল্যের ১৫ হাজার টিকিট বরাদ্দ ছিল যা মাত্র পাঁচ মিনিটের মধ্যেই বিক্রি হয়ে যায়। সোমবার এমনটাই জানান কনসার্টের আয়োজকরা।

৫৬ বছর বয়সী এই কিন্নরকণ্ঠী সংগীতশিল্পী বাজারে আনছেন তাঁর নতুন গানের অ্যালবাম। নাম *রেবেল হার্ট*। মূলত নতুন অ্যালবামের প্রচারণার জন্যই তিনি কিছু পরিকল্পনা মাথায় রেখেছেন। ফ্রান্সের কনসার্টটিও এই পরিকল্পনারই অংশ। এর আয়োজন করছে লাইভ ন্যাশন নামের একটি আমেরিকান প্রতিষ্ঠান। ২০১২ সালের পর ম্যাডোনা প্রথমবারের মত ফ্রান্সে অনুষ্ঠান করবেন। এর আগে ২০১২ সালে একটি সুপারইম্পোজড ছবিতে ম্যাডোনা এবং ফ্রান্সের ডানপন্থী রাজনীতিবিদ মেরিন লে পেনকে একসঙ্গে দেখা গেছে। এবার গেল সপ্তাহে একটি ফরাসি টিভি চ্যানেলে দেয়া সাক্ষাৎকারে ম্যাডোনা লে পেনকে গল্প করার জন্য আমন্ত্রণ করলেন। লে পেন আমন্ত্রণ সাদরে গ্রহণ করলেও এখন পর্যন্ত এ ব্যাপারে কোনো আভাস পাওয়া যায়নি।

২৯ আগস্ট থেকে ম্যাডোনা উত্তর আমেরিকা এবং ইউরোপের বেশ কিছু স্থানে *রেবেল হার্টের* প্রচারণার কাজ শুরু করবেন। তাঁর হাতে এখন সর্বমোট ৩৫ টি কনসার্টের কাজ আছে।

©Daffodil International University

xx)

## অসামাজিক পামেলা

বিনোদন ডেস্ক

পামেলা অ্যান্ডারসন যে এতটা অসামাজিক তা হয়তো তাঁর ভক্তরা কেউ কল্পনাই করতে পারেননি। হতাশ হবার কোন কারণ নাই। যখন ইন্টারনেট ছিল না তখনও তারকারা ভক্তদের হৃদয়ে বাস করতে পারতেন। চলচিত্রও তো যোগাযোগেরই মাধ্যম। পামেলা শুধুমাত্র ঘোষণা দিয়ে ইন্টারনেটে সামাজিক যোগাযোগটা বন্ধ করেছেন।

বেওয়াচ খ্যাত হলিউডের এই তারকা শনিবারে টুইটারে ক্ষুদেবার্তা লিখে জানান, 'বিদায় টুইটার, ফেসবুক ও ইন্সটাগ্রাম।' যদিও এর কারণ তিনি জানাননি তবে ভক্তদের উদ্দেশ্যে লিখেছেন এটি ব্যক্তিগত কোন কিছু না। ফেসবুক ও টুইটার অ্যাকাউন্ট বন্ধ করার পর পামেলা ইন্সটাগ্রামের অ্যাকাউন্টটি একদম ব্যক্তিগত করে রেখেছেন।

সংসার জীবনে ঝড় চলছে ৪৭ বছর বয়সী পামেলার। তাই ফেব্রুয়ারির শুরুর দিকেই জানিয়ে দিয়েছেন তৃতীয় স্বামী রিক সলোমনকে তালাক দিতে যাচ্ছেন তিনি। স্বাভাবিকভাবেই বিমর্ষ অবস্থায় আছেন তিনি। বিষণ্ণতা থেকেই সামাজিক যোগাযোগ থেকে পামেলা অব্যাহতি নিলেন কিনা কে জানে। ইন্টারনেটে সামাজিক যোগাযোগ থেকে বিচ্ছিন্ন থাকলেও চলচিত্র থেকে এত সহজে ছুটি নিবেন না পামেলা। তাঁর পরবর্তী সিনেমা *দ্য পিপল গার্ডেন* আছে মুক্তির অপেক্ষায়।

©Daffodil International University

xxi)

## এবার পিসি ১৫ কোটির!

বিনোদন ডেস্ক

আমির খান একটি বিজ্ঞাপনচিত্রে কাজ করার জন্য নিচ্ছেন মাত্র ২ কোটি রুপি পারিশ্রমিক। এ পর্যন্ত পাওয়া খবরে বলিউড তারকাদের মধ্যে বিজ্ঞাপনের জন্য এটাই ছিল সর্বোচ্চ মূল্য। কিন্তু মিস্টার পারফেকশনিস্টকেও ছাড়িয়ে গেলেন বিশ্বসুন্দরী প্রিয়াঙ্কা চোপড়া। তিনি একটি বিজ্ঞাপনচিত্রে কাজ করার জন্য নিচ্ছেন এর চেয়েও মোটা অঙ্ক। তাও আবার আন্তর্জাতিক বিজ্ঞাপন বলে কথা।

বলিউডে রাজত্ব গেড়ে এখন হলিউডেও সাফল্যের বীজ বুনছেন তিনি। নায়িকা থেকে গায়িকা, আন্তর্জাতিক স্বীকৃতি, অতঃপর যুক্তরাষ্ট্রের এক টেলিভিশন অনুষ্ঠানে উপস্থিতি- সব মিলিয়ে মেঘের উপর ভাসছেন তিনি। এবার একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের পণ্যদূত হিসেবে কাজ করছেন তিনি। এই প্রতিষ্ঠান হাতেই ব্যাগ তৈরি করে থাকে। শোনা যাচ্ছে এই বরফি নায়িকা পিসি এই ব্যাগের সব ধরণের বিজ্ঞাপনে (প্রিন্ট এবং বাণিজ্যিক) কাজ করবেন এবং পারিশ্রমিক নিবেন ১৫ কোটি রুপি।

গত মাসেই প্রিয়াঙ্কার সঙ্গে দেখা করে সংশ্লিষ্ট ব্যক্তিরা বিষয়টি চূড়ান্ত করে। তবে কিছু আনুষ্ঠানিকতা এখনও বাকি আছে। প্রিয়াঙ্কা যুক্তরাষ্ট্রে এই পণ্যের দূতিয়ালি করবেন।

©Daffodil International University

xxii)

## নারীর জন্য রানির সম্মাননা

বিনোদন ডেস্ক

বলিউডে ফিল্মফেয়ার থেকে শুরু করে স্টারডাস্ট পর্যন্ত আরও অনেক পুরস্কারের নাম গোনা যায়। কিন্তু *মারদানির* শিবানী শিবাজী রয় চরিত্রের জন্য শুধুমাত্র স্টারডাস্টেরই একটি পুরস্কার বরাদ্দ করা হয়। যদিও মনোনয়ন পাওয়া হয়েছে বহুবার কিন্তু লাভ হল ওই একবারই। এবার শিবানী চরিত্রের জন্য নয় বরং নিজের অবদানের জন্যই বলিউডের অন্যতম অভিনেত্রী রানি মুখার্জী পেতে যাচ্ছেন ভারতের জাতীয় পুরস্কার। বহুদিন ধরেই রানির ক্যারিয়ারে ধবস চলছে। এবার হয়তো ভাগ্য খুলেছে এই বাঙালি নারীর।

মারদানির বরাতেই তবে মোটেও এই সিনেমায় অভিনয়ের জন্য শ্রেষ্ঠ অভিনেত্রীর জাতীয় পুরস্কার পাচ্ছেন না তিনি। মারদানি সিনেমায় কন্যা শিশু ও নারীদের নিরাপত্তার বিষয়টি যেভাবে তুলে ধরা হয়েছে তা খুব জোড়ালোভাবেই বিচারকদের দৃষ্টি আকর্ষণ করেছে। আর এই বিষয়টি নিয়ে কাজের অবদানের স্বীকৃতি দিতেই জুরি বোর্ড রানি মুখার্জীকে আমন্ত্রণ করে। রানির মতে জনসাধারণকে সচেতন করার জন্য এই গুরুত্বপূর্ণ বিষয়টি তুলে ধরা অনেক জরুরি ছিল।

পুরস্কার গ্রহন করতে গতকাল রানির রাজধানী দিল্লিতে পৌঁছে যাবার কথা। ৮ মার্চ বিশ্ব নারী দিবস উপলক্ষে ইন্সটিটিউট ফর জেন্ডার জাস্টিস আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এই জাতীয় সম্মাননা গ্রহন করবেন।

©Daffodil International University

xxiii)

# ফ্লু থেকে ফিরে

বিনোদন ডেস্ক

টানা কতগুলো দিন শুধু বিশ্রাম আর বিশ্রাম নিয়েই কেটেছে। সোয়াইন ফ্লু যেন স্থায়ী বসতি গাড়তে বসেছিল ফ্যাশন ডিভার ক্যারিয়ারেও। কিন্তু না, সহজেই হাল ছেড়ে দেবার পাত্র নন বলিউড কন্যা সোনাম কাপুর। রোগটার সঙ্গে রীতিমত লড়াই করে সেরে উঠেছেন নিয়মিত জীবনে ফিরে আসার জন্য। রোগটা তো গেল। এখন কি আর ঘরে বসে থাকা যায়?

ফরাসি প্রসাধনী প্রতিষ্ঠান লরিয়ালের ভারতীয় পণ্যদূত সোনাম। সেই সুবাদে প্রতিষ্ঠানটির আয়োজনে 'উইমেন অফ ওয়ার্থ' শিরোনামে সম্প্রতি একটি অনুষ্ঠানে যোগ দেন তিনি। সোয়াইন ফ্লু থেকে সেরে উঠে এবারই প্রথম জনসম্মুখে আসলেন এই খুবসুরাত নায়িকা। তাঁর পরনে ছিল হালকা গোলাপি রংয়ের গাউন। আর ঠোঁটে ছিল লাল রঙা হাসি! মনেই হচ্ছিল না যে তিনি মাত্রই অসুখ ঝেরে এসেছেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঐশ্বরিয়া রায়, ক্যাটরিনা কাইফ, হুমা কুরাইশি, গওহর খান, ক্রিকেটার জহির খানসহ আরও অনেকে।

ইন্ডিয়ান এক্সপ্রেস

©Daffodil International University

xxiv)

## উমা কেন হাসেন না?

বিনোদন ডেস্ক

খুব কদাচিৎ হাসতে দেখা যায় তাঁকে। তাও অবশ্যই মুখ বন্ধ করে, দাঁত কেলিয়ে তো কখনই নয়। মুচকি হেসেই হলিউড জিতে নেন অভিনেত্রী উমা থারম্যান। হতাশ ভক্তগণ ভাবেন, অন্তত লাল গালিচায় হাঁটার সময় তো উমা হাসবেন। কিন্তু তাঁদের হতাশই থাকতে হয়। তবে এবার উমা না হাসার কারণটা জানিয়ে দিলেন।

সম্প্রতি দেয়া এক সাক্ষাৎকারে কিল বিল খ্যাত তারকা জানান, যখন তাঁর বয়স দশ বছর তখন কেউ একজন তাঁকে হাসতে দেখে বলেছিলেন তাঁর হাসি নাকি খুব কুৎসিত। সেই থেকে উমা বছরের পর বছর মন খুলে হাসলেনই না। তিনি নিজেও তাঁর হাসিকে বিচ্ছিরি মনে করেন আর মুক্তাঝরা হাসি দিতে বিব্রত বোধ করেন। তাই লাল গালিচায় হাঁটার সময় তিনি খুব কমই হাসেন। কারণ তখন সব ক্যামেরাগুলো যে তাঁর দিকেই তাকিয়ে থাকে।

উমাকে কেউ খিলখিলিয়ে হাসতে দেখেন আর না দেখেন তাঁকে এবার দেখতে পাবেন *দ্য স্ল্যাপ* নামের একটি টেলিভিশন সিরিজে। অবশ্য টেলিভিশনের জন্য করা এটি তাঁর দ্বিতীয় কাজ।

©Daffodil International University

xxv)

## মনোনয়নেই মাতালেন বিলবোর্ড

বিনোদন ডেস্ক

'একটা না একটা পুরস্কার তো পাবই পাব'-এমনটাই হয়তো ভাবছেন খুশিতে আত্মহারা টেইলর সুইফট। ভাবাটাই স্বাভাবিক। একটা, দুইটা কিংবা তিনটা নয়, বিলবোর্ড মিউজিক অ্যাওয়ার্ডের এবারের আসরে এক ডজনেরও বেশি মনোনয়ন পেয়েছেন আমেরিকান এই গায়িকা।

টপ আর্টিস্ট, বিলবোর্ড ২০০ আর্টিস্ট, হট ১০০ আর্টিস্ট, টপ ডিজিটাল সংস আর্টিস্ট, টপ রেডিও সংস আর্টিস্টের মত একটি করে মোট ১৪ টি বিভাগে সর্বোচ্চ মনোনয়ন পেলেন সুইফট। এদিকে টেইলর সুইফটকে ছুঁই ছুঁই করছেন ব্রিটিশ গায়ক স্যাম স্মিথ। সুইফটের মত তিনিও বিভিন্ন বিভাগে মোট ১৩টি মনোনয়ন পেয়েছেন। দুজনের মধ্যে লড়াইটা মনে হয় ভালোই জমবে। দেখা যাক কার পুরস্কারের থলেটা বেশি ঝুলে পড়ে। বলা যায় না, এমনও হতে পারে দুজনকেই শুধু মনোনয়নেই খুশি থাকতে হবে।

মোট ৪১টি বিভাগে স্যাম আর সুইফটের মত একাধিক মনোনয়ন পেয়েছেন অস্ট্রেলিয়ান র‍্যাপার ইগি আজেলি, আমেরিকান কণ্ঠশিল্পী মেগান ট্রেইনর, জন লেজেন্ড, আরিয়ানা গ্র্যান্ডি এবং ফেরেল উইলিয়ামসের মত তারকারা। জনপরিসর, গনমাধ্যম কিংবা সামাজিক যোগাযোগে ভক্তদেরমতামতের উপর ভিত্তি করেই এই তারকাদের মনোনীত করা হয়। ২০১৫ বিলবোর্ড মিউজিক অ্যাওয়ার্ড আসরের চূড়ান্ত অনুষ্ঠানের আয়োজন হবে ১৭মে, লাস ভেগাসের এমজিএম গ্র্যান্ড গার্ডেন এরিনাতে।

ইউএসএ টুডে

xxvi)

## একটি প্রয়াসঃ নক্সী কাঁথার মাঠ

বিনোদন প্রতিবেদক

বৃহস্পতিবার, ১৬ এপ্রিলের পড়ন্ত বিকেল। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মিলনায়তন কক্ষে পল্লী কবি জসীমউদ্দিন রচিত *নক্সী কাঁথার মাঠ* নিয়ে নাটক পরিবেশন করে প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ও ক্রিয়েটিভ টেকনোলজি বিভাগের শিক্ষার্থীরা। তরুণদের মাঝে এখনও যে রয়েছে বাংলা সংস্কৃতির পূর্ণ আবেগ তার প্রমাণ পাওয়া যায় তাদের এই মঞ্চায়নে।

নাটকটি দুই গ্রামের দুই কিষাণ-কিষাণীর বিয়োগান্তক প্রেম কাহিনী নিয়ে রচিত। *নক্সী কাঁথার মাঠ* যেন চিরায়ত পল্লী জীবনের এক সাধারণ প্রতিচ্ছবি। জসীমউদ্দিনের সেই অনবদ্য সৃষ্টি রূপাই ও সাজুর গল্পকে এক ঝাঁক তরুণ মঞ্চ শিল্পীরা যেন জীবন্ত ফুটিয়ে তুলেছে তাদের পরিবেশনায়। এমনটাই প্রতিক্রিয়া জানালেন উপস্থিত দর্শকেরা।

মূল ছন্দ-কাব্য অপরিবর্তিত রেখে বর্ণনাত্মক রীতিতে নাটকটি মঞ্চায়ন করা হয়। শিল্পীদের মেধা দিয়ে কবির লেখা গানের সংগৃহীত সুর উপস্থাপন, নৃত্য, লাইট, পোশাক এবং মঞ্চসজ্জার অভিনব ও সামঞ্জস্যপূর্ণ আয়োজন নাটকটিকে সফল করেছে বলে জানান পরিবেশনার নেপথ্যে থাকা নির্দেশক ও প্রতিষ্ঠানের সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগের শিক্ষক ড তৌফিক ই এলাহী।

©Daffodil International University

xxvii)

## প্রযোজক কিম কারদাশিয়ান

বিনোদন ডেস্ক

'হোয়াই সো সিরিয়াস?' কিম কারদাশিয়ানের চেহারায় যেন এমন ভাবটাই ফুটে উঠে। সব বিষয়ই যেন খুব হালকা ভাবে নিয়ে সহজ সমাধান খুঁজে ফেলেন এই আমেরিকান গণমাধ্যম ব্যক্তিত্ব। তবে এবার তাঁকে একটু 'সিরিয়াস'-ই মনে হচ্ছে। কারণ 'রোগ' জিনিসটা গম্ভীর বিষয়ই বটে। তাও মানসিক রোগ।

না, কিম কারদাশিয়ান মানসিক রোগী নন। তবে তিনি এমন একটি তথ্যচিত্র বানাতে অর্থ লগ্নি করছেন যা মানসিক রোগের পক্ষে সচেতনতা তৈরি করবে। *রেডফ্ল্যাগ* নামের এই তথ্যচিত্রটিতে কিম কারদাশিয়ান আছেন নির্বাহী প্রযোজকের ভূমিকায়। এখানে দেখানো হবে গণমাধ্যম কীভাবে মানসিক রোগাক্রান্ত ব্যক্তিদের চিহ্নিত করতে সাহায্য করে। কিম জানান তিনি মানসিক রোগে আক্রান্তদের সাহায্য করতে চান। তিনি বলেন, 'আমি ভাগ্যবান যে সবসময় পরিবার ও বন্ধুদের সাহচর্যে থাকতে পারি, যারা আমাকে অনেক ভালবাসে। কিন্তু অনেকেই আছেন যারা এমন সমর্থন পান না।' তিনি আরও বলেন বিষণ্ণতা, একাকীত্ব ও বিচ্ছিন্নতার কারণে ২৫ ভাগ প্রাপ্তবয়স্ক আমেরিকান সারাজীবন মানসিক সমস্যায় ভোগেন। এই তথ্যচিত্রের মাধ্যমে তাই আমেরিকাবাসিদের মানসিক রোগ নিয়ে সচেতন করতে চান কিম।

সম্প্রতি আমেরিকান গণহত্যা নিয়েও সচেতনতামূলক কাজ করেছেন কিম কারদাশিয়ান।

ইন্ডিপেনডেন্ট

©Daffodil International University

3. The following writings were done for *Naksha*:

 i)

## চট জলদি সজীব

ঘর থেকে বের হলেই ধুলোর ঝাপটা এসে লাগছে মুখে। উফফ কী বিরক্তিকর! কী আর করা, ফালগুন- ঋতুটাই যে এমন। আর এমন ঋতুতেই ত্বকের বিশেষ যত্ন নিতে হয়, বিশেষ করে মুখের। তা না হলে ব্রণ বা এলারজির মত সমস্যা লেগে থাকবে। ত্বকের যত্ন নিতে অনেকের আবার ঘরে-বাইরে কাজের চাপে সেই সময়-সুযোগ হয়ে ওঠে না। তাই তারা সময় বাঁচাতে ব্যবহার করে থাকেন বাজার থেকে কেনা প্রসাধনী।

কিন্তু সবার ত্বকের জন্য আবার এসব প্রসাধনী ব্যবহারযোগ্য হয় না। নিজের ত্বক না বুঝে অনেকেই ভুল প্রসাধনী ব্যবহার করেন। ফলে ত্বক ক্ষতিগ্রস্ত হয়। তাই রূপ বিশেষজ্ঞরা মনে করেন ঘরে তৈরি ফেস প্যাক বা ক্লিনজারগুলোই ত্বকের যত্নে বেশি উপকারি। আর কাজের চাপে যারা বেশি ব্যস্ত থাকেন তারা অবসরে কিছু ক্লিনজার তৈরি করে ফ্রিজে রেখে বেশ কিছুদিন যেন ব্যবহার করতে পারেন সেই টিপসগুলো দিয়েছেন রূপ বিশেষজ্ঞ ও নভীল্লুস অ্যারোমা স্কিন ট্রিটমেন্ট সেন্টারের প্রধান নির্বাহী পরিচালক আমিনা হক।

- যে কোন ত্বকঃ হাতের কাছে পানি থাকলে কমপক্ষে ১ ঘণ্টা পর পর পানি দিয়ে মুখ ধুয়ে নিতে হবে। ফলে মুখে ধুলো জমতে পারবে না। এছাড়া শশা ও লেবুর রসের সাথে ময়দা মিশিয়ে পেস্ট তৈরি করে ফ্রিজে রেখে দিতে পারেন। ঘর থেকে বের হবার আগে পেস্টটি মুখে ঘষে মুখ ধুয়ে নিন, ময়লা কেটে যাবে।
- তৈলাক্ত ত্বকঃ বাইরে থেকে এসে মুখের ময়লা দূর করতে ব্যবহার করতে পারেন আরেকটি জিনিস। ১ কাপ পরিমাণ বাটা বা ব্লেন্ড করা নিম পাতা ১ লিটার পানির সাথে জ্বাল দিয়ে নিন। ঠাণ্ডা হলে মিশ্রিত নির্যাস দিয়ে মুখ ধুয়ে ফেলুন অথবা নির্যাসটি ফ্রিজে রেখে বরফের কিউব তৈরি করে মুখে ঘষতে পারেন। এছাড়া রোদে পোড়া ভাব দূর করতে ফ্রিজে রাখা টমেটো কেটে মুখে ঘষে নিতে পারেন অথবা মুলার রস ও শঙ্খ গুড়ার মিশ্রণও ফ্রিজে রেখে ব্যবহার করতে পারেন।
- শুষ্ক ত্বকঃ যে কোন বাদাম ও মধুর মিশ্রণে পেস্ট তৈরি করে ফ্রিজে রেখে ব্যবহার করতে পারেন। এই পেস্ট শুষ্ক ত্বককে নরম রাখতে সাহায্য করে। এছাড়া ডিমের কুসুম ও ময়দা একসাথে মিশিয়ে ফেস মাস্ক তৈরি করতে পারেন। মুখে লাগিয়ে ৫-৬ মিনিট পর ধুয়ে ফেলুন। টোনার হিসেবে কমলালেবু কিংবা গাজরের রস তুলার সাহায্যে মুখে লাগাতে পারেন।
- মিশ্র ত্বকঃ ডিমের সাদা অংশ, বেকিং পাউডার ও কর্ণ ফ্লাওয়ার একসাথে মিশিয়ে চট জলদি মিশ্রণ তৈরি করে ক্লিনজার হিসেবে ব্যবহার করুন। ত্বকে রোদের পোড়া ভাব দূর করতে সানস্ক্রিন লোশন বা ক্রিম ব্যবহার করার চেয়ে সানস্ক্রিন পাউডার ব্যবহার করা ভালো। কারণ লোশন বা ক্রিম ব্যবহারে ত্বকে বেশি ধুলো জমতে পারে।

-সৈয়দা সাদিয়া শাহরীন

ii)

# ত্বকচর্চায় মৌসুমি ফল

সৈয়দা সাদিয়া শাহরীন

অনেকে বলেন ফল রূপচর্চায় ব্যবহার না করে খেলেই বরং কাজে দেয়। তাহলে তো আর রূপ চর্চায় ফলের কোনো প্রয়োজনই নেই। সব রূপ বিশেষজ্ঞরাই যত সময় অপচয় করার পরামর্শ দেন! তাই কালক্ষেপণ না করে বাজারে গিয়ে মৌসুমি ফলগুলো কিনে ঘরে নিয়ে আসুন আর গলাধঃকরণ করুন। ব্যাস, তৎক্ষণাৎ পান লাবণ্যময় ত্বক।

কিন্তু সত্যি কথা হলো, ফল খেলে ত্বকের লাবণ্য পাওয়া যায় ধীরে ধীরে কিন্তু তা হয় সবসময়ের জন্য। আর রূপচর্চায় ব্যবহার করলে তা ঝটপট কাজ করলেও স্থায়িত্ব হয় কম। এমনটাই বললেন বারডেম হাসপাতালের জ্যেষ্ঠ পুস্টিবিদ আখতারুন নাহার। তিনি বলেন, ফল খাওয়া এবং রূপচর্চায় ব্যবহার, দুটোই যদি একসঙ্গে করা যায় তবে বেশি ভালো কিন্তু কোনো ফল কিংবা এর রস সরাসরি ত্বকে ব্যবহার না করার পরামর্শ দিলেন তিনি। কেননা ফলের এসিড ত্বক পুড়িয়ে দিতে পারে। তাই ফল কিংবা এর রসের সঙ্গে অন্য কিছু মিশিয়ে রূপচর্চায় ব্যবহার করতে হবে।

এই মৌসুমে যেসব ফল বাজারে পাওয়া যাচ্ছে সেগুলো কীভাবে রূপচর্চায় সাহায্য করতে পারে তার কিছু টিপস দিলেন হারমনি স্পা এর রূপবিশেষজ্ঞ রাহিমা সুলাতানা।

- স্ট্রবেরিঃ স্ট্রবেরি পাল্পের সঙ্গে বেসন অথবা বুটের ডাল বাটা মিশিয়ে মিশ্রণটি ত্বকে লাগাতে পারেন। এই মিশ্রণ তৈলাক্ত ত্বকের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে।
- কমলাঃ ১ চামচ কমলার রসের সঙ্গে ১ চামচ গুড়া দুধ, ১ চামচ আলুর রস এবং পরিমাণমত আতপ চালের গুড়া মিশিয়ে পেস্ট তৈরি করুন। পেস্টটি ত্বকে ১০ মিনিট লাগিয়ে রেখে ধুয়ে ফেলুন। এটিও তৈলাক্ত ত্বকের ভারসাম্য ঠিক রাখে।
- আপেলঃ ১ চামচ আপেল কুচির সঙ্গে ১ চামচ পাকা কলা ও ১ চামচ মধু মিশিয়ে ২০ মিনিট ত্বকে রেখে ধুয়ে ফেলতে হবে। এই মিশ্রণ ত্বকের আর্দ্রতা বজায় রাখে।
- আঙুরঃ ১ চামচ আঙুরের রস, ১ চামচ বেসন ও ১ চামচ টক দই একসঙ্গে মিশিয়ে ১০ মিনিট ত্বকে রাখুন। তারপর ধুয়ে ফেলুন। রোদে পোড়া ভাব দূর করে এই মিশ্রণ। এছাড়া ত্বকের দাগ দূর করে ত্বককে নরম করতেও আঙুরের মিশ্রণ বেশ উপকারি।
- লেবুঃ ১ চামচ লেবুর রস ও ১ চামচ আলুর রসের সঙ্গে ১ চামচ চালের গুড়া মিশিয়ে হাতের কনুইয়ের কালো দাগের উপর ঘষলে কালো দাগ দূর হবে।

রাহিমা সুলতানা আরও জানালেন, ত্বকের যত্নে যখনই কোনো প্যাক ব্যবহার করা হোক না কেন অবশ্যই প্যাক তুলে ত্বকে ময়েশ্চারাইজার লাগাতে হবে।

©Daffodil International University

iii)

## বৈশাখে তকতকে চুল-ত্বক

সৈয়দা সাদিয়া শাহরীন

আয়নার সামনে দাঁড়িয়ে নিশ্চয়ই ভাবছেন, আর তো বেশি দিন বাকি নেই, উৎসব শুরু হল বলে। কিন্তু ত্বকের ওই কালো ছোপ কিংবা রুক্ষ চুল যেন বৈশাখী আমেজের সঙ্গে একদমই বেমানান। তাই বৈশাখ আসার আগেই কিছু না কিছু প্রস্তুতি তো নিতেই হবে। বৈশাখী উৎসবে সজীব থাকা চাই-ই চাই।

এই গরমে রোদে পুড়ে অনেকেরই ত্বকে কালো ছোপ পড়ে গেছে। কারো আবার ঠোঁট কালচে, কারো রাতে ঘুম না হবার ফলে চোখের নিচে পড়েছে কালো দাগ। কেউ ভুগছেন ব্রণের দাগের সমস্যায়। হাতের কনুই কিংবা পায়ের হাঁটুর রংটাও কারো কারো স্বাভাবিক গায়ের রংয়ের চেয়ে একটু বেশিই কালো। কারো হাত-পায়ের আঙুলও হতে পারে কালো। তারা ঘরে বসেই যদি নিয়মিত রূপচর্চা করতে পারেন তবে বৈশাখের আগেই লাবণ্য ফিরে পাবেন। এর জন্য কিছু উপায় বাতলে দিলেন রেড বিউটি স্যালনের রূপবিশেষজ্ঞ আফরোজা কামাল।

- কালো ঠোঁটেঃ গোলাপ ফুলের পাপড়ি এবং মধু একসঙ্গে ব্লেন্ড করে ঠোঁটে লাগিয়ে কিছুক্ষণ রাখুন। তারপর আঙুল দিয়ে ঘষে তুলে ফেলতে পারেন। বেশ কয়েকদিন এভাবে করলে ঠোঁটের কালো আবরণ আস্তে আস্তে উঠে যাবে। এছাড়া বাজারে লিপ এনহেন্সমেন্ট পাওয়া যায়, প্রতিদিন রাতে তা ব্যবহার করতে পারেন।
- কালো চোখেঃ চোখের নিচের কালো দাগ দূর করতে আই এনহেন্সমেন্ট ব্যবহার করা যাবে অথবা শশা ও আলু কুচি করে চোখের উপর কিছুক্ষণ রাখতে পারেন। এছাড়া লাল আঙুরের রসও চোখের কালো দাগ দূর করতে সাহায্য করে।
- মুখ ও হাত-পায়ের কালো ত্বকেঃ ত্বকের কালো দাগ বা পোড়া ভাব দূর করতে তিন ধাপ অবলম্বন করতে হবে। প্রথমে কোনো ম্যাসাজ ক্রিম দিয়ে ম্যাসাজ করে ত্বক নরম নিতে হবে। ক্রিমের পরিবর্তে লোশন অথবা পেট্রোলিয়াম জেলীও ব্যবহার করা যাবে। দ্বিতীয় ধাপে ত্বকে হালকা স্টিম দিতে হবে। গরম পানিতে তোয়ালে ভিজিয়ে ত্বকে চেপে চেপে ধরুন, স্টিমের কাজ হয়ে যাবে। শেষ ধাপে চালের গুড়া, হলুদ গুড়া, মসুর ডালের বেসন, সামান্য লেবুর রস এবং টক দইয়ের মিশ্রণ ত্বকে লাগিয়ে আস্তে আস্তে ম্যাসাজ করুন। ম্যাসাজ করতে সময় নিন ১০-১৫ মিনিট। পানি দিয়ে ধুয়ে ত্বকে ময়েশ্চারাইজার লাগিয়ে নিন। মিশ্রণটি একই সঙ্গে স্ক্রাবার ও প্যাকের কাজ করে। সপ্তাহে ২-৩ দিন নিয়মিত এভাবে চর্চা করলে কালো দাগ দূর হবে।

রুক্ষ চুলের যত্ন কীভাবে নিতে হবে তা-ও বলে দিলেন আফরোজা কামাল। চুলে তেল ম্যাসাজ করে টক দই, পাকা কলা, পাকা পেপে ও মধুর মিশ্রণ ব্যবহার করতে হবে সপ্তাহে ১-৩ দিন। এই প্যাকটি চুলে পুষ্টি যোগাতে সাহায্য করে। তাই শুধু রুক্ষ নয়, যে কোনো ধরনের চুলের জন্য প্যাকটি উপযোগি।

©Daffodil International University

iv)

## শহরের উষ্ণতম দিনে

সৈয়দা সাদিয়া শাহরীন

রোদচশমা, স্কার্ফ কিংবা টুপি আর সঙ্গে একটি ছাতা। ব্যস, হয়ে গেল তো কড়া রোদ থেকে বাঁচার উপায়। আজকাল যা রোদ পড়েছে, এসব জিনিস সঙ্গে না থাকলেই নয়। কিন্তু এতটুকুই কী যথেষ্ট? রোদ কড়া হোক কিংবা হালকা, মৌসুম শীত হোক কিংবা গ্রীষ্ম, সূর্যের তাপ কিংবা অতি বেগুনি রশ্মি সবসময়ই ত্বকের জন্য ক্ষতিকর। অনেকে মনে করেন সূর্যরশ্মি চুলেরও ক্ষতি করে। ধারণাটি ভুল। বরং চুল রোদ থেকে মাথাকে রক্ষা করে।

চুলে অতিমাত্রায় প্রসাধনী ব্যবহারে, চুল স্ট্রেট বা কোকড়া করতে তাপ (হিট) ব্যবহারে এবং ভিটামিনের অভাবেও চুলের ক্ষতি হয়। এমনটাই বললেন শহীদ সোহরাওয়ার্দী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চর্মরোগ বিভাগীয় প্রধান অধ্যাপক রাশেদ মোহাম্মদ খান। তিনি জানালেন রোদ ত্বকের কী ক্ষতি করে।

- রোদ ত্বকে ঘাম সৃষ্টি করে ঘামাচি এবং প্রদাহও সৃষ্টি করে। সূর্যের তাপ থেকে ত্বকে যে প্রদাহ সৃষ্টি হয় তাকে চিকিৎসা বিজ্ঞানে বলে ফটোএলার্জি।
- অনেক সময় রোদের কারণে ত্বকে ফাংগাল ইনফেকশন হয়।
- রোদ থেকে সুরক্ষা পদ্ধতি না নিলে ত্বকে এক্সিমা হতে পারে।
- সূর্যরশ্মি মেলানিনের (কালো রঞ্জক) মাত্রা বাড়িয়ে ত্বকের রং কালো করে দেয়।

রোদে পুড়ে ত্বকের এ ধরণের ক্ষতি এড়াতে কিছু কৌশল অনুসরণ করলে সুস্থ ও স্বাভাবিক ত্বকের অধিকারী হওয়া যায়। অধ্যাপক রাশেদ এর জন্য কিছু সহজ কৌশল বাতলে দিলেন।

- রোদ থাক বা না থাক, দিনের বেলা ঘর থেকে বের হবার ১০-১৫ মিনিট আগে ত্বকে সান স্ক্রিন ব্যবহার করা উচিত। বাজারে এখন সান স্ক্রিন ক্রিম, লোশন, পাউডার, লিপ বাম, স্প্রে ইত্যাদি প্রসাধনী পাওয়া যায়। ত্বক বুঝে সেগুলো ব্যবহার করুন।
- তৈলাক্ত ত্বকের জন্য ম্যাট সান স্ক্রিন ও শুষ্ক ত্বকের জন্য ময়েশ্চারাইজার সমৃদ্ধ সান স্ক্রিন ব্যবহার করতে হবে। আর স্বাভাবিক কিংবা মিশ্র ত্বকের জন্য অল টাইপ স্কিন সান স্ক্রিন ব্যবহার করা যায়।
- ত্বক সবসময় ঠান্ডা ও পরিষ্কার রাখতে হবে। তাই প্রতিদিন ঠান্ডা পানি দিয়ে গোসল করতে হবে। সম্ভব হলে এয়ার কন্ডিশন্ড কক্ষে থাকতে হবে।
- ত্বকের আর্দ্রতা বজায় রাখতেও পানির বিকল্প নেই। দিনে ৩-৪ লিটার পানি আধা গ্লাস করে একটু পরপর পান করতে হবে। এছাড়া যে কোন ফলের রস পান করাও উপকারি।

©Daffodil International University

- রোদ থেকে রক্ষা পেতে প্রসাধনী ব্যবহারে এমনকি রোদে পোড়া ভাব দূর করতে প্রাকৃতিক উপাদান ব্যবহারেও ত্বকের ক্ষতি হতে পারে। এ ধরণের সমস্যা হলে দ্রুত চিকিৎসকের শরনাপন্ন হতে হবে।

ত্বকের ধরণ অনুযায়ী সান স্ক্রিন ব্যবহার করার পরামর্শ দিলেন নভীন'স অ্যারোমা স্ক্রিন ট্রিটমেন্ট সেন্টারের প্রধান নির্বাহী পরিচালক আমিনা হকও। তিনি জানালেন ঘর থেকে বের হবার আগে এবং রোদ থেকে ঘরে এসে ত্বকের যত্ন নিবার উপায়।

- রোদে যাবার আগেঃ ঘর থেকে বের হবার আগে শুধু সান স্ক্রিন ব্যবহার করলেই হবে না, গোসল করে নেওয়া ভালো। পানিতে কয়েক ফোটা পিউর বেঞ্জিন এসেনশিয়াল অয়েল মিশিয়ে গোসল করলে ঘামের দুর্গন্ধ হবে না এবং রোদে ত্বক কালচেও হবে না। চার ঘন্টা পরপর ল্যাভেন্ডার অয়েল সমৃদ্ধ ওয়েট টিস্যু দিয়ে ত্বক মুছে নিতে হবে।
- রোদের পোড়া ভাব দূর করতেঃ যে কোন ত্বকের জন্যই অ্যালোভেরা পেস্ট উপকারি। রাতে টক দই, ডিমের সাদা অংশ ও ময়দার মিশ্রণ ত্বকে লাগানো যেতে পারে। এছাড়া সুজি হালকা ভেজে এর সংগে মধু মিশিয়ে ত্বকে ব্যবহার করা যায়। স্ট্রবেরি, টক দই ও ময়দার মিশ্রণ তৈলাক্ত ত্বকের জন্য ভালো আর শুষ্ক ত্বকের জন্য ব্যবহার করা যাবে দুধের সর, যে কোন বাদাম, মধু ও সামান্য চিনির মিশ্রণ।

যাদের ত্বক পাতলা তাদেরকে নিতে হবে বাড়তি যত্ন। অনেকের পাতলা ত্বক রোদে গেলে অল্পতেই লাল হয়ে যায়। ফলে ত্বকে প্রদাহের সৃষ্টি হয়। লেজার মেডিক্যাল সেন্টার লিমিটেডের ত্বক বিশেষজ্ঞ ডা জাহানারা ফেরদৌস খান জানালেন যাদের ত্বক পাতলা তারা যেন সকাল ১১ টা থেকে দুপুর ৩টা পর্যন্ত যতটা সম্ভব রোদ এড়িয়ে চলেন। আর রোদে বের হলে অবশ্যই যেন ত্বক বুঝে সান ব্লক ব্যবহার করতে হবে এবং সংগে রাখতে হবে ছাতা। বাইরে থাকলে ২ ঘন্টা পরপর ত্বকে সান ব্লক ব্যবহার করতে হবে। কিছু ফেস পাউডারও সান ব্লকের কাজ করে। যাদের ত্বক তৈলাক্ত  তারা এমন পাউডার ব্যবহার করতে পারেন। রোদচশমা এবং হ্যাট জাতীয় বড় টুপি ব্যবহার করতে হবে যেন ম্যালার এরিয়াতে (মুখের চোয়াল ও এর আশেপাশে বিশেষ স্থান) রোদ না লাগে। এরপরও যদি ত্বক লাল হয়ে প্রদাহের সৃষ্টি করে তবে বরফ দিয়ে ত্বকে ঘষতে হবে অথবা ঠাণ্ডা পানির ঝাপটা দিতে হবে। অনেকের ভারি কিংবা কালো ত্বকও অসামঞ্জস্য প্রসাধনী ব্যবহারের ফলে পাতলা হয়ে যায়। সেক্ষেত্রেও চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত।

হারমনি স্পার রূপবিশেষজ্ঞ রাহিমা সুলতানা পরামর্শ দিলেন রোদে মেক আপ বা ফ্যাশন কেমন হতে হয়। ফাউন্ডেশন ব্যবহার না করাই ভালো। জমকালো না সেজে ওয়াটার বেজড ময়েশ্চারাইজার ব্যবহার করতে হবে। অথবা মিনারেল ফেস পাউডারও ব্যবহার করা যায়। হালকা লিপস্টিক ও হালকা আই শ্যাডো আর কাজলই সাজের জন্য যথেষ্ট। চোখে শ্যাডো ব্যবহার না করলেও হয়। মুখ ও ঘাড়ের গড়ন বুঝে চুলে বেণি বা ঝুটি করতে হবে। আর পোশাক পড়তে হবে সুতি, ঢিলেঢালা ও হালকা রঙের।

©Daffodil International University

4. The following writings were written for *Odhuna*:
   i)

## শিশুর টিফিনঃ 'জাঙ্ক ফুড'?

"আমাড় সুধুই কোকোমো খেতে ভালো লাগে, আর কিচ্ছুই না।" টিফিনে কী খেতে ভালো লাগে জিজ্ঞেস করায় ওয়াইডব্লিউসিএ উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নার্সারি পড়ুয়া সাড়ে চার বছর বয়সী ছোট্ট ফারিজাহর এই উত্তর। 'কোকোমো' এক ধরণের চকলেট বিস্কুট, ফারিজাহর অভিবাবক মা জান্নাতুল ফেরদৌস জানালেন। তাঁর অভিযোগ, "প্রতিদিনই বাচ্চাকে বিভিন্নভাবে নতুন নতুন খাবার দিচ্ছি, তবুও খেতে চায় না। শুধু কোকোমো অথবা চিপস খেতে চায়। আর বাচ্চারা শ্রেণীকক্ষ নোংরা করে বলে শিক্ষকরা টিফিনে চিপস কিংবা নুডুলস দিতে বারণ করেন।" এটা হয়তো ফারিজাহর বিদ্যালয়ের নিয়ম। অন্যদেরও কি তা-ই? আর বাকি শিশুরাও কি ফারিজাহর মত? জানতে চাইলাম আরও মায়েদের কাছে।

সাদমান পড়ে সেন্ট জুডস ইন্টারন্যাশনাল স্কুলের কেজি ওয়ানে। সাদমানের মা সাবিহা সুলতানা বললেন ওর পছন্দ চিপস, ফ্রেঞ্চ ফ্রাই, জুস এসব খাবার। আর এগুলো বাসায় তৈরি করে দিলেও খাবে না, বেশিরভাগ সময় দোকান থেকে টিফিন কিনে দিতে হয়। আর পছন্দসই খাবার না দিলে তো সাদমান নাকি টিফিন বক্স খুলেই দেখে না। "পুষ্টিকর খাবার যেভাবেই সাজিয়ে দেয়া হোক না কেন ও খেতে চায় না", বললেন সাবিহা। উম্মে কুলসুমের দুই সন্তান- তাসনুভা তারান্নুম আর কাজী আনিসুজ্জামান। দুজনেই পড়ছে অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলে, মেয়ে ৫ম শ্রেণী এবং ছেলে নার্সারিতে। কুলসুমও করলেন একই অভিযোগ। ওরাও টিফিনে বাসার খাবার খেতে চায় না। কুলসুম বললেন, "ওদেরকে পুষ্টিকর খাবার দিলে তো খাবেই না বরং ক্যান্টিন থেকে আলুর চপ, পুরি, স্যান্ডউইচ, চিপস, জুস এসব কিনে খাবে। আর মাঝে মাঝে একদম ছোট বাচ্চাদের টিফিন খেতে শিক্ষকরা সাহায্য করেন।"

এখন তাহলে একজন শিক্ষকই বলে দিক টিফিনের সময় বিদ্যালয়ের ভেতরের দৃশ্য যখন শিশুর অভিবাবক দৃশ্যমান নন। বাংলাদেশ ইন্টারন্যাশনাল টিউটোরিয়ালের জুনিয়র শাখার শিক্ষক নাজনীন সুলতানা (শ্রেণী শিক্ষক, নার্সারি) বললেন, "বাচ্চারা সবসময়ই টিফিনে খাবার খাওয়া নিয়ে বিরক্ত করে। খেতে চায় না। কিন্তু আমরা যথাসম্ভব চেষ্টা করি তারা যেন ঠিকমত খাবার খায়। যেমন, টিফিন বক্স খুলতে না পারলে খুলে দেই, খেতে সাহায্য করি।" তিনি আরও জানালেন শিশুরা টিফিনে চকলেট ও নাগেটস খুব পছন্দ করে। ঘরের চেয়ে বাইরের খাবারের প্রতিই যে শিশুদের আকর্ষণ বেশি তা ভালোই বোঝা যাচ্ছে। তবে আরও একটি অভিযোগও অভিবাবকগণ যোগ করেছেন- টিফিন পছন্দসই দেয়া হলেও তারা অনেক সময় ঠিকমত খায় না বা খেতে চায় না। কারণ খুঁজতে গেলে ফারিজাহর মা জান্নাতুল ফেরদৌস বললেন, "বেশিরভাগ সময় দেখা যায় ছোট বাচ্চাদের ক্লাস থাকে একটু সকালের দিকে, যেমন সাড়ে সাতটায় কিংবা আটটায়। এর আগে ঘুম থেকে উঠেই ওই সময়টায় কোনো বাচ্চাই সকালের নাস্তা খেতে চায় না। এমন করে টিফিনের সময়টাও পার হয়ে যায় আর তারা না খেয়ে থাকে অন্তত দশটা পর্যন্ত।" আর সাদমানের মা সাবিহা সুলতানা বললেন, "বাচ্চারা ঠিকমত টিফিন না খাওয়ার অনেকগুলো কারণ আছে। অনেক সময় তারা খেলার ধ্যানে থাকে, অনেক সময় টিফিন বক্স খুলতে পারে না, আবার অনেক সময় নিজেরটা রেখে অন্যেরটা ভাগাভাগি করে খায়, এর মধ্যে নিজের টিফিনটা খুলেও দেখে না। আর একই খাবার প্রতিদিন খেতে চায় না।"

©Daffodil International University

ডাঃ ফাহমিদা, বারডেম হাসপাতালের শিশু বিশেষজ্ঞ। তিনিও স্বীকার করলেন যে কম-বেশি সব অভিবাবকদের একই অভিযোগ, বাচ্চারা ঠিকমত টিফিন খেতে চায় না। কারণ ঘরে তৈরি খাবারের চেয়ে বাইরের জুস, চিপস কিংবা এক কথায় বলা যায় 'জাঙ্ক ফুড' ওদের বেশি পছন্দ। ডাঃ ফাহমিদা জানালেন এসব খাবার শুধু শিশুই নয় যে কোনো বয়সের মানুষের ত্বক ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এসব অস্বাস্থ্যকর খাবার গ্রহণ করলে পরবর্তীতে দেহে অতিরিক্ত মেদ জমে উচ্চ রক্তচাপ, হৃদরোগ কিংবা কোলেস্টেরল বৃদ্ধির মত অসুখের ঝুঁকিও বেড়ে যায়। তিনি অভিবাবকদের পরামর্শ দিলেন, "অভিবাবকদের উচিত শিশুকাল থেকেই সন্তানদের ধীরে ধীরে পুষ্টিকর খাবার খাওয়ানোর অভ্যাস করানো। তাদেরকে বুঝাতে হবে বাইরের খাবার কিংবা 'জাঙ্ক ফুড' যে কতটা ক্ষতিকর।"

প্রায় অভিন্ন মত পোষণ করলেন বারডেম হাসপাতালের প্রধান পুষ্টিবিদ আখাতারুন্ন নাহার। তিনি বলেন, "শিশুদেরকে ছোটবেলা থেকেই বুঝাতে হবে যেন বাইরের খাবার না খায়। এসব খাবারের অপকারিতা সম্পর্কে ওদের জানাতে হবে। বাইরের খাবার কিনে না দিয়ে বরং ঘরেই বাইরের খাবারের মত তৈরি করে টিফিন দিতে হবে। আর প্রথমেই অভিভাবকদের উচিত শিশুদেরকে বাইরের খাবারের সাথে পরিচয় না করিয়ে দেয়া এবং শিশুদের হাতে যেন কখনো টাকা না দেয়া হয়। তা না হলে তারা বাইরের খাবার কিনে খাবে।" বিভিন্নভাবে খাবার সাজিয়ে শিশুদের কাছে আকর্ষণীয় করলে শিশুরা পুষ্টিকর খাবারও খেতে চাইবে বলে জানালেন তিনি। স্যান্ডউইচের চেহারাটায় যদি গাজর, টোমেটো আর মটরশুঁটি দিয়ে চোখ, নাক, মুখ বানানো যায় তবে কেমন হয় বলুন তো? কিংবা নুডুলসকে সবজি দিয়ে হাসি মুখ বানিয়ে দিন। অথবা পাউরুটিতে ঘরে বানানো জেলী লাগিয়ে ত্রিকোণ ও চৌকোণ করে কেটে ঘরের আকৃতি দিন। বাইরের জুস পছন্দ? ঘরেই ফলের রস তৈরি করুন স্বাস্থ্যসম্মত রেসিপি দেখে। আপনার সন্তানের পছন্দ অনুযায়ী এমন সব চমৎকার আইডিয়া তো আপনিই বের করে ফেলতে পারেন। শুধু টিফিনেই না, বিকালের নাস্তায় এভাবেই সাজিয়ে দিন তাদেরকে। এমনটাই বলছিলেন আখতারুন নাহার। অনেক মায়েরা অভিযোগ করেন শিশুরা সবজি খেতে চায় না। এক্ষেত্রে পুষ্টিবিদ আখতারুন্ন নাহার কিছু পরামর্শ দিলেন, "সবজি খেতে না চাইলে সবজি সিদ্ধ করে চটকিয়ে বড়া ভেজে দিলে অথবা নুডুলসে মিশিয়ে দিলে বাচ্চারা পছন্দ করবে। মাংসের বদলে বার্গারের রুটির ভেতর সবজির চাপ বানিয়ে দেয়া যেতে পারে। তবে সব রান্নায়ই অতিরিক্ত তেল ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে। আর নুডুলসে টেস্টিং সল্ট (স্বাদ লবণ) ও সয়া সস ব্যবহার না করে একদম সাধারনভাবে রান্না করে তাদেরকে খাওয়ানোর অভ্যাস করাতে হবে প্রথম থেকেই। কেননা টেস্টিং সল্ট ও সয়া সস শিশুদের স্বাস্থ্যের জন্য খুব ক্ষতিকর।" যেসব শিশু মিষ্টি জাতীয় খাবার পছন্দ করে তাদের জন্য বললেন, "গাজরের হালুয়া করে তা জেলীর বিকল্প হিসেবে পাউরুটিতে লাগিয়ে টিফিন তৈরি করা যেতে পারে।" তিনি আরও পরামর্শ দিলেন মায়েরা যেন একটু সচেতন হয়ে একটু কষ্ট করে ঘরেই শিশুর টিফিন তৈরি করে দেন।

সৈয়দা সাদিয়া শাহরীন

©Daffodil International University

ii)

## কাজ দিয়ে প্রমাণ করুন কর্পোরেট দক্ষতা

অফিসে রাজনীতির শিকার হয়েছেন? আরে না ভাই, রাষ্ট্রীয় রাজনীতি নয়। অফিস পলিটিক্স বা কর্মক্ষেত্রে রাজনীতির কথা বলছি। আচ্ছা উদাহরণ শুনুন। মুজাহিদুল ইসলাম একটি প্রতিষ্ঠানের ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অফিসার। অফিসে তাঁর উপরের পদের একজন ব্যক্তিগতভাবে তাকে পছন্দ করেন না বলে তাঁর সাথে ভালো ব্যবহার করেন না। মুজাহিদুল বলছিলেন ভালো কাজ দেখালেও প্রশংসা জোটে না, না জোটে ভালো ব্যবহার। যারা এর শিকার হয়েছেন তাদের বেশিরভাগই এ ধরণের অভিজ্ঞতার কথা সহজে স্বীকার করতে চাননি। মেঘনা ব্যাংক এর প্রিমিয়াম প্রিন্সিপাল অফিসার এটিএম গোলাম সারোয়ার যোগ করলেন আরও কিছু সমস্যা। তিনি প্রথমত বললেন যে কর্মক্ষেত্রে রাজনীতিটা কেউ কারো সামনে করে না। আড়ালে থেকে অনেকেই এমন চর্চা করেন। উপরের পদে যারা থাকেন তাঁরা অনেক সময়ই স্বজনপ্রীতি করে থাকেন। তিনি বললেন, "দেখা যায় কোন প্রতিষ্ঠানের প্রধান তাঁর পরিচিত লোকদের নিয়োগ দিচ্ছেন অথবা যারা তাকে তোষামোদ করে চলেন তাদেরকে নিয়ে কাজ করছেন কিংবা তাদের পদোন্নতি করে দিচ্ছেন। এতে করে অন্যরা মন খারাপ করে ফেলে, হতাশ হয়ে পড়ে, কাজ করার স্পৃহা হারিয়ে ফেলে। অনেক সময় তারা অস্তিত্ব সংকটে ভোগে। আবার যখন নতুনরা অফিসে যোগ দেন তাদের সাথে নিজেদেরকে এক ধরণের হিংসাত্মক প্রতিযোগিতার অংশ হিসেবে কল্পনা করেন।" সারোয়ার আরও বললেন যে অফিসের প্রধান অনেক সময় ব্যক্তিগতভাবে কেউকে পছন্দ না করলে তাকে প্রতিষ্ঠানের অন্য কোন শাখায় অপসারণ করে দেন। এমন ঘটনাও ক্যারিয়ারে ব্যাঘাত ঘটায়। তবে সারোয়ার তাঁর বর্তমান অফিস সংস্কৃতি নিয়ে খুব খুশি বলে জানালেন। তাঁর পূর্ববর্তী চাকুরিতে নেতিবাচক অভিজ্ঞতার কথাও তিনি স্বীকার করলেন।

মোহনা দত্ত কাজ করছেন টার্গেট কর্পোরেশন-এ। তিনি বললেন, "আন্তর্জাতিক কোম্পানিগুলোতে সাধারণত এ ধরণের সংস্কৃতি চর্চা করা হয় না। তবে দেশীয় কোন প্রতিষ্ঠানে এমন হতে পারে। কেননা এখানে পুরোপুরিভাবে কর্পোরেট সংস্কৃতিটা গড়ে উঠেনি।" এ কথা স্বীকার করলেন মুজাহিদুলও। তিনি অভিযোগ করলেন, "কোন প্রতিষ্ঠান যতই বলুক তাদের মানব সম্পদ বিভাগ আছে, কিন্তু তারা কর্মচারীদের সাথে সঠিক ব্যবহারই করে না। আমরা যদি জ্যেষ্ঠদের কাছ থেকে খারাপ আচরণ পাই তাহলে তো আমরাও একদিন আমাদের অনুজদের সাথে একই আচরণ করব। এমনটা আসলে বছরের পর বছর হয়েই আসছে।"

"অন্যকে দোষারোপ করা থেকে বিরত থাকুন" বললেন এসিআই লিমিটেডের মানব সম্পদ বিভাগের ব্যবস্থাপক হাসান তারিক। তিনিও কর্মক্ষেত্রের রাজনীতির কথা অস্বীকার করলেন না তবে কিছু পরামর্শ দিলেন। তিনি বললেন যে কর্পোরেট সংস্কৃতি যেখানে নেই সেখানেই রাজনীতি হয়; বিশেষ করে পারিবারিক প্রতিষ্ঠানগুলোতে। তাই কাজ দিয়েই প্রমাণ করে দিতে হবে নিজের যোগ্যতা। তারিক বলেন, "হতাশ হয়ে গেলে হবে না। হতাশ হয়ে গেলে সামনে আগানো যাবে না। হতাশা নিজেকে আটকে রাখে। অন্যকে দোষ না দিয়ে নিজের কাজটা সঠিকভাবে করুন। আপনাকে কেউ আটকে রাখতে পারবে না।" মুজাহিদুলের সমস্যার সমাধানও তারিকের বক্তব্য পাওয়া যায়। তারিক বললেন, "অফিসের জ্যেষ্ঠদের মানিয়ে চলাটাও এক ধরণের দক্ষতা। জ্যেষ্ঠ ব্যক্তি যদি ভুলও করেন কোন বিষয়ে তবে তাকে বিনয়ের সাথে ব্যাখ্যা করতে হবে। তাকে দোষারোপ করা যাবে না।"

©Daffodil International University

মোহনা দত্ত তাঁর অফিসের সংস্কৃতি নিয়ে বেজায় খুশি। তাঁর অফিসে রাজনীতির নেতিবাচক কোন চর্চা হবার সুযোগই নেই বলে জানালেন তিনি। তাই তিনি এমন কোন অভিজ্ঞতার শিকার হননি। সব প্রতিষ্ঠানগুলো যেন এমনই হয় বলে আশা ব্যক্ত করলেন মোহনা।

সৈয়দা সাদিয়া শাহরীন

©Daffodil International University

# Appendix 2

# Published CoPies of Writing



©Daffodil International University

# কৃতির কীর্তি

বিনোদন ডেস্ক

বক্স অফিসে সাফল্যের মুখ না দেখলেও প্রথম হিন্দি ছবি *হিরোপান্তির* পর তারকা বনে গেছেন অভিনেত্রী কৃতি শ্যানন। ফিল্মফেয়ার পুরস্কারের শেষ আসরে নবাগত অভিনেত্রীর পুরস্কার জিতে তাক লাগিয়ে দিয়েছেন সবাইকে। পরিচালক-প্রযোজকেরা ঠিকই আঁচ করতে পেরেছেন কৃতির তেজ। তাই তো নবাগত এই অভিনেত্রীকে নতুন ছবির প্রস্তাবে ভাসিয়ে দিচ্ছেন তাঁরা। তবে খুব বিচক্ষণভাবে কৃতি বাছাই করছেন তাঁর পরের ছবিগুলো। আর ফিল্মফেয়ার পাওয়ার পর তো তাঁর কদর এখন বলিউডে বেড়ে গেছে আরও একটু।

জানা গেছে, কৃতিকে এখন তারকাদের সান্নিধ্য ছাড়া বড় পর্দায় দেখা যাবে না। সম্প্রতি নাকি তিনি চুক্তিবদ্ধ হয়েছেন *চেন্নাই এক্সপ্রেস* ছবির পরিচালক রোহিত শেঠির নতুন ছবিতে। এতে কৃতিকে দেখা যাবে শাহরুখ আর কাজলের সঙ্গে একই কাতারে। বরুণ ধাওয়ানের বিপরীতে থাকবেন কৃতি। ভারতীয় একটি দৈনিক জানিয়েছে, ক্যাটরিনা কাইফও নাকি থাকছেন এই সিনেমায়। কৃতির ভাগ্যই বটে! ক্যারিয়ারের শুরুতেই বলিউডের সবচেয়ে উজ্জ্বল তারকাদের সঙ্গে কাজ করার সুযোগ পেয়েছেন। একটি সূত্র জানিয়েছে, চলতি বছরের মার্চ মাস থেকে এর শুটিং শুরু হবে।

এরই মধ্যে কৃতি চুক্তিবদ্ধ হয়েছেন অক্ষয় কুমার ও শহীদ কাপুরের বিপরীতে দুটি আলাদা ছবিতে। ফিল্মফেয়ার।



কৃতি শ্যানন

ছবি : গ্ল্যামশ্যাম ডট কম

* **Published on February 4, 2015 in *Binodon***


©Daffodil International University

# অক্ষয়ের মূল্য ক্ষয়!

বিনোদন ডেস্ক

বলিউড তারকা অক্ষয় কুমার নিজেই কমিয়ে দিলেন নিজের দাম! না, এ পতন তাঁর ব্যক্তিত্বের দিক থেকে নয়, পতন ঘটেছে তাঁর পারিশ্রমিকের। পর পর অনেকগুলো ছবি বক্স অফিসে সফল না হওয়ায় হতাশ অক্ষয় এমন সিদ্ধান্ত নিলেন। সম্প্রতি মুক্তি পাওয়া সিনেমা *বেবি* নাম লিখিয়েছে ব্যর্থ ছবির তালিকায়। তাই এ অভিনেতা আর পরিচালক-প্রযোজকদের ক্ষতির কারণ হতে চান না বলেই এমন সিদ্ধান্ত নিয়েছেন।

বলিউডপাড়ায় গুঞ্জন, রাজা কৃষ্ণ মেনন পরিচালিত *এয়ার লিফট* ছবিতে অক্ষয় তাঁর পারিশ্রমিক কমিয়ে অর্ধেক করে ফেলেছন। তাঁর মতে, একটি সিনেমার অভিনেতাই নাকি সবচেয়ে দামি। এর মধ্যে চলচ্চিত্রে বিনিয়োগকারীরা যদি অভিনেতার পেছনেই সব টাকা ঢেলে দেন, আর তারপর যদি সিনেমা ব্যবসা না করে, তখন এর চেয়ে কষ্টের আর কিছুই হয় না। অক্ষয় খুব পাকা ব্যবসায়ী। তিনি কখনোই চান না তাঁর সিনেমার প্রযোজক-পরিচালকেরা ক্ষতির সম্মুখীন হোক। তিনি ছবি বাবদ ২৫ কোটি রুপি পারিশ্রমিক নিয়ে থাকেন। কিন্তু *এয়ার লিফট*-এর জন্য অক্ষয় সাড়ে ১২ কোটি রুপি নিয়েই সন্তুষ্ট রয়েছেন।



আইএএনএস

***Published on February 5, 2015 in *Binodon***

©Daffodil International University

# ২০ মিনিটের নায়িকা!

বিনোদন ডেস্ক ●

নায়িকা বলতে আমরা কী বুঝি? নায়কের সঙ্গে সমানতালে যে নারী চরিত্রকে দেখা যাবে পর্দায়। কিন্তু হালের বলিউড অভিনেত্রীরা যেন সেই সংজ্ঞাই পাল্টে দিয়েছেন। এই যেমন কারিনা কাপুর খান। তাঁর নতুন ছবি *বাজরাঙ্গি ভাইজান*-এ তাঁকে দেখা যাবে সালমানের বিপরীতে। ছবির প্রধান নারী চরিত্র তিনিই। কিন্তু প্রধান হলেও ছবিতে কারিনার উপস্থিতি থাকবে মাত্র ২০ মিনিটের জন্য! দু-একটা গান আর কয়েক লাইন সংলাপেই সীমাবদ্ধ থাকছে কারিনার অভিনয়।

ছবির একটি সূত্র জানায়, মূল নারী চরিত্রে অভিনয় করলেও কারিনাকে শুধুই ছবির শুরুতে আর ক্লাইম্যাক্সের কিছু দৃশ্যে দেখা যাবে। পুরো ছবিতেই থাকবে সালমান খানের আধিপত্য। অবশ্য এতে কারিনার কিছু যায়-আসে না। এই কাপুরকন্যা এ ধরনের ছবিতেই অভিনয় করতে স্বাচ্ছন্দ্য বোধ করেন। শেষ ছবি *সিংহাম রিটার্নস*-এও কারিনার একই অবস্থা ছিল। ডিএনএ ইন্ডিয়া।



কারিনা কাপুর খান ● ছবি : বলিউড লাইফ

***Published on February 7, 2015 in *Binodon***




এ তো ছোট্ট নমুনা। গতকাল এয়ারটেলের নতুন টেলিছবি *মাংকি বিজনেস*-এর প্রিমিয়ার শো শুরু হয় নির্মাতা ও অভিনয়শিল্পীদের বিশাল এক সেলফি দিয়ে। মূল সেলফি নয়, আমাদের ক্যামেরায় ধরা পড়ল টেলিছবির প্রধান দুই অভিনেতা তামিম মৃধা ও সাবিলা নূরের তোলা সেলফি-ভঙ্গি ● ছবি : প্রথম আলো

***Published on February 12, 2015 in *Binodon***

©Daffodil International University

# নিরাপত্তার দাম ৪০ লাখ!

বিনোদন ডেস্ক

লম্বা বিরতি শেষে ঐশ্বরিয়া রাই বচ্চন ফিরলেন চলচ্চিত্রে। শুরু হলো তাঁর ছবি *জাজবার* শুটিং। তাঁর এই প্রত্যাবর্তনকে ঘিরে বলিউড এখন সরগরম। আকুল তাঁর ভক্তরাও। সবার এই ব্যাকুলতা দেখে ছবির পরিচালক খানিকটা চিন্তিত। এত উৎসাহের প্রভাব না জানি পড়ে ছবির শুটিংয়ে! এ জন্যই শুটিং নির্বিঘ্ন আর ছবির নায়িকাকে নিরাপদে রাখতে পরিচালক সঞ্জয় গুপ্ত নিরাপত্তাব্যবস্থার জন্য খরচ করলেন ৪০ লাখ রুপি।

গত মাসেই শুরু হয় *জাজবা* ছবির শুটিং। একটি সূত্র জানিয়েছে, শুটিং শুরু হওয়ার এক মাস না পেরোতেই সঞ্জয় গুপ্ত নিরাপত্তা বাবদ খরচ করে ফেলেছেন ৪০ লাখ রুপি। এ খরচের সিংহভাগই নাকি ঐশ্বরিয়ার জন্য করা। কারণ সঞ্জয় চান না, পাঁচ বছর পর চলচ্চিত্রে ফেরা অ্যাশ কোনোভাবেই নিরাপত্তাহীনতা অনুভব করুক। তাই সঞ্জয় শুধু ঐশ্বরিয়ার জন্যই ১০ থেকে ১২ জন দেহরক্ষী নিয়োগ করেছেন। মোদ্দাকথা, সঞ্জয় তাঁর নায়িকাকে সত্যিকার অর্থেই ঢেকে রাখছেন নিরাপত্তার চাদরে। ভক্তরা তো দূরে থাক, শুটিং ইউনিটের কোনো লোকজনও সহজে ভিড়তে পারছে না অ্যাশের আশপাশে। ডেইলি ভাস্কর



ঐশ্বরিয়া রাই বচ্চন
ছবি : সুলেখা ডট কম

*Published on February 11, 2015 in *Binodon*

©Daffodil International University

# বিয়েটা কি হয়েই গেল?

বিনোদন ডেস্ক

ভালোবাসা দিবসে নাকি গাঁটছড়া বাঁধবেন—এমনটাই প্রকাশ পেয়েছে আন্তর্জাতিক গণমাধ্যমে। কিন্তু *শার্লক*খ্যাত বেনেডিক্ট কাম্বারব্যাচ এখনো মুখ খুলছেন না নিজের বিয়ে নিয়ে। হবু স্ত্রী সোফি হান্টারকে নিয়ে চলে গেছেন একেবারে লোকচক্ষুর অন্তরালে। এ জন্যই বিয়ের গুঞ্জনটা আরও পাকাপোক্ত হয়েছে।

গেল বছরের নভেম্বরে আংটি বদল হয় কাম্বারব্যাচ ও সোফির। তাঁদের পরিবারের এক ঘনিষ্ঠজন জানান, ১৪ ফেব্রুয়ারি স্বজন ও বন্ধুবান্ধব নিয়ে যুক্তরাজ্যেই বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেছেন। এরপর ক্যালিফোর্নিয়ায় হানিমুনের উদ্দেশ্যে রওনা দেওয়ার কথা রয়েছে তাঁদের।

তবে গত জানুয়ারি মাসে কাম্বারব্যাচ জানিয়েছিলেন, একাডেমি অ্যাওয়ার্ড অনুষ্ঠান শেষ না হওয়া পর্যন্ত বিয়ে পিছিয়েও যেতে পারে। পিপল ম্যাগাজিন



সোফি হান্টার ও বেনেডিক্ট কাম্বারব্যাচ
ছবি : জাস্টে জারেড

***Published on February 15, 2015 in *Binodon***

©Daffodil International University

# গাগাকে হৃদয় দিলেন কিনি

বিনোদন প্রতিবেদক

'ভালোবাসা দিবসে সে আমাকে তার হৃদয় দিল। আর আমি "হ্যাঁ" বললাম!' এই শিরোনামে ইনস্টাগ্রামে একটি ছবি পোস্ট করেছেন লেডি গাগা। তাতে দেখা যায়, তাঁর বাঁ হাতের অনামিকায় চকচক করছে হৃদয় আকৃতির একটি হীরার আংটি। গাগার ভাষায়, এটাই কিনির হৃদয়।

এবারের ভালোবাসা দিবসে এই হীরার হৃদয় দিয়ে আংটি বদল হলো লেডি গাগা ও টেইলর কিনির। সেই সঙ্গে আরও জানা গেল, খুব শিগগির তাঁরা বিয়ের পিঁড়িতে বসতে যাচ্ছেন।

গত সোমবার গাগা ঘোষণা দেন, এমন একজন অভিনেতাকে তিনি বিয়ে করতে যাচ্ছেন, যাঁর সঙ্গে তাঁর পরিচয় হয় একটি মিউজিক ভিডিও তৈরির সময়। ওই ভিডিওতে গাগা তাঁর মায়ের বিয়ের পোশাক পরেছিলেন। গাগাভক্তদের তখনই বুঝতে বাকি রইল না যে সেই অভিনেতা কিনি ছাড়া আর কেউ নন। এএফপি



টেইলর কিনি ও লেডি গাগা
ছবি : মেলটি ডট কম

*Published on February 18, 2015 in *Binodon*

©Daffodil International University

সন্তান পালন



বাচ্চার টিফিনে বাড়িতে বানানো খাবার দিতে হবে। ছবি : অধুনা

# শিশুর টিফিনে কী দেবেন?

শিশুর খাওয়া নিয়ে বায়নাক্কার শেষ নেই। মা-বাবা এ নিয়ে চিন্তিতও থাকেন বেশ। শিশুর ইচ্ছার সঙ্গে মিলিয়ে তাকে খাওয়ানো অনেক সময় কষ্টসাধ্যই। স্কুলের টিফিন হলে তো কথাই নেই। মা-বাবা দুজনেই মিলে ভাবেন, শিশু স্কুলে গিয়ে কী খাবে?

ঢাকার ওয়াইডব্লিউসিএ উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নার্সারির ছাত্রী ফারিজাহের মা-বাবারও এমন পরিস্থিতিতে পড়তে হয়। তাঁদের কথা, 'ফারিজাহ যেসব খাবার খেতে পছন্দ করে, সেগুলো জাঙ্ক ফুড। আমরা চাই না ও সেগুলো প্রতিদিন টিফিন হিসেবে নিয়ে যাক। নিত্যনতুন খাবার বাসা থেকে বানিয়ে দিলেও তেমন একটা খায় না। কী করব বুঝতে পারি না।'

**সবজি খেতে না চাইলে সবজি সেদ্ধ করে চটকিয়ে বড়া ভেজে দিলে বা নুডলসে মিশিয়ে দিলে বাচ্চারা পছন্দ করবে। মাংসের বদলে বার্গারের রুটির ভেতর সবজির চপ বানিয়ে দেওয়া যেতে পারে**

সাদমান পড়ে ঢাকার সেন্ট জুডস ইন্টারন্যাশনাল স্কুলের কেজি ওয়ানে। সাদমানের মা সাবিহা সুলতানার কাছ থেকে জানা গেল ওর পছন্দ চিপস, ফ্রেঞ্চ ফ্রাই, জুস—এসব খাবার। আর এগুলো বাসায় তৈরি করে দিলেও খায় না। বেশির ভাগ সময় দোকান থেকে টিফিন কিনে দিতে হয়। আর পছন্দসই খাবার না দিলে তো সাদমান নাকি টিফিন বক্স খুলেই দেখে না। সাদমানের বাবা মশিউর রহমানও একই কথা বললেন। তিনি সাদমানকে বেশির ভাগ দিন স্কুলে নিয়ে যান। ফলে কী টিফিন নিল তা জেনে নেন। কিন্তু স্কুলে যাওয়ার পথে সাদমান বাইরের খাবারের জন্য বায়না করে।

ঢাকার বারডেম জেনারেল হাসপাতালের প্রধান পুষ্টিবিদ আখতারুন নাহার আলোর সঙ্গে কথা হয় এ বিষয়ে। তিনি বলেন, শিশুদের বোঝাতে হবে যেন বাইরের খাবার না খায়। এসব খাবারের অপকারিতা সম্পর্কে ওদের জানাতে হবে। বাইরের খাবার কিনে না দিয়ে বরং ঘরেই বাইরের খাবারের মতো টিফিন তৈরি করে দিতে হবে। মা-বাবার উচিত নয় বাইরের খাবারের সঙ্গে ওকে পরিচিত করানো। মাঝেমধ্যেই বাইরে খেতে যাওয়ার অভ্যাস বা শিশু বায়না করলেই বাইরের খাবার কিনে দেওয়া ঠিক নয়। স্কুলে শিশুকে টিফিন খাওয়ার জন্য টাকা দেওয়া ঠিক নয়। এতে সে বাইরের খাবার কেনার প্রতি উৎসাহী হবে।

বিভিন্নভাবে খাবার সাজিয়ে শিশুদের কাছে আকর্ষণীয় করে তুললে শিশুরা পুষ্টিকর খাবারও খেতে চাইবে। স্যান্ডউইচের চেহারাটায় গাজর, টমেটো আর মটরশুঁটি দিয়ে চোখ, নাক, মুখ বানিয়ে দিতে পারেন। নুডলসে সবজি দিয়ে হাসিমুখ বানিয়ে দিন। অথবা পাউরুটিতে ঘরে বানানো জেলি লাগিয়ে তিন বা চারকোনা করে কেটে ঘরের আকৃতি দিতে পারেন। ঘরেই ফলের রস তৈরি করুন স্বাস্থ্যসম্মত রেসিপি দেখে। আপনার সন্তানের পছন্দ অনুযায়ী এমন সব চমৎকার আইডিয়া তো আপনিই বের করে ফেলতে পারেন। শুধু টিফিনেই না, বিকেলের নাশতাও এভাবে সাজিয়ে দিন তাদের।

অনেক মা অভিযোগ করেন, শিশুরা সবজি খেতে চায় না। এ ক্ষেত্রে আখতারুন নাহার কিছু পরামর্শ দিলেন, সবজি খেতে না চাইলে সবজি সেদ্ধ করে চটকিয়ে বড়া ভেজে দিলে বা নুডলসে মিশিয়ে দিলে বাচ্চারা পছন্দ করবে। মাংসের বদলে বার্গারের রুটির ভেতর সবজির চপ বানিয়ে দেওয়া যেতে পারে। তবে কোনো রান্নাতেই অতিরিক্ত তেল ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে। আর নুডলসে স্বাদলবণ (টেস্টিং সল্ট) ও সয়া সস ব্যবহার না করে একদম সাধারণভাবে রান্না করে তাদের খাওয়ানোর অভ্যাস করাতে হবে প্রথম থেকেই। কেননা, টেস্টিং সল্ট ও সয়া সস শিশুদের স্বাস্থ্যের জন্য খুব ক্ষতিকর।

যেসব শিশু মিষ্টিজাতীয় খাবার পছন্দ করে তাদের জন্য আখতারুন নাহার বললেন, গাজরের হালুয়া করে তা জেলির বিকল্প হিসেবে পাউরুটিতে লাগিয়ে টিফিন তৈরি করা যেতে পারে।

গ্রন্থনা : সৈয়দা সাদিয়া শাহরীন

***Published on February 18, 2015 in *Odhuna***

©Daffodil International University



# সোনমের খুশির নতুন 'রিজন'

বিনোদন ডেস্ক

রিয়ার 'রি' (Rhe) আর সোনমের 'সোন' (Son) নিয়ে 'রিজন' (Rheson) নামের একটি ফ্যাশন লাইন চালু করতে যাচ্ছেন বলিউডের ফ্যাশন ডিভা সোনম কাপুর ও তাঁর ছোট বোন রিয়া কাপুর। সোনম জানান, এটি তাঁর খুশির নতুন 'রিজন' (কারণ)! এ বছরের সেপ্টেম্বরে তাঁরা চালু করবেন এই পোশাকের ব্যবসা।

রিজন ব্র্যান্ডে মিলবে নারীদের জন্য ভারতীয় ও পশ্চিমা নকশার পোশাক। রিয়া জানান, তাঁদের পোশাকগুলো শুধু আধুনিক নকশারই হবে না, হবে গুণগত মানসম্পন্ন, আরামদায়ক ও সাশ্রয়ী। মাত্র ৪০০ থেকে শুরু করে ৪০০০ রুপির ওপরের পোশাকও থাকবে রিজনে।

দুই বোনে যেমন গভীর বন্ধুত্ব, তেমনি একে অপরের ফ্যাশন-গুরু হিসেবেও কাজ করে থাকেন সব সময়। বিশেষ করে সোনমকে তো প্রায়ই রিয়া ফ্যাশন টোটকা দিয়ে থাকেন। আর সোনম বোনের সেই টোটকা মেনে চলেন প্রতি পদে। রিয়া জানান, অনেক দিন ধরেই দুই বোন একসঙ্গে কাজ করছেন 'রিজন' ব্র্যান্ডটি চালু করার জন্য।

বাবা অনীল কাপুরও মেয়েদের জন্য খুব খুশি। তাই টুইটার বার্তায় লিখেছেন, 'গর্ব করার জন্য আরও একটি "কারণ" পেলাম।'

টাইমস অব ইন্ডিয়া

সোনম কাপুর
ছবি: ইন্ডিয়ান সিনেমা গ্যালারি

***Published on February 19, 2015 in *Binodon***

©Daffodil International University

# স্মিথ-সংসারে ঝড়!

বিনোদন ডেস্ক

১৮ বছরের দাম্পত্য জীবন তাঁদের। হলিউডের সবচেয়ে সফল ও সুখী দম্পতি হিসেবে আলীখ্যাত তারকা উইল স্মিথ ও জাডা পিঙ্কেট স্মিথকে অনেকেই আদর্শ মনে করেন। কিন্তু উইল স্মিথ নিজেই নীরবতা ভাঙলেন। জানালেন, তাঁদের সম্পর্ক অনেক টানাপোড়েনের মধ্য দিয়ে যাচ্ছে।

সম্প্রতি উইল ছেলে জাডেন স্মিথকে নিয়ে লন্ডনের এক রেস্তোরাঁয় রাতের খাবার খেতে যান। সেখানে সাংবাদিকদের মুখোমুখি হন তিনি। উইল জানান, তাঁদের বৈবাহিক জীবন অনেকবারই 'মৃত্যু'র স্বাদ গ্রহণ করেছে। একে আবার জিইয়ে তুলতে অনেক সংগ্রাম করতে হচ্ছে তাঁদের। তাঁর মতে, এসব কিছু দ্বিধাদ্বন্দ্বে ইতি টানার সময় হয়ে গেছে। কারণ, উইল আবার নতুন করে সবকিছু শুরু করতে চান। তবে এ বক্তব্য দিয়ে তিনি বিবাহবিচ্ছেদের ইঙ্গিত দিচ্ছেন কি না, তা পরিষ্কার করেননি।

অন্যদিকে জাডাও স্বামীর প্রতি শ্রদ্ধা রেখে বলেন, 'উইল আমার কাছে সবকিছু। আমার জীবনে তাঁর মূল্য কতখানি, তা বোঝানোর জন্য "স্বামী" কথাটি অনেক ছোট মনে হয়।' ডেইলি মেইল



উইল ও জাডা পিঙ্কেট স্মিথ
ছবি : ই অনলাইন

***Published on February 20, 2015 in *Binodon***

©Daffodil International University

# চটজলদি ত্বকের যত্ন

রূপ নকশা

ঘর থেকে বের হলেই ধুলার ঝাপটা এসে লাগছে মুখে। উফ্, কী বিরক্তিকর! কী আর করা, বসন্ত ঋতুটাই যে এমন। এমন ঋতুতেই ত্বকের বিশেষ যত্ন নিতে হয়, বিশেষ করে মুখের। তা না হলে ব্রণ বা অ্যালার্জির মতো সমস্যা লেগে থাকবে। অনেকের আবার ঘরে-বাইরে কাজের চাপে ত্বকের যত্ন নেওয়ার সুযোগ হয়ে ওঠে না। তাই তাঁরা সময় বাঁচাতে ব্যবহার করে থাকেন বাজার থেকে কেনা প্রসাধনী।

কিন্তু সবার ত্বকের জন্য আবার ওই সব প্রসাধনী ব্যবহারযোগ্য হয় না। নিজের ত্বক না বুঝে অনেকেই ভুল প্রসাধনী ব্যবহার করেন। ফলে ত্বক ক্ষতিগ্রস্ত হয়। তাই রূপ বিশেষজ্ঞরা মনে করেন, ঘরে তৈরি ফেস প্যাক বা ক্লেনজারগুলোই ত্বকের যত্নে বেশি উপকারী। কাজের চাপে যাঁরা বেশি ব্যস্ত থাকেন, তাঁরা অবসরে কিছু প্রাকৃতিক ক্লেনজার বা ফেসপ্যাক তৈরি করে ফ্রিজে রেখে বেশ কিছুদিন ব্যবহার করতে পারেন। এসব তৈরির পদ্ধতি জানিয়েছেন রূপ বিশেষজ্ঞ ও নভীন'স অ্যারোমা স্কিন ট্রিটমেন্ট সেন্টারের প্রধান নির্বাহী পরিচালক আমিনা হক।

**স্বাভাবিক ত্বক**

হাতের কাছে পানি থাকলে কমপক্ষে এক ঘণ্টা পর পর পানি দিয়ে মুখ ধুয়ে নিতে হবে। ফলে মুখে ধুলা জমতে পারবে না। এ ছাড়া শশা ও লেবুর রসের সঙ্গে ময়দা মিশিয়ে পেস্ট তৈরি করে ফ্রিজে রেখে দিতে পারেন। ঘর থেকে বের হওয়ার আগে পেস্টটি মুখে ঘষে মুখ ধুয়ে নিন, ময়লা কেটে যাবে।

**তৈলাক্ত ত্বক**

বাইরে থেকে এসে মুখের ময়লা দূর করতে ব্যবহার করতে পারেন এই প্যাক। ১ কাপ পরিমাণ বাটা বা ব্লেন্ড করা নিমপাতা এক লিটার পানির সঙ্গে জ্বাল দিয়ে নিন। ঠান্ডা হলে মিশ্রিত নির্যাস দিয়ে মুখ ধুয়ে ফেলুন অথবা নির্যাসটি ফ্রিজে রেখে বরফের কিউব তৈরি করে মুখে ঘষতে পারেন। এ ছাড়া রোদে পোড়া ভাব দূর করতে ফ্রিজে রাখা টমেটো কেটে মুখে ঘষে নিতে পারেন অথবা মুলার রস ও শঙ্খ গুঁড়ার মিশ্রণও ফ্রিজে রেখে ব্যবহার করতে পারেন।

**শুষ্ক ত্বক**

যেকোনো বাদাম ও মধুর মিশ্রণে পেস্ট তৈরি করে ফ্রিজে রেখে ব্যবহার করতে পারেন। এই পেস্ট শুষ্ক ত্বক নরম রাখতে সাহায্য করে। এ ছাড়া ডিমের কুসুম ও ময়দা একসঙ্গে মিশিয়ে ফেস মাস্ক তৈরি করতে পারেন। মুখে লাগিয়ে পাঁচ থেকে ছয় মিনিট পর ধুয়ে ফেলুন। টোনার হিসেবে কমলালেবু কিংবা গাজরের রস তুলার সাহায্যে মুখে লাগাতে পারেন।


**মিশ্র ত্বক**

ডিমের সাদা অংশ, বেকিং পাউডার ও কর্নফ্লাওয়ার একসঙ্গে মিশিয়ে চটজলদি মিশ্রণ তৈরি করে ক্লেনজার হিসেবে ব্যবহার করুন। ত্বকে রোদের পোড়া ভাব দূর করতে সানস্ক্রিন লোশন বা ক্রিম ব্যবহার করার চেয়ে সানস্ক্রিন পাউডার ব্যবহার করা ভালো। কারণ, লোশন বা ক্রিম ব্যবহারে ত্বকে বেশি ধুলা জমতে পারে।

● সৈয়দা সাদিয়া শাহরীন

***Published on February 24, 2015 in *Naksha***

©Daffodil International University



# মারমুখী আনুশকা

বিনোদন ডেস্ক

প্লাস্টিক সার্জারির পর বিগড়ে যাওয়া ঠোঁট নিয়ে অনেক বিরূপ মন্তব্য শুনতে হয়েছে আনুশকা শর্মাকে। এরপর বিরাট কোহলির সঙ্গে প্রেম নিয়ে অনেক বাঁকা কথা সহ্য করেছেন তিনি। এসব বিষয় এখন গা-সওয়া হয়ে গেছে আনুশকার কাছে। কিন্তু একটি বিষয় এখনো সহজভাবে নিতে পারেন না আনুশকা, আর তা হলো 'টিজিং' বা উত্ত্যক্ত করা। আশপাশে কোনো মেয়েকে যদি কেউ উত্ত্যক্ত করে, তাতেই মাথায় রাগ চড়ে যায় এই *পিকে* নায়িকার। সম্প্রতি এক সাক্ষাৎকারে জানালেন, একবার তাঁর রাগ এতটাই মাথায় চড়ে গিয়েছিল যে শেষ নাগাদ মারমুখী হয়েছিলেন তিনি।

ঘটনাটি ছোটবেলার। সে সময় স্কুলে পড়তেন আনুশকা। বললেন, 'আমার এক বন্ধুকে উত্ত্যক্ত করেছিল বলে এক ব্যক্তিকে বোতল দিয়ে মেরেছিলাম। তারপর ট্রাফিক থামিয়ে আমরা আরও লোকজন জড়ো করে এবং ওই ব্যক্তিকে ধাওয়া করে মার খাইয়েছিলাম।' নিজের মতোই এমন মারমুখী চরিত্রে আনুশকাকে দেখা যাবে তাঁর পরবর্তী ছবি *এনএইচ টেন*-এ। মূল চরিত্রে অভিনয়ের পাশাপাশি এই ছবির প্রযোজনাও করেছেন তিনি।

আনুশকা ● ছবি : বলিউড হাঙ্গামা

***Published on February 25, 2015 in *Binodon***

©Daffodil International University



কিছুক্ষণ

# স্থিরচিত্রে স্থির ইরেশ

সৈয়দা সাদিয়া শাহরীন

১১ ফেব্রুয়ারি। রাজধানীর স্টার সিনেপ্লেক্স। এয়ারটেলের ১০ নম্বর টেলিছবি *মাংকি বিজনেস*-এর উদ্বোধনী প্রদর্শনী হচ্ছে এখানে। টেলিছবির প্রায় সব শিল্পী আর কলাকুশলী উপস্থিত। তখনো প্রদর্শনী শুরু হয়নি। অনেকেই নিজেদের মুঠোফোনে সেলফি তোলায় ব্যস্ত। শুধু একজন ক্যামেরা হাতে আলোকচিত্রীর ভূমিকা পালন করছেন। তিনি ইরেশ যাকের। ছবি তোলা তাঁর অন্যতম শখ। অভিনয় আর অফিসের পাশাপাশি ছবি তোলার কাজ তিনি নিয়মিতই করছেন। কথা প্রসঙ্গে জানালেন, এই শখকেই নাকি এখন বেশি গুরুত্ব দিচ্ছেন। তাই তো যেখানেই যান, তাঁর সঙ্গে থাকে ক্যামেরা।

সিনেপ্লেক্সের প্রদর্শনীকক্ষের বাইরে তাঁর সঙ্গে আড্ডা জমে যায়। জানালেন, স্থিরচিত্রের মধ্যদিয়ে তিনি নানা গল্প বলার চেষ্টা করেন।

মানুষের হাসি তাঁর খুব ভালো লাগে। এই হাসির পেছনে তাদের জীবনের গল্প লুকিয়ে থাকে। আর এই গল্পই তিনি তাঁর ক্যামেরায় বন্দী করে রাখেন। সাধারণ মানুষের হাসি, কান্না আর জীবনযাপনের গল্প ফুটিয়ে তোলেন ক্লিক ক্লিক শব্দে।

নিজের তোলা আলোকচিত্র নিয়ে প্রদর্শনীর পরিকল্পনা করছেন ইরেশ। বললেন, 'অনেক তো অভিনয় হলো, অনেক খ্যাতি হলো; এবার আমার শখের বিষয়টি নিয়ে কাজ করছি। যেহেতু প্রদর্শনীর কথা ভাবছি, তাই এ বছর ছবি তোলার পেছনে বেশি সময় দিচ্ছি।'

তাহলে ইরেশের অভিনয়প্রেমীদের কী হতাশ হতে হবে? ইরেশ বললেন, 'ভালো গল্প পেলে অবশ্যই অভিনয় করব। সময়ের সঙ্গে প্রযুক্তির তো পরিবর্তন হবেই। কিন্তু শুধু প্রযুক্তি দিয়ে সফল হওয়া যায় না। একমাত্র ভালো গল্পই দর্শকদের মন জয় করতে পারে। গল্প ভালো না হলে অভিনয় করেও তৃপ্তি পাই না।'

জানালেন, সপ্তাহের বেশির ভাগ সময় অফিসের কাজে ব্যস্ত থাকতে হয়। তাই ইচ্ছে থাকলেও অভিনয়ে খুব বেশি সময় দিতে পারেন না। এর মাঝেই ভালো কিছু গল্পের নাটকে কাজ করছেন। সামনে ইমরাউল রাফাত পরিচালিত *ক্রাইং রুম* নাটকে অভিনয় করবেন।

চলচ্চিত্রেও অভিনয় করছেন ইরেশ। *চোরাবালির* পর সম্প্রতি মুক্তি পেয়েছে *জিরো ডিগ্রি*। তাঁর সর্বশেষ ছবি *ছুঁয়ে দিলে মন* মুক্তি পাবে মার্চ মাসে।

বাবা আলী যাকের আর মা সারা যাকের দীর্ঘদিন জড়িত আছেন মঞ্চের সঙ্গেও। সম্প্রতি তাঁর বোন শ্রিয়া সর্বজয়া অভিনয় করেছেন মঞ্চনাটকে।

জানালেন, মঞ্চের প্রতি তাঁরও রয়েছে ভালোবাসা।

ইরেশ যাকের
ছবি : আনন্দ

***Published on February 26, 2015 in *Anondo***

©Daffodil International University

# এক ঘণ্টায় ২ কোটি রুপি!

বিনোদন ডেস্ক

*লগান* দিয়ে একসঙ্গে চলা শুরু করেন। প্রেম, বিয়ে, অতঃপর ফুটফুটে শিশু আজাদের জন্ম। সুখী দাম্পত্য জীবন। অন্যদিকে বলিউডে অভিনেতা-প্রযোজক হিসেবেও জুটি বেঁধে তাঁরা অর্জন করেছেন ঝুলিভরা সাফল্য। বাস্তব জীবনে গাঁটছড়া বাঁধলেও জুটি বেঁধে ক্যামেরার সামনে কোনো দিন দাঁড়াননি এই বলিউড দম্পতি। তবে এবার তাঁদের একসঙ্গে দেখা যাবে একটি বিজ্ঞাপনচিত্রে। কিন্তু এই বিজ্ঞাপনও যেনতেন বিজ্ঞাপন নয়। এতে অভিনয়ের জন্য আমির খান একাই পারিশ্রমিক নিচ্ছেন দুই কোটি রুপি।

সম্প্রতি এক সূত্র জানায়, আমির খান ও কিরণ রাও বিজ্ঞাপনচিত্রে অভিনয়ের জন্য চুক্তিও সই করে ফেলেছেন। বিজ্ঞাপনচিত্রে এই দম্পতিকে দেখা যাবে বেশ ঘনিষ্ঠভাবে।

আমির-কিরণ তো আর নতুন নন, এর আগে বিজ্ঞাপনের জন্য ক্যামেরার সামনে এভাবেই কাছে এসেছেন শাহরুখ-গৌরী, অভিষেক-ঐশ্বরিয়া, সাইফ-কারিনা, কাজল-অজয়; এমনকি অমিতাভ-জয়া দম্পতিও। কিন্তু তাঁদের কাছে আনার জন্য এত ব্যয় করতে হয়নি, এটা নিঃসন্দেহেই বলা যায়। ডিএনএ ইন্ডিয়া



আমির খান ও কিরণ রাও

***Published on February 28, 2015 in *Binodon***

©Daffodil International University



# অবশেষে নিজভূমে

বিনোদন ডেস্ক

অস্ট্রেলিয়া থেকে গণযোগাযোগ বিষয়ে স্নাতক করার পর নিজ দেশ শ্রীলঙ্কায় সাংবাদিকতা করতেন। এরপর নামলেন মডেলিংয়ে। ২০০৬ সালে জিতলেন 'মিস শ্রীলঙ্কা'র মুকুট। এরপর হঠাৎ দেশ ছেড়ে ভিনদেশে পাড়ি জমালেন জ্যাকুলিন ফার্নান্দেজ। পুরোদস্তুর বলিউডেরই সদস্য বনে গেলেন। কয়েকটি ব্যবসাসফল ছবি দিয়ে সেখানে নিজের অবস্থান পাকা করে নিয়েছেন তিনি। তবে মানুষ ভিনদেশে যত সফলই হোক না কেন, নিজ দেশের মায়া কি আর সহজে ছাড়া যায়? এ জন্যই হয়তো এবার জ্যাকুলিন ফিরেছেন নিজ দেশ শ্রীলঙ্কায়। প্রথমবারের মতো অভিনয় করছেন নিজ দেশের ছবিতে।

সম্প্রতি এই *কিক* নায়িকা একটি ছবি পোস্ট করেন ইনস্টাগ্রামে। তাতে লেখেন, '*অ্যাকর্ডিং টু ম্যাথিউ*... আসছে শিগগিরই! আমার প্রথম শ্রীলঙ্কান ছবি।' ইনস্টাগ্রামের ওই ছবিতে তাঁর সঙ্গে দেখা যায় শ্রীলঙ্কান অভিনেতা ও সংগীতশিল্পী আলস্টন কোচকে। চলচ্চিত্রের নাম *অ্যাকর্ডিং টু ম্যাথিউ*। ১৯৭৯ সালে শ্রীলঙ্কায় ঘটে যাওয়া ম্যাথিউ পিয়েরিস নামের এক ব্যক্তির ঘটনা নিয়ে এই ছবি তৈরি। এর পরিচালক চন্দ্রন রত্নম।

বলিউড মাত করার পর শ্রীলঙ্কার দিকে পা বাড়ানো এই অভিনেত্রী কিন্তু হলিউডেও অভিষেক ঘটাতে যাচ্ছেন শিগগিরই। তাঁর অভিনীত *ডেফিনিশন অব ফিয়ার* ছবিটি রয়েছে মুক্তির অপেক্ষায়। তা ছাড়া কাজ চলছে অক্ষয় কুমার ও সিদ্ধার্থ মালহোত্রার বিপরীতে করন জোহরের প্রযোজনায় *ব্রাদার্স* ছবির। এনডিটিভি।

জ্যাকুলিন ফার্নান্দেজ • ছবি : মাই ইন্ডিয়ান মুভিজ

***Published on March 3, 2015 in *Binodon***

©Daffodil International University

# রানী পেলেন সম্মাননা

বিনোদন ডেস্ক

ফিল্মফেয়ার থেকে শুরু করে বছরের ছোট-বড় সব অ্যাওয়ার্ড আসরেই পেয়েছিলেন সেরা অভিনেত্রীর মনোনয়ন। কিন্তু জিতেছেন কেবল স্টারডাস্ট পুরস্কার। *মারদানি* ছবি থেকে এই ছিল রানীর প্রাপ্তি। কিন্তু ভালো কাজের ফল তো একটা না একটা সময় পাওয়া যায়ই। এই যেমন রানী পেলেন। তিনি জিতলেন ভারতের জাতীয় পুরস্কার। তবে সেরা অভিনেত্রী হিসেবে নন; চলচ্চিত্রে নারীর অবস্থানকে দৃঢ়ভাবে দেখানোর জন্য রানীর এই বিশেষ অর্জন।

*মারদানি* ছবিতে কন্যাশিশু ও নারীদের নিরাপত্তার বিষয়টি খুব জোরালোভাবেই চলচ্চিত্রবোদ্ধা ও জাতীয় পুরস্কার নীতিনির্ধারকদের দৃষ্টি আকর্ষণ করেছে। তাই এ বিষয়ে কাজের অবদানের স্বীকৃতি দিতেই জুরিবোর্ড রানী মুখার্জিকে বিশেষ পুরস্কারটি দিচ্ছে। রানীর মতে, জনসাধারণকে সচেতন করার জন্য নারী নিরাপত্তার এ বিষয়টি তুলে ধরা অনেক জরুরি ছিল।

পুরস্কার গ্রহণ করতে রানী এখন ভারতের দিল্লিতে আছেন। ৮ মার্চ বিশ্ব নারী দিবস উপলক্ষে ইনস্টিটিউট ফর জেন্ডার জাস্টিস আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এই জাতীয় সম্মাননা গ্রহণ করবেন। ডিএনএ ইন্ডিয়া।



রানী মুখার্জি

***Published on March 4, 2015 in *Binodon***

©Daffodil International University



পামেলা অ্যান্ডারসন ● ছবি : ডেইলি মেইল

# অসামাজিক পামেলা

**বিনোদন ডেস্ক** ●

পামেলা অ্যান্ডারসন যে এতটা অসামাজিক, তা তাঁর ভক্তরা কল্পনাই করতে পারেননি। বলা নেই, কওয়া নেই, হঠাৎ একটা টুইট, বিদায় টুইটার, ফেসবুক ও ইনস্টাগ্রাম। এরপর সবকিছু বন্ধ! এভাবেই এই ছোট্ট টুইট দিয়েই সামাজিক যোগাযোগমাধ্যম থেকে বিদায় নিলেন *বেওয়াচ*খ্যাত এ অভিনেত্রী।

গত শনিবার একটি টুইট বার্তা পোস্ট করার মধ্য দিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম থেকে বিদায় নেন তিনি। ইন্টারনেটে সামাজিক থেকে অসামাজিক হওয়া পামেলা অবশ্য এই প্রস্থানের কোনো নির্দিষ্ট কারণ জানাননি। শুধু লিখেছেন, এটি ব্যক্তিগত কোনো কিছু নয়। ফেসবুক ও টুইটার অ্যাকাউন্ট বন্ধ করার পর পামেলা ইনস্টাগ্রামের অ্যাকাউন্টটি একদম ব্যক্তিগত করে রেখেছেন।

সংসারজীবনে ঝড় চলছে ৪৭ বছর বয়সী পামেলার। ফেব্রুয়ারির শুরুর দিকেই জানিয়ে দিয়েছেন, তৃতীয় স্বামী রিক সলোমনকে তালাক দিতে যাচ্ছেন তিনি। স্বাভাবিকভাবেই বিমর্ষ অবস্থায় আছেন পামেলা। তাই ধারণা করা হচ্ছে, এ কারণেই আপাতত সামাজিক যোগাযোগ থেকে দূরে থাকছেন তিনি। ইন্টারনেটে সামাজিক যোগাযোগ থেকে বিচ্ছিন্ন থাকলেও চলচ্চিত্র থেকে এত সহজে ছুটি নিচ্ছেন না পামেলা, জানালেন এমনটাই। তাঁর পরবর্তী ছবি *দ্য পিপল গার্ডেন* আছে মুক্তির অপেক্ষায়। নিউইয়র্ক ডেইলি নিউজ

***Published on March 5, 2015 in *Binodon***

©Daffodil International University



ফ্যাশন' দেশ

# ১৫ কোটির পিসি!

বিনোদন ডেস্ক

আমির খান একটি বিজ্ঞাপনচিত্রে কাজ করার জন্য নিচ্ছেন মাত্র দুই কোটি রুপি পারিশ্রমিক। এ পর্যন্ত পাওয়া খবরে বলিউড তারকাদের মধ্যে বিজ্ঞাপনের জন্য এটাই ছিল সর্বোচ্চ মূল্য। এবার মিস্টার পারফেকশনিস্টের পথেই হাঁটলেন সাবেক বিশ্বসুন্দরী প্রিয়াঙ্কা চোপড়া। একটি পণ্যের প্রচারদূত হওয়া বাবদ এই সুন্দরী সম্মানী চাইলেন ১৫ কোটি রুপি!

নায়িকা থেকে গায়িকা, আন্তর্জাতিক স্বীকৃতি, অতঃপর যুক্তরাষ্ট্রের এক টেলিভিশন অনুষ্ঠানে উপস্থিতি—সব মিলিয়ে মেঘের ওপর ভাসছেন তিনি। এবার একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের পণ্যদূত হওয়ার প্রস্তাব এল তাঁর কাছে। আন্তর্জাতিক এ প্রতিষ্ঠান তৈরি করে থাকে বিশেষ নকশার হাতব্যাগ। শোনা যাচ্ছে, *বরফি* নায়িকা পিসি এই ব্যাগের সব ধরনের বিজ্ঞাপন ও প্রচারণামূলক কাজ করবেন এবং এর জন্য পারিশ্রমিক নেবেন ১৫ কোটি রুপি।

গত মাসেই প্রিয়াঙ্কার সঙ্গে দেখা করে প্রতিষ্ঠানটি এ প্রস্তাব দেয়। তবে আনুষ্ঠানিক ঘোষণা এখনো বাকি। আনুষ্ঠানিক ঘোষণার পরই চূড়ান্ত হবে, এ মেয়ে আসলেই মিস্টার পারফেকশনিস্টকে কতটা অনুসরণ করতে পারলেন? ডেইলি ভাস্কর

প্রিয়াঙ্কা চোপড়া
ছবি : ইন্ডিয়া টাইমস

***Published on March 5, 2015 in *Binodon***

©Daffodil International University

# আনুশকার স্বীকারোক্তি

বিনোদন ডেস্ক

সবাই বলে, কী দারুণ জুটি, তাই না? অথচ খোদ আনুশকা-বিরাট নিজেরাই ব্যাপারটা এড়িয়ে গেছেন সব সময়। অন্যদের মতো তাঁরাও তাঁদের সম্পর্ককে 'ভালো বন্ধুত্ব'-এর চাদরে জড়িয়ে রেখেছেন সব সময়। লুকোচুরি প্রেম নিয়েই তাঁরা হয়েছেন খবরের শিরোনাম। তবে এবার মুখ খুলেছেন আনুশকা। নিজ মুখেই স্বীকার করলেন প্রেম বিনিময় চলছে দুজনের মধ্যে।

ম্যাগাজিন *ফিল্মফেয়ার*-এর এবারের প্রচ্ছদের মডেল হলেন আনুশকা শর্মা। সেখানে দেওয়া সাক্ষাৎকারে অকপটে স্বীকার করলেন বিরাটের সঙ্গে তাঁর সম্পর্ককে। বললেন, 'হ্যাঁ, আমি বিরাটের সঙ্গে প্রেম করছি।' আর এই একটি কথার মধ্য দিয়েই শেষ করলেন তাঁদের লুকোচুরি প্রেমের অধ্যায়।

বেশ কিছুদিন ধরেই বিরাট-আনুশকা জুটি একসঙ্গে ক্যামেরার সামনে আসতে দ্বিধাবোধ করছেন না। গত বছর দেড়েক ধরে আনুশকা আর বিরাট আছেন আলোচনায়। এবার আনুশকার এই স্বীকারোক্তি তাঁদের সম্পর্ককে কোন দিকে নিয়ে যায়, এখন তা-ই দেখার অপেক্ষায় রয়েছে বলিউড ও ক্রিকেট দুনিয়ার মানুষেরা। পিংকভিলা।



আনুশকা শর্মা
ছবি : বলিউড লাইফ

***Published on March 6, 2015 in *Binodon***

©Daffodil International University



# উমা কেন হাসেন না?

বিনোদন ডেস্ক

খুব কদাচিৎ তাঁকে হাসতে দেখা যায়। তবে দাঁত কেলিয়ে তো কখনোই নয়। মুচকি হেসেই হলিউড জিতে নিয়েছেন অভিনেত্রী উমা থারম্যান। তাঁর ভক্তরা ভাবতেই পারেন, অন্তত লালগালিচায় হাঁটার সময় তো উমা হাসবেন! কিন্তু তাঁদের বরাবরই হতাশ হতে হয়। কারণ প্রাণখোলা হাসিতে আপত্তি উমার।

সম্প্রতি এক সাক্ষাৎকারে *কিল বিল*খ্যাত এই তারকা জানান, যখন তাঁর বয়স ১০, তখন একজন তাঁর হাসি দেখে বলেছিলেন, খুব কুৎসিত। সেই থেকে উমা মন খুলে হাসলেই দ্বিধায় ভোগেন। একটা সময় তিনি নিজেও তাঁর হাসিকে বিচ্ছিরি মনে করতে শুরু করেন। তাই লালগালিচায় হাঁটার সময় তিনি হাসেন পরিমিত। ভয়ে থাকেন তিনি, কোনো ক্যামেরা যদি বন্দী করে ফেলে তাঁর 'কুৎসিত' হাসি!

উমাকে কেউ খিলখিলিয়ে হাসতে দেখেন আর নাইবা দেখেন, টিভি সিরিজ *দ্য স্ল্যাপ*-এ এখন থেকে নিয়মিত দেখা যাবে তাঁকে। টেলিভিশনের জন্য এটি উমার দ্বিতীয় কাজ। এনআই।

উমা থারম্যান
ছবি : পপ সুগার

***Published on March 7, 2015 in *Binodon***

©Daffodil International University



মৌসুমি ফলগুলো দিয়ে বাড়িতেই সারতে পারেন সৌন্দর্যচর্চা। মডেল : শায়না, ছবি : নকশা

রূপ নকশা

# ত্বকচর্চায় মৌসুমি ফল

এখন বাজারে মৌসুমি ফল কিনতে যাওয়ার সময় একটু বেশি করেই কিনুন। খাওয়ার পাশাপাশি তা ত্বকচর্চার কাজেও লাগবে যে! জেনে নিন নানা রকম ফলের উপকারিতা।

অনেকে বলেন, ফল খেলে ত্বকের লাবণ্য পাওয়া যায় ধীরে ধীরে কিন্তু তা স্থায়ী হয়। আর রূপচর্চায় ব্যবহার করলে তা ঝটপট কাজ করলেও স্থায়িত্ব হয় কম। এ কথার সঙ্গে একমত হলেন বারডেম হাসপাতালের জ্যেষ্ঠ পুষ্টিবিদ আখতারুন নাহার। তিনি বলেন, 'ফল খাওয়া এবং রূপচর্চায় ব্যবহার, দুটোই যদি একসঙ্গে করা যায় তবে বেশি ভালো।' কিন্তু কোনো ফল কিংবা এর রস সরাসরি ত্বকে ব্যবহার না করার পরামর্শ দিলেন তিনি। কেননা ফলের অ্যাসিড ত্বক পুড়িয়ে দিতে পারে। তাই ফল কিংবা এর রসের সঙ্গে অন্য কিছু মিশিয়ে রূপচর্চায় ব্যবহার করতে হবে।

এই মৌসুমে যেসব ফল বাজারে পাওয়া যাচ্ছে সেগুলো কীভাবে রূপচর্চায় সাহায্য করতে পারে তার কিছু উপায় বলে দিলেন হারমনি স্পার রূপবিশেষজ্ঞ রাহিমা সুলতানা।

রাহিমা সুলতানা আরও জানালেন, ত্বকের যত্নে যখনই কোনো প্যাক ব্যবহার করা হোক না কেন অবশ্যই প্যাক তুলে ত্বকে ময়েশ্চারাইজার লাগাতে হবে।

● সৈয়দা সাদিয়া শাহরীন



## কমলা

১ চামচ কমলার রসের সঙ্গে ১ চামচ গুঁড়া দুধ, ১ চামচ আলুর রস এবং পরিমাণমতো আতপ চালের গুঁড়া মিশিয়ে পেস্ট তৈরি করুন। পেস্টটি ত্বকে ১০ মিনিট লাগিয়ে রেখে ধুয়ে ফেলুন। এটিও তৈলাক্ত ত্বকের জন্য ভালো।



## আপেল

১ চামচ আপেল কুচির সঙ্গে ১ চামচ পাকা কলা ও ১ চামচ মধু মিশিয়ে ২০ মিনিট ত্বকে রেখে ধুয়ে ফেলতে হবে। এই মিশ্রণ ত্বকের আর্দ্রতা বজায় রাখে।



## আঙুর

১ চামচ আঙুরের রস, ১ চামচ বেসন ও ১ চামচ টকদই একসঙ্গে মিশিয়ে ১০ মিনিট ত্বকে রাখুন। তারপর ধুয়ে ফেলুন। রোদে পোড়া ভাব দূর করে এই মিশ্রণ। এ ছাড়া ত্বকের দাগ দূর করে ত্বককে নরম করতেও আঙুরের মিশ্রণ বেশ উপকারী।



## লেবু

১ চামচ লেবুর রস ও ১ চামচ আলুর রসের সঙ্গে ১ চামচ চালের গুঁড়া মিশিয়ে হাতের কনুইয়ের কালো দাগের ওপর ঘষলে কালো দাগ দূর হবে।



## স্ট্রবেরি

স্ট্রবেরি পাল্পের সঙ্গে বেসন অথবা বুটের ডাল বাটা মিশিয়ে মিশ্রণটি ত্বকে লাগাতে পারেন। এই মিশ্রণ তৈলাক্ত ত্বকে তেলের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে।

***Published on March 10, 2015 in *Naksha***

©Daffodil International University




আমির খান



সালমান খান



অক্ষয় কুমার



সিদ্ধার্থ মালহোত্রা

# বক্সারময় বলিউড

বিনোদন ডেস্ক

গত বছর *মেরি কম* ছবির ব্যাপক সফলতার পর বলিউডকে যেন বক্সিং একেবারে পেয়ে বসেছে। প্রিয়াঙ্কা চোপড়ার পদাঙ্ক অনুসরণ করে অভিনেত্রী সোনাক্ষী সিনহাকেও *হলিডে* ছবিতে বক্সিং রিংয়ে দেখা গিয়েছিল। এখন এ দুই অভিনেত্রীর মতো পর্দায় বক্সার হতে উঠেপড়ে লেগেছেন বলিউডের পাঁচজন অভিনেতা। বলতে গেলে বলিউড হয়ে উঠেছে বক্সারময়।

এ বছর বক্সিং রিংয়ে ঘাম ঝরাতে দেখা যাবে আমির খান, অক্ষয় কুমার, সালমান খান, রণবীর কাপুর ও সিদ্ধার্থ মালহোত্রাকে। অনুরাগ কশ্যপ পরিচালিত *বোম্বে ভেলভেট*-এ রণবীর কাপুরকে দেখা যাবে স্ট্রিট বক্সিং করতে। এ জন্য নাকি লম্বা সময় এ অভিনেতাকে নিতে হয়েছে বক্সিং অনুশীলন।

অন্যদিকে করণ জোহর প্রযোজিত *ব্রাদার্স*-এ অভিনয়ের জন্য অভিনেতা সিদ্ধার্থ মালহোত্রাও বক্সিং শেখার পাশাপাশি বক্সিং নিয়ে নির্মিত দেশি-বিদেশি সিনেমাও দেখে যাচ্ছেন। *ব্রাদার্স*-এ সিদ্ধার্থের সঙ্গে বক্সার হিসেবে আরও দেখা যাবে বলিউডের 'খিলাড়ি' অক্ষয়কে।

এদিকে *দাঙ্গাল* ছবিতে আমির শুধু বক্সারই নন, বক্সিং গুরুও।

সালমানই বা কীভাবে পিছিয়ে থাকতে পারেন? দু-দুটি চলচ্চিত্রে বক্সারের চরিত্রে দেখা যাবে তাঁকে। আলী আব্বাস জাফরের পরিচালনায় *সুলতান*-এ ৪০ বছর বয়সী এক বক্সার তিনি। সুরজ বারজাতিয়ার *প্রেম রতন ধন পায়ো*-তে সালমানের দ্বৈত চরিত্রের একটি হবে বক্সারের। শোনা যাচ্ছে, এই *দাবাং* তারকা নাকি দিন-রাত বক্সিং শিখছেন। বলিউড লাইফ

***Published on March 12, 2015 in *Binodon***

©Daffodil International University

# পাঁচ মিনিটেই সব শেষ!

বিনোদন ডেস্ক

ভাবা যায়? মাত্র পাঁচ মিনিটেই সব শেষ হয়ে গেল। তা-ও একটি-দুটি নয়, ১৫ হাজার টিকিট। আগামী ৯ ডিসেম্বর ফ্রান্সে কনসার্ট করবেন আমেরিকান পপতারকা ম্যাডোনা। সেই উদ্দেশ্যে ৫১ ইউরো থেকে শুরু করে ২০৫ ইউরো মূল্যের ১৫ হাজার টিকিট বিক্রির জন্য বাজারে ছাড়া হয়। আর বিক্রি শুরুর মাত্র পাঁচ মিনিটের মধ্যেই শেষ হয়ে যায় সব টিকিট। সোমবার এমনটাই জানান কনসার্টের আয়োজকেরা।

৫৬ বছর বয়সী এই কিন্নরকণ্ঠী সংগীতশিল্পী বাজারে আনছেন তাঁর নতুন গানের অ্যালবাম। নাম *রেবেল হার্ট*। মূলত নতুন অ্যালবামের প্রচারণার জন্যই তিনি কিছু পরিকল্পনা মাথায় রেখেছেন। ফ্রান্সের কনসার্টটিও এই পরিকল্পনারই অংশ।

তিন বছর পর ফ্রান্সে গাইবেন ম্যাডোনা। তাই এ নিয়ে সে দেশের ম্যাডোনা ভক্তদের উচ্ছ্বাসের কমতি নেই। ২৯ আগস্ট থেকে ম্যাডোনা উত্তর আমেরিকা ও ইউরোপের বেশ কিছু স্থানে *রেবেল হার্ট*-এর প্রচারণার কাজ শুরু করবেন। বের হবেন টুরে। তাঁর হাতে এখন মোট ৩৫টি কনসার্টের ডাক আছে। তবে এভাবেই যদি প্রতিটি কনসার্টে এমন দর্শক সাড়া মেলে, তাহলে তো কনসার্ট দিয়েই বছরের পর বছর দিব্যি কাটিয়ে দিতে পারবেন এ পপসম্রাজ্ঞী। এএফপি



ম্যাডোনা

***Published on March 12, 2015 in *Binodon***

©Daffodil International University



রবার্ট ডাউনি জুনিয়র
ছবি : জাস্ট জারেড

# হাত করলেন দান

বিনোদন ডেস্ক

মানবজাতিকে সংকট থেকে উদ্ধার করাই তো 'আয়রনম্যান'-এর কাজ। নানা ধরনের বিপদ থেকে তিনি সবাইকে উদ্ধার করে বেড়ান। বড় পর্দায় 'মার্ভেল কমিকস'-এর এই সুপারহিরোর চরিত্রে অভিনয় করেই রবার্ট ডাউনি জুনিয়র সবার প্রিয় হয়ে উঠেছেন। সম্প্রতি হলিউডের এই অভিনেতা বাস্তব জীবনেও অতিমানবের মতোই কাজ করলেন। এক শারীরিক প্রতিবন্ধী ভক্তকে নিজের আয়রনম্যান স্যুটের হাত উপহার দিলেন। সাত বছর বয়সী ভক্ত অ্যালেক্স সেই হাত পেয়ে এখন বেজায় খুশি।

অ্যালেক্সের ডান হাত অস্বাভাবিক ছোট। লিম্বিটলেস সল্যুশনস নামের একটি প্রকৌশল প্রতিষ্ঠান অ্যালেক্সের জন্য আয়রনম্যানের লৌহহাতের আদলে তৈরি করে একটি থ্রিডি হাত। সেই হাতটিই ছোট্ট অ্যালেক্সকে উপহার দেন তাঁর প্রিয় সুপারহিরো 'আয়রনম্যান' ওরফে রবার্ট ডাউনি জুনিয়র। একটি চকচকে রুপালি বাক্সে নতুন উপহারটি নিয়ে অ্যালেক্সের সঙ্গে দেখা করেন ডাউনি। থ্রিডি হাতটি অ্যালেক্সকে পরিয়ে দিতে গিয়ে তিনি বলেন, 'মনে হচ্ছে, তোমারটা আমার হাতের চেয়েও বেশি ভালো!'

***Published on March 17, 2015 in *Binodon***

©Daffodil International University



প্রথম আলো

# নকশা

মঙ্গলবারের ক্রোড়পত্র, ১৭ মার্চ ২০১৫

## শহরের উষ্ণতম দিনে...

সৈয়দা সাদিয়া শাহরীন

গ্রীষ্ম ঋতু আসেইনি এখনো। বসন্তেই রোদের তাপ হয়ে উঠেছে গনগনে। এমন দিনে বৃষ্টির আশ্বাস অবশ্য দেওয়া যাচ্ছে না। কিন্তু বাতলে দেওয়া যায় রোদ থেকে বাঁচার কিছু উপায়।

রোদচশমা, স্কার্ফ কিংবা টুপি আর সঙ্গে একটি ছাতা। ভাবছেন, হয়ে গেল তো কড়া রোদ থেকে বাঁচার উপায়। কিন্তু এতটুকুই কি যথেষ্ট? রোদ কড়া হোক কিংবা হালকা, মৌসুম শীত হোক কিংবা গ্রীষ্ম-সূর্যের তাপ কিংবা অতি বেগুনি রশ্মি সব সময়ই ত্বকের জন্য ক্ষতিকর। এমনটাই বললেন শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতালের চর্মরোগ বিভাগের বিভাগীয় প্রধান রাশেদ মোহাম্মদ খান। তিনি জানালেন রোদ ত্বকের কী ক্ষতি করে।

বাকি অংশ ৮ ও ৯ পৃষ্ঠায়

ছাতা, সানস্ক্রিন, সানগ্লাসের সুরক্ষা নিয়ে বের হোন কড়া রোদে

naksha@prothom-alo.info facebook.com/Naksha.PA

©Daffodil International University




***Published on March 17, 2015 in *Naksha***

©Daffodil International University

# জাতিসংঘ খুঁজছে সুখের গান

বিনোদন ডেস্ক



গত বছরের অস্কারেও পরিবেশিত হয়েছিল 'ইন্টারন্যাশনাল ডে অব হ্যাপিনেস'-এর গান 'হ্যাপি'

সুখের গান খুঁজছে জাতিসংঘ। যে গান শুনলে মন ভালো হয়ে যায়। চাইলে যে কেউ সামাজিক যোগাযোগ মাধ্যমে তাদের পছন্দের সুখের গানগুলো হ্যাশট্যাগ করে জানিয়ে দিতে পারবে জাতিসংঘকে। আর তা উঠে যাবে জাতিসংঘের সুখের গানের তালিকায়।

২০ মার্চ জাতিসংঘ পালন করতে যাচ্ছে 'ইন্টারন্যাশনাল ডে অব হ্যাপিনেস'। অর্থাৎ আন্তর্জাতিক সুখের দিন! হ্যাশট্যাগ দিয়ে 'হ্যাপি সাউন্ডস লাইক' (#HappySoundsLike) লিখে এর সঙ্গে প্রিয় সুখের গানটি জুড়ে পোস্ট করতে হবে ফেসবুক কিংবা টুইটারে। জাতিসংঘ সেই পোস্ট করা গান থেকে বাছাই করা কয়েকটি নিয়ে প্রকাশ করবে একটি তালিকা। গত সোমবার এ ঘোষণা দেন জাতিসংঘের মহাসচিব বান কি মুন। জাতিসংঘের এই সুখের গান খোঁজার অভিযানে তাঁদের সঙ্গে কাজ করছেন সংগীত পরিচালক এ আর রাহমান, গায়ক জন লিজেন্ড, এড শিরান, জেমস ব্লান্ট, ডিস্ক জকি ডেভিড গুয়েত্তা এবং অভিনেত্রী শার্লিজ থেরন। তাঁরা সবাই মিলে আগামী শুক্রবারের মধ্যে তৈরি করবেন সুখী গানের তালিকাটি।

২০১২ সালে প্রথমবারের মতো 'ইন্টারন্যাশনাল ডে অব হ্যাপিনেস' পালন করে জাতিসংঘ। গেল বছর ফেরেল উইলিয়ামসের 'হ্যাপি' গানটি দিয়ে উদ্‌যাপন করা হয় এই দিবস। এবার চাইলে জাতিসংঘের সুখী গানের তালিকায় থাকতে পারে যেকোনো দেশের যেকোনো ভাষার গান। এএফপি

***Published on March 18, 2015 in *Binodon***

©Daffodil International University

# নতুন প্রেমে কেটি

বিনোদন ডেস্ক

বছর খানেক হলো তাঁরা নাকি একসঙ্গে বেশ সময় কাটাচ্ছেন। হতেই পারে। কেটি হোমস তো আর এখন কেটি ক্রুজ নন। টম ক্রুজের সঙ্গে কবেই বিচ্ছেদ হয়ে গেছে। তাই 'সিঙ্গেল' জেমি ফক্সের সঙ্গে কি তাঁর বন্ধুত্ব হতে পারে না?

আজকাল নাকি প্রায়ই অভিনেতা ফক্সের বাড়ির আশপাশে দেখা যাচ্ছে হোমসকে। অবশ্য তাঁদের ভাষায়, সবার মতো তাঁরাও 'খুব ভালো বন্ধু'। এর বাইরে তাঁরা বা তাঁদের প্রতিনিধিরা এ ব্যাপারে কোনো মন্তব্য করেননি।

ঘটনা শুরু হয় ২০১৩ সালে। একটি দাতব্য অনুষ্ঠানে *ব্যাটম্যান বিগিনস* তারকা কেটি হোমস *জ্যাংগো আনচেইনড* ছবির অভিনেতা জেমি ফক্সের সঙ্গে নেচেছিলেন। তখন থেকেই তাঁদের গোপন সম্পর্কের গুজব শোনা যায়। জেমি তখনই বলেছিলেন যে তাঁরা শুধুই ভালো বন্ধু। তবে কেটি হোমস কখনোই মুখে খোলেননি এই বন্ধুত্ব নিয়ে। তাই এখন কেটির মৌনতা আর তাঁদের ঘন ঘন একসঙ্গে দেখতে পাওয়ার খবর হলিউডে ছড়াচ্ছে নতুন প্রেমের আমেজ। এস শোবিজ



কেটি হোমস

***Published on March 19, 2015 in *Binodon***

©Daffodil International University

# অবসরে গিজেলি

বিনোদন ডেস্ক

মনে হয় হাঁপিয়ে গেছেন। টানা ২০ বছর পৃথিবীর নানা দেশে হেঁটে বেড়িয়েছেন তিনি। পথে নয়, রানওয়েতে। র‍্যাম্প মডেলদের কাঙ্ক্ষিত স্থান তো ওটাই। আট বছর ধরে বিশ্বে সবচেয়ে বেশি পারিশ্রমিক নেওয়া র‍্যাম্প মডেল হিসেবে পরিচিতি পেয়েছেন ৩৪ বছর বয়সী গিজেলি বান্ডচেন। আর এখন কিনা তিনি অবসর নিতে চান।

হ্যাঁ, গিজেলি বান্ডচেন র‍্যাম্প থেকে অবসর নিচ্ছেন। তবে র‍্যাম্প মডেলিংয়ে ইতি টানলেও ক্যারিয়ারের এখানেই সমাপ্তি ঘটছে না তাঁর। বড় কোনো আয়োজন কিংবা পণ্যের প্রচারণায় তাঁকে দেখা যাবে বলে জানিয়েছেন গিজেলির বোন ও মুখপাত্র প্যাট্রিশিয়া বান্ডচেন। গত বুধবার এক বিবৃতিতে তিনি জানান, র‍্যাম্পের বাইরেও গিজেলি তাঁর শীর্ষ অবস্থান ধরে রাখার জন্য আগের চেয়ে আরও বেশি পরিশ্রম করবেন।

ব্রাজিলের এক পত্রিকা জানিয়েছে, আগামী এপ্রিলের মাঝামাঝি গিজেলি সাও পাওলো ফ্যাশন উইকে শেষবারের মতো র‍্যাম্পে হাঁটবেন। জানা গেছে, স্বামী ফুটবল খেলোয়াড় টম ব্র্যাডি আর দুই সন্তান বেঞ্জামিন ও ভিভিয়ানকে সময় দেওয়ার জন্যই অবসর নিচ্ছেন তিনি। সেই সঙ্গে নিজের ক্যারিয়ারকে কীভাবে নতুন করে সাজানো যায়, তা নিয়েও ভাববেন তিনি। ইয়াহু স্টাইল



গিজেলি বান্ডচেন
ছবি : কসমোপলিটন

***Published on March 20, 2015 in *Binodon***

©Daffodil International University



বিজয়ীর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন পলাশ ও ফোয়াদ নাসের বাবু

# গানে দেখা বাংলাদেশ

বিনোদন প্রতিবেদক

নিজেদের লেখা, সুর করা ও গাওয়া গানে পাঁচ তরুণ দেখালেন দেশকে। প্রতিযোগিতার শিরোনাম 'তোমার গানে দেখিয়ে দাও বাংলাদেশ'। মূল অনুষ্ঠান 'দেখিয়ে দাও বাংলাদেশ'-এ ১৬ জন মুক্তিযোদ্ধাকে সম্মাননা দেওয়ার পর দ্বিতীয় পর্বে এই পাঁচ তরুণকে সম্মানিত করা হয়। নিগার সুলতানা, গাজালা মাহমুদ, জাহিদ আনোয়ার, ফাইজুস মাসুম ও ফারুক মোস্তাফিজকে অসংখ্য প্রতিযোগীর মধ্য থেকে নির্বাচন করে তাঁদের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন সুরকার ও সংগীতশিল্পী ফোয়াদ নাসের বাবু ও পলাশ।

'তাঁদের তৈরি গানগুলোয় মিশে আছে দেশমাতৃকার সৌন্দর্য'—এমনটাই বললেন বিচারক ফোয়াদ নাসের বাবু। অনুষ্ঠান শেষে তাঁদের গানের অংশবিশেষ পরিবেশন করা হয়।

অনুষ্ঠানটি *প্রথম আলো* কার্যালয়ের প্রশিক্ষণকক্ষে যৌথভাবে আয়োজন করে এবিসি রেডিও এবং মুঠোফোন সেবাদাতা প্রতিষ্ঠান রবি। সেখানে উপস্থিত ছিলেন প্রধান অতিথি ডেপুটি স্পিকার মো. ফজলে রাব্বী মিয়া, বিশেষ অতিথি মুক্তিযোদ্ধা ও নাট্যব্যক্তিত্ব নাসির উদ্দীন ইউসুফ, মুক্তিযোদ্ধারা ও তাঁদের পরিবার এবং আয়োজক প্রতিষ্ঠানের কর্মকর্তাসহ আরও অনেকে।

***Published on March 24, 2015 in *Binodon***

©Daffodil International University

# ফ্লু থেকে ফিরে

বিনোদন ডেস্ক

টানা কতগুলো দিন শুধু বিশ্রাম আর বিশ্রাম নিয়েই কেটেছে। সোয়াইন ফ্লু যেন একবারে নাজেহাল করে দিতে বসেছিল ফ্যাশন ডিভার ক্যারিয়ারকে। কিন্তু না, সহজেই হাল ছেড়ে দেওয়ার পাত্রী নন বলিউড-কন্যা সোনম কাপুর। রোগটার সঙ্গে রীতিমতো লড়াই করে সেরে উঠেছেন তিনি। ফিরে এসেছেন নিয়মিত জীবনে।



রোগটা তো গেল। এখন কি আর ঘরে বসে থাকা যায়? মোটেও না। বেশ কদিন আগেই সোনম যোগ দিয়েছেন *প্রেম রতন ধন পায়ো* ছবির শুটিংয়ে। সম্প্রতি শুটিংয়ে বিরতি নিয়ে অংশ নিলেন 'উইমেন অব ওয়ার্থ' নামের একটি অনুষ্ঠানে। সোয়াইন ফ্লু থেকে সেরে ওঠার পর সোনম এবারই প্রথম জনসমক্ষে এলেন। তাঁর পরনে ছিল হালকা গোলাপি রঙের গাউন। আর ঠোঁটে ছিল লালরঙা হাসি! মনেই হচ্ছিল না যে তিনি মাত্রই অসুখ ঝেড়ে এসেছেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঐশ্বরিয়া রাই, ক্যাটরিনা কাইফ, হুমা কুরাইশি, গওহর খান, ক্রিকেটার জহির খানসহ আরও অনেকে। ইন্ডিয়ান এক্সপ্রেস

***Published on March 28, 2015 in *Binodon***

©Daffodil International University

# চৈত্রে যত্ন
# বৈশাখে সুন্দর

চৈত্র মাসের বাকি আর কদিন। আয়নার সামনে দাঁড়িয়ে নিশ্চয়ই ভাবছেন, বৈশাখী উৎসব শুরু হলো বলে। কিন্তু ত্বকের কালো ছোপ কিংবা রুক্ষ চুল যেন উৎসবের আমেজের সঙ্গে একদমই বেমানান। চিন্তা নেই, এখনই নিন প্রস্তুতি। বৈশাখের শুরুতেই হয়ে উঠবেন সজীব, সুন্দর।

এই গরমে রোদে পুড়ে অনেকেরই ত্বকে ছোপ পড়ে গেছে। কারও আবার ঠোঁট কালচে হয়েছে, কারও রাতে ঘুম না হওয়ার ফলে চোখের নিচে পড়েছে দাগ। কেউ ভুগছেন ব্রণের দাগের সমস্যায়। হাতের কনুই কিংবা পায়ের হাঁটুর ত্বকও কারও কারও হয়ে উঠেছে বর্ণহীন। অনেকের হাত-পায়ের আঙুলও হতে পারে অনুজ্জ্বল। তাঁরা ঘরে বসেই যদি নিয়মিত রূপচর্চা করতে পারেন, তবে বৈশাখের আগেই লাবণ্য ফিরে পাবেন। এর জন্য কিছু উপায় বাতলে দিলেন রূপবিশেষজ্ঞ আফরোজা পারভীন।

রূপ নকশা

**কালচে ঠোঁট**

গোলাপ ফুলের পাপড়ি এবং মধু একসঙ্গে ব্লেন্ড করে ঠোঁটে লাগিয়ে কিছুক্ষণ রাখুন। তারপর আঙুল দিয়ে ঘষে তুলে ফেলতে পারেন। বেশ কয়েক দিন এভাবে করলে ঠোঁটের কালো আবরণ আস্তে আস্তে উঠে যাবে। এ ছাড়া বাজারে লিপ এনহ্যান্সমেন্ট পাওয়া যায়, প্রতিদিন রাতে তা ব্যবহার করতে পারেন।

**চোখের কালি**

শসা ও আলু কুচি করে চোখের ওপর কিছুক্ষণ রাখতে পারেন। এ ছাড়া লাল আঙুরের রসও চোখের কালো দাগ দূর করতে সাহায্য করে।

**মুখ ও হাত-পায়ের ত্বকে**

ত্বকের কালো দাগ বা পোড়া ভাব দূর করতে তিন ধাপ অবলম্বন করতে হবে। প্রথমে কোনো ম্যাসাজ ক্রিম দিয়ে ম্যাসাজ করে ত্বক নরম নিতে হবে। ক্রিমের পরিবর্তে লোশন অথবা পেট্রোলিয়াম জেলিও ব্যবহার করা যাবে।

দ্বিতীয় ধাপে ত্বকে হালকা ভাপ দিতে হবে। গরম পানিতে তোয়ালে ভিজিয়ে ত্বকে চেপে চেপে ধরুন, ভাপের কাজ হয়ে যাবে। শেষ ধাপে চালের গুঁড়া, হলুদ গুঁড়া, মসুর ডালের বেসন, সামান্য লেবুর রস এবং টক দইয়ের মিশ্রণ ত্বকে লাগিয়ে আস্তে আস্তে ম্যাসাজ করুন। ম্যাসাজ করতে সময় নিন ১০-১৫ মিনিট। পানি দিয়ে ধুয়ে ত্বকে ময়েশ্চারাইজার লাগিয়ে নিন। মিশ্রণটি একই সঙ্গে স্ক্রাবার ও প্যাকের কাজ করে। সপ্তাহে দুই-তিন দিন নিয়মিত এভাবে চর্চা করলে কালো দাগ দূর হবে।

রুক্ষ চুলের যত্ন কীভাবে নিতে হবে তা-ও বলে দিলেন আফরোজা পারভীন। চুলে তেল ম্যাসাজ করে টকদই, পাকা কলা, পাকা পেপে ও মধুর মিশ্রণ ব্যবহার করতে হবে সপ্তাহে এক-তিন দিন। এই প্যাকটি চুলে পুষ্টি জোগায়। তাই শুধু রুক্ষ নয়, যেকোনো ধরনের চুলের জন্য প্যাকটি উপযোগী।

● সৈয়দা সাদিয়া শাহরীন



দাগ বা ব্রণ নিয়ে না ভেবে বরং ত্বকের নিয়মিত যত্ন নিন। মডেল : তোড়া, ছবি : নকশা

***Published on March 31, 2015 in *Naksha***

©Daffodil International University

# মনোনয়নেই মাতালেন বিলবোর্ড

বিনোদন ডেস্ক ●

'একটা না একটা পুরস্কার তো পাবই পাব'—এমনটাই হয়তো ভাবছেন টেইলর সুইফট। ভাবাটাই স্বাভাবিক। একটা-দুটা নয়, বিলবোর্ড মিউজিক অ্যাওয়ার্ডের এবারের আসরে এক ডজনের বেশি মনোনয়ন পেয়েছেন আমেরিকান এই গায়িকা।

টপ আর্টিস্ট, টপ ডিজিটাল সংস আর্টিস্ট, টপ রেডিও সংস আর্টিস্টের মতো ১৪টি বিভাগে মনোনয়ন পেলেন সুইফট। এদিকে সুইফট থেকে মাত্র একটি মনোনয়ন কম পেয়ে পিছিয়ে পড়েছেন গ্র্যামি মাত করা ব্রিটিশ গায়ক স্যাম স্মিথ। তিনি পেয়েছেন ১৩টি মনোনয়ন। তাই বলা যায়, দুজনের মধ্যে লড়াইটা এ বছর ভালোই জমবে। আবার এমনও হতে পারে, দুজনকে শুধু মনোনয়নেই খুশি থাকতে হবে, আর আসল বাজি মারবে অন্য কেউ।

৪১টি বিভাগে স্যাম আর সুইফটের মতো একাধিক মনোনয়ন পেয়েছেন র‍্যাপার ইগি আজেলি, কণ্ঠশিল্পী মেগান ট্রেইনর, জন লেজেন্ড, আরিয়ানা গ্র্যান্দে ও ফ্যারেল উইলিয়ামসের মতো তারকারা। গণমাধ্যম কিংবা সামাজিক যোগাযোগে ভক্তদের মতামতের ওপর ভিত্তি করেই এই তারকাদের মনোনীত করা হয়। বিলবোর্ড মিউজিক অ্যাওয়ার্ড ২০১৫-এর মূল আসর বসবে ১৭ মে, লাস ভেগাসে।

ইউএসএ টুডে




টেইলর সুইফট ● ছবি : পপসুগার

***Published on April 9, 2015 in *Binodon****

©Daffodil International University

# ড্যাফোডিলে ‘নক্সী কাঁথার মাঠ’



নক্সী কাঁথার মাঠ নাটকের দৃশ্য

বিনোদন প্রতিবেদক

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মিলনায়তন কক্ষে গত বৃহস্পতিবার বিকেলে পল্লিকবি জসীমউদ্‌দীন রচিত ‘নক্সী কাঁথার মাঠ’ নিয়ে তৈরি নাটক মঞ্চস্থ হয়। বিশ্ববিদ্যালয়ের মাল্টিমিডিয়া ও ক্রিয়েটিভ টেকনোলজি বিভাগের শিক্ষার্থীরা এই নাটক মঞ্চায়ন করেন। তরুণদের মাঝে যে এখনো রয়েছে বাংলা সংস্কৃতির পূর্ণ আবেগ, তার প্রমাণ পাওয়া যায় তাঁদের এই প্রযোজনার মধ্য দিয়ে। ‘নক্সী কাঁথার মাঠ’ যেন চিরায়ত পল্লিজীবনের এক সাধারণ প্রতিচ্ছবি। জসীমউদ্‌দীনের সেই অনবদ্য সৃষ্টি রুপাই ও সাজুর গল্পকে একঝাঁক তরুণ অভিনয়শিল্পী যেন জীবন্ত করেছেন তাঁদের পরিবেশনায়। এমনটাই প্রতিক্রিয়া জানালেন উপস্থিত দর্শকেরা। মূল ছন্দ-কাব্য অপরিবর্তিত রেখে বর্ণনাত্মক রীতিতে নাটকটি মঞ্চায়ন করা হয়। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থীদের নিয়ে তৈরি এ নাটকের নির্দেশনা দিয়েছেন এই বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগের শিক্ষক তৌফিক এলাহী।

***Published on April 19, 2015 in *Binodon***

©Daffodil International University

# ভালো কাজে কারডাশিয়ান!

বিনোদন ডেস্ক

‘হোয়াই সো সিরিয়াস?’ কিম কারডাশিয়ানের চেহারায় যেন এমন ভাবটাই ফুটে ওঠে। সব বিষয়ই খুব হালকাভাবে নিয়ে এর সহজ সমাধান খুঁজে বের করেন এই মার্কিন গণমাধ্যম ব্যক্তিত্ব। তবে এবার তাঁকে একটু ‘সিরিয়াস’ই মনে হচ্ছে। কারণ ‘রোগ’ জিনিসটা গম্ভীর বিষয়ই বটে। তাও মানসিক রোগ।

না, কিম কারডাশিয়ান মানসিক রোগী নন। তবে তিনি এমন একটি তথ্যচিত্র বানাতে অর্থ লগ্নি করছেন, যা মানসিক রোগের বিষয়ে সচেতনতা বাড়াবে। *রেড ফ্ল্যাগ* নামের এই তথ্যচিত্রে কিম আছেন নির্বাহী প্রযোজকের ভূমিকায়। এখানে দেখানো হবে গণমাধ্যম কীভাবে মানসিক রোগাক্রান্ত ব্যক্তিদের চিহ্নিত করতে সাহায্য করে। কিম বলেন, ‘আমি ভাগ্যবান যে সব সময় পরিবার ও বন্ধুদের সাহচর্যে থাকতে পারি, যারা আমাকে ভালোবাসে। কিন্তু অনেকেই আছে, যারা এমন সমর্থন পায় না।’ তিনি আরও বলেন, বিষণ্নতা ও একাকিত্বের কারণে ২৫ ভাগ প্রাপ্তবয়স্ক মার্কিন নাগরিক মানসিক সমস্যায় ভোগেন। এই তথ্যচিত্রের মাধ্যমে তাই তাঁদের মানসিক রোগ নিয়ে সচেতন করতে চান কিম। ইনডিপেনডেন্ট।



কিম কারডাশিয়ান
ছবি : পিপল ম্যাগাজিন

***Published on April 27, 2015 in *Binodon***

©Daffodil International University

কর্মক্ষেত্র

# কাজ দিয়ে প্রমাণ করুন

সৈয়দা সাদিয়া শাহরীন

অফিসে রাজনীতির শিকার হয়েছেন? আরে না ভাই, রাষ্ট্রীয় রাজনীতি নয়। কর্মক্ষেত্রে রাজনীতির কথা বলছি। আচ্ছা উদাহরণ শুনুন। মুজাহিদুল ইসলাম একটি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ কর্মকর্তা। অফিসে তাঁর ওপরের পদের একজন ব্যক্তিগতভাবে তাঁকে পছন্দ করেন না বলে তাঁর সঙ্গে ভালো ব্যবহার করেন না। মুজাহিদুল বলছিলেন ভালো কাজ দেখালেও প্রশংসা জোটে না, না জোটে ভালো ব্যবহার। এ বিষয়ে তাঁর কয়েকজন সহকর্মীও মদদ জোগান।

মেঘনা ব্যাংকের প্রিমিয়াম প্রিন্সিপাল অফিসার এ টি এম গোলাম সারোয়ার জানালেন আরও কিছু সমস্যার কথা। তিনি বললেন যে কর্মক্ষেত্রে রাজনীতিটা কেউ কারও সামনে করে না। আড়ালে থেকে অনেকেই এমন চর্চা করেন। তিনি বললেন, 'আমাদের অফিসে এ রকম ঘটে না। তবে অনেক সময় দেখা যায় কোনো প্রতিষ্ঠানের প্রধান তাঁর পরিচিত লোকদের নিয়োগ দিচ্ছেন অথবা যাঁরা তাঁকে তোষামোদ করে চলেন তাঁদের নিয়ে কাজ করছেন কিংবা তাঁদের পদোন্নতি দিচ্ছেন। তাঁর স্বজনপ্রীতিতে অন্যরা মন খারাপ করে ফেলেন, হতাশ হয়ে পড়েন, কাজ করার স্পৃহা হারিয়ে ফেলেন। অনেক সময় তাঁরা অস্তিত্বসংকটে ভোগেন। আবার যখন নতুনেরা অফিসে যোগ দেন তাঁদের সঙ্গে নিজেদের একধরনের হিংসাত্মক প্রতিযোগিতার অংশ হিসেবে কল্পনা করেন।'



অফিসের জ্যেষ্ঠদের মানিয়ে চলাটাও একধরনের দক্ষতা। মডেল : এলভিন ও আশু, ছবি : অধুনা

অফিসের প্রধান অনেক সময় ব্যক্তিগতভাবে কাউকে পছন্দ না করলে তাঁকে প্রতিষ্ঠানের অন্য কোনো শাখায় অপসারণ করে দেন। এমন ঘটনাও ক্যারিয়ারে ব্যাঘাত ঘটায়।

মোহনা দত্ত কাজ করছেন বেসরকারি প্রতিষ্ঠান টার্গেট করপোরেশনে। তাঁর অফিসের পরিবেশ নিয়ে বেজায় খুশি। তাঁর অফিসে রাজনীতির নেতিবাচক কোনো চর্চা হওয়ার সুযোগই নেই বলে জানালেন তিনি। তাই তিনি এমন কোনো অভিজ্ঞতার শিকার হননি। সব প্রতিষ্ঠান যেন এমন হয় বলে আশা ব্যক্ত করলেন মোহনা।

তিনি বললেন, 'এ ধরনের চর্চা কাজের পরিবেশ নষ্ট করে। পেশাদারি মনোভাব চলে যায়।'

'অন্যকে দোষারোপ করা থেকে বিরত থাকুন', বললেন এসিআই লিমিটেডের মানবসম্পদ বিভাগের ব্যবস্থাপক হাসান তারিক। তিনিও কর্মক্ষেত্রের রাজনীতির কথা অস্বীকার করলেন না। তবে কিছু পরামর্শ দিলেন। কাজ দিয়েই প্রমাণ করে দিতে হবে নিজের যোগ্যতা। রাজনীতি হলে সেগুলো উচ্চপদস্থ ও মানবসম্পদ বিভাগকে সুষ্ঠুভাবে তদন্ত করতে হবে।

তারিক বলেন, 'হতাশ হয়ে গেলে হবে না। হতাশ হয়ে গেলে সামনে এগোনো যাবে না। হতাশা নিজেকে আটকে রাখে। অন্যকে দোষ না দিয়ে নিজের কাজটা সঠিকভাবে করুন। আপনাকে কেউ আটকে রাখতে পারবে না।'

অফিসের জ্যেষ্ঠদের মানিয়ে চলাটাও একধরনের দক্ষতা। জ্যেষ্ঠ ব্যক্তি যদি ভুলও করেন কোনো বিষয়ে তবে তাঁকে বিনয়ের সঙ্গে ব্যাখ্যা করতে হবে। তাঁকে দোষারোপ করা যাবে না।

***Published on May 6, 2015 in *Odhuna***

©Daffodil International University



## কিছু টুকিটাকি...

● চারবার মেরিল-প্রথম আলো পুরস্কার অনুষ্ঠানটি উপস্থাপনা করেন হানিফ সংকেত। ১৯৯৯, ২০০১, ২০০৩ ও ২০০৫। এটাই উপস্থাপক হিসেবে সর্বাধিকবার মঞ্চে ফেরা।

● ১৯৯৯ সালে মেরিল-প্রথম আলো পুরস্কারের প্রথম আয়োজনের উপস্থাপক ছিলেন সুবর্ণা মুস্তাফা ও আফজাল হোসেন।

● জুটি বেঁধে সবচেয়ে বেশিবার অনুষ্ঠান উপস্থাপনা করেছেন চঞ্চল চৌধুরী-মোশাররফ করিম। ২০১০, ২০১১ ও ২০১৩ সালে তিনবার এ জুটি ফিরেছেন মেরিল-প্রথম আলো পুরস্কারের মঞ্চে। ২০১১ সালে অবশ্য অভিনেত্রী তিশাও তাঁদের সঙ্গে ছিলেন।

● সর্বশেষ আয়োজনের উপস্থাপক ছিলেন জাদুশিল্পী জুয়েল আইচ (২০১৪)। যদিও তাঁকে রাজি করাতে আয়োজকদের অনেক কাঠখড় পোড়াতে হয়েছিল!

● প্রয়াত মডেল তিন্নি ২০০১ সালের আয়োজনে উপস্থাপনা সহকারীর ভূমিকা পালন করেছিলেন।

● পরিবর্তনের বছর ছিল ২০০৭ ও ২০০৮। ২০০৭ সালে শেষবারের মতো দেওয়া হয় 'সেরা মডেল (নারী ও পুরুষ)' বিভাগে পুরস্কার। 'সেরা মডেল (পুরুষ)' হিসেবে শেষ পর্যন্ত সবচেয়ে এগিয়ে ছিলেন নোবেল। তিনি ১৯৯৮ থেকে ২০০১, ২০০৩ ও ২০০৪ সালে জেতেন পুরস্কার। অন্যদিকে 'সেরা মডেল (নারী)' হিসেবে এগিয়ে আছে মৌয়ের নাম। তিনি ১৯৯৮ থেকে ২০০১ সাল পর্যন্ত টানা চারবার জিতেছেন সেরার পুরস্কার। ২০০৮ সালেও মেরিল-প্রথম আলো পুরস্কারে লেগেছিল পরিবর্তনের হাওয়া। সে বছর শেষবারের মতো দেওয়া হয় 'সেরা ব্যান্ড' বিভাগে পুরস্কার।

● সেরা পরিচালক হিসেবে হুমায়ূন আহমেদের জনপ্রিয়তা অনেক। কিন্তু এর পরও তিনি মাত্র একবার এই পুরস্কার পান ২০১২ সালে, তাঁর সর্বশেষ চলচ্চিত্র *ঘেঁটুপুত্র কমলার* জন্য।

● প্রথম তিন বছর বাদ গেলেও ২০০২ সাল থেকে শুরু হয় আজীবন সম্মাননার ধারা। এ পর্যন্ত এই সম্মাননা পেয়েছেন সোহরাব হোসেন (২০০২), সুভাষ দত্ত (২০০৩), আব্দুল লতিফ (২০০৪), শাহ্ আব্দুল করিম (২০০৫), ফেরদৌসী মজুমদার (২০০৬), কলিম শরাফী (২০০৭), ফেরদৌসী রহমান (২০০৮), বেবী ইসলাম (২০০৯), সুধীন দাশ (২০১০), ফিরোজা বেগম (২০১১), মুস্তাফা মনোয়ার (২০১২), রামকানাই দাশ (২০১৩) ও রাজ্জাক (২০১৪)।

● ২০০৫ সাল পর্যন্ত দেওয়া হয় সেরা টিভি অনুষ্ঠান (বিনোদন) বিভাগে পুরস্কার। তবে শুরু থেকে শেষ পর্যন্ত এ বিভাগে বিজয়ী ছিল একটা অনুষ্ঠানই। যার নাম 'ইত্যাদি'। ১৯৯৮ সাল থেকে শুরু করে টানা আটবার 'ইত্যাদি' পায় সেরা টিভি অনুষ্ঠানের পুরস্কার।

# কে কতটা এগিয়ে...

দেখতে দেখতে পনেরো শেষ করে ষোড়শী হতে যাচ্ছে এই মেরিল-প্রথম আলো পুরস্কারের আয়োজন। পাঠক-দর্শকদের মধ্যে আরেকটু কৌতূহল, আরও বেশি আনন্দ বিলিয়ে দিতে জানিয়ে দেওয়া যাক মেরিল-প্রথম আলো পুরস্কারের কিছু চমকপ্রদ তথ্য। আসুন জেনে রাখি ১৯৯৮ থেকে ২০১৩ সাল পর্যন্ত কোন বিভাগে বিজয়ী হিসেবে কে কতটা এগিয়ে আছেন

## তারকা জরিপ

### জাহিদ হাসানের আট অর্জন

প্রতিবছর হাড্ডাহাড্ডি লড়াই হয় 'সেরা টিভি অভিনয়শিল্পী (পুরুষ)' বিভাগের পুরস্কারটি নিয়ে। বড় বড় অভিনেতা মনোনয়ন তালিকায় থাকেন তাঁদের সেরা পারফরম্যান্সটি নিয়ে। তবে সেরার সেরা যিনি হন, শেষ দানে বাজি মাত করেন তিনিই। মেরিল-প্রথম আলো পুরস্কারের ১৫ বছরের ইতিহাসে আটবার পুরস্কার জিতে এই বিভাগে সবচেয়ে এগিয়ে আছেন জাহিদ হাসান। ১৯৯৮ থেকে ২০০২ সাল পর্যন্ত জাহিদকে টপকে কেউ জিততে পারেননি সেরা টিভি অভিনয়শিল্পীর (পুরুষ) পদক। এরপর আবারও ২০০৭, ২০১০ ও ২০১২ সালে জাহিদ জিতে নেন সেরা টিভি অভিনয়শিল্পী (পুরুষ) বিভাগের পুরস্কার।

### বিপাশার দান দান তিন দান

অভিনেত্রীদের মধ্যে সেরার কাতারে প্রতিবছরই ঘুরেফিরে নানান বিজয়ীদের মুখ দেখা যায়। কখনো তিশা, কখনো জয়া, কখনো বা তারিন। তবে সেরা টিভি অভিনয়শিল্পী (নারী) বিভাগে তিনবারের বেশি কেউ-ই জিততে পারেননি সেরার পদক। এ বিভাগে একমাত্র বিপাশা হায়াত ১৯৯৮, ১৯৯৯ ও ২০০২ সালে সেরা টিভি অভিনয়শিল্পীর (নারী) পুরস্কার জিতে সবার চেয়ে এগিয়ে আছেন।

### রিয়াজ-শাকিব খানের ড্র

দুজনের ঝুলিতেই আছে পাঁচটি করে 'সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পী (পুরুষ)'-এর পুরস্কার। রিয়াজ প্রথম মেরিল-প্রথম আলো পুরস্কারটি জেতেন ১৯৯৮ সালে। এরপর ২০০১ থেকে ২০০৩ পর্যন্ত হ্যাটট্রিক জয় হয় তাঁর। এরপর আবরও ২০০৬ সালে *হৃদয়ের কথা* ছবিটি দিয়ে ভাগ্য সুপ্রসন্ন হয় রিয়াজের। তবে এরপর সৌভাগ্যের পাল্লা ঝুঁকে যায় শাকিব খানের দিকে। তিনিও মোট পাঁচবার এই পুরস্কার জেতেন।

জাহিদ হাসান

বিপাশা হায়াত

রিয়াজ

শাকিব খান

আসিফ

ন্যান্সি

শাবনূর

### সবার সেরা শাবনূর

মেরিল-প্রথম আলো পুরস্কারে সবকটি বিভাগ মিলিয়েও শাবনূরকে টক্কর দিতে পারেনি কেউ। সবচেয়ে বেশিসংখ্যক 'সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পী (নারী)'-এর পুরস্কার গেছে এ অভিনেত্রীর ঝুলিতেই। তিনি জিতেছেন ১০টি মেরিল-প্রথম আলো পুরস্কার। এ পর্যন্ত সবচেয়ে বেশিসংখ্যক মেরিল-প্রথম আলো পুরস্কার জিতেছেন তিনি। পুরস্কার জয়ের হিসাবে শাবনূরের পরেই আছেন জাহিদ হাসান।

### ছয়বার জয়ী আসিফ

'ও প্রিয়া তুমি কোথায়' দিয়ে যাত্রা শুরু আসিফের। মেরিল-প্রথম আলো পুরস্কারে প্রথমবার তিনি বিজয়ী হন ২০০১ সালে। এরপর ২০০৫ পর্যন্ত 'সেরা কণ্ঠশিল্পী (পুরুষ)' বিভাগে আসিফ ছিলেন বিজয়ী। এরপর ২০১৩ সালে আবারও সেরা কণ্ঠশিল্পীর (পুরুষ) পদকটি পান তিনি।

### এখনো ন্যান্সি

'সেরা কণ্ঠশিল্পী (নারী)' বিভাগে ন্যান্সিকে কেউ যেন দমাতেই পারছেন না—২০০৯ সাল থেকে ছুটছে তাঁর জয়রথ। এখনো তা থামেনি। টানা পাঁচবার এই বিভাগে পুরস্কার জিতেছেন তিনি। এ বছরও আছেন মনোনয়ন তালিকায়।

## সমালোচক পুরস্কার

### তিনবারের সেরা নুরুল আলম আতিক

একটি *ফোন করা যাবে প্লিজ*... কিংবা *বিকল পাখির গান*—এমন সব নাটকের চিত্রনাট্যের জন্যই তিনবার সেরার পদক জিতে নেন নুরুল আলম আতিক। ২০০২, ২০০৮ ও ২০০৯ সালে পুরস্কার জিতে তিনি এই বিভাগে সর্বোচ্চ পুরস্কার বিজয়ী হিসেবে আছেন সবার চেয়ে এগিয়ে।

### সর্বোচ্চ জয় অনিমেষ আইচের

এখন পর্যন্ত সবচেয়ে বেশিবার সেরা নির্দেশকের পুরস্কার পেয়েছেন অনিমেষ আইচ। চারবার। ২০০৪, ২০০৭, ২০১০ ও ২০১২ সালে তিনি এই পুরস্কারগুলো জেতেন। সর্বশেষ *নয়টার সংবাদ* নাটকের জন্য সেরা নির্দেশকের পুরস্কার পান তিনি।

### সমালোচকের নজরে সেরা মোশাররফ করিম

তারকা জরিপে জাহিদ হাসান এগিয়ে। তবে সমালোচকদের বিচারে এগিয়ে মোশাররফ করিম। সমালোচক বিভাগে 'সেরা টিভি অভিনয়শিল্পী (পুরুষ)' হিসেবে তিনবার জিতে নেন পুরস্কার। ২০০৮, ২০১২ ও ২০১৩ সালে পুরস্কার জেতেন তিনি।

### একবারের বেশি কেউ না!

সমালোচক কিংবা দর্শক জরিপে পুরস্কার জেতার দিক থেকে সব সময়ই কেউ না কেউ এগিয়ে থাকেন। তবে অবাক করা বিষয় হলো, এই সবগুলো বিভাগ থেকে আলাদা সেরা টিভি অভিনয়শিল্পী (নারী) ও সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পী (নারী) বিভাগ দুটি। এ দুই বিভাগে এখন পর্যন্ত কোনো অভিনেত্রীই একের অধিক পুরস্কার জেতেননি।

### পরিচালকের পরিচয়ে তৌকীর

অভিনেতা হিসেবে তাঁর জনপ্রিয়তা তুঙ্গে হলেও, মেরিল-প্রথম আলো পুরস্কারে পরিচালক তৌকীরের কদরই বেশি। ২০০৪ ও ২০০৬ সালে সেরা পরিচালকের পুরস্কার জিতে এ বিভাগে বিজয়ী হিসেবে তিনি সবার চেয়ে এগিয়ে আছেন।

### রিয়াজ-রাইসুল ইসলাম আসাদ এক কাতারে

সমালোচক বিভাগেও সেরা চলচ্চিত্র অভিনয়শিল্পী হিসেবে সবচেয়ে বেশিবার পুরস্কার জিতে এগিয়ে আছেন রিয়াজ। দুবার পুরস্কার জিতেছেন তিনি। তবে এখানেও রিয়াজের সঙ্গে তাল মিলিয়ে দুবার পুরস্কার জিতে একই কাতারে আছেন অভিনেতা রাইসুল ইসলাম আসাদ। রিয়াজ জিতেছেন ২০০৪ ও ২০০৫ সালে এবং আসাদ পুরস্কার পেয়েছেন ২০০৮ ও ২০১৩ সালে।

● গ্রন্থনা করেছেন : সৈয়দা সাদিয়া শাহরীন

***Published on May 7, 2015 in *Anondo***

(All writings can be found in epaper.prothom-alo.com searching through dates and pages or can be found in www.prothom-alo.com searching through the headlines.)

## Letter from supervisor at *prothom alo*

সৈয়দা সাদিয়া শাহরীন ২০১৫ সালের ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল এই তিন মাস আমার তত্ত্বাবধানে *প্রথম আলো* পত্রিকার ফিচার বিভাগে ইন্টার্ন করেছেন। ফিচার বিভাগের প্রতিটি পাতার সঙ্গেই তিনি পরিচিত হয়েছেন এবং মূলত বিনোদন-বিষয়ক পাতাগুলোয় তাঁর মূল লেখাগুলো লিখেছেন।

এই তিনমাসে তিনি প্রথম আলোর বিনোদন, আনন্দ, নকশা ও অধুনা পাতায় লিখেছেন। তাঁর মধ্যে আমি সক্রিয় কর্মস্পৃহা দেখেছি। কোনো বিষয়ের গভীরে ঢুকে জেনে নিয়েই তিনি তাঁর লেখার কাজগুলো করেছেন। এ যুগে এতোটা গভীর নিবিষ্টতা নিয়ে কাজ করার মতো শিক্ষার্থী খুব একটা চোখে পড়ে না। সৈয়দা সাদিয়া শাহরীন এ দিক থেকে ব্যতিক্রম।

পত্রিকায় কাজ করতে হলে যে ক্ষিপ্রগতি, দ্রুত বুঝে নেওয়ার ক্ষমতা এবং খবর বিচার করে তা প্রকাশ করার প্রবণতা থাকতে হয়, শাহরীনের মধ্যে তা ছিল।

তিনি ছিলেন নিয়মানুবর্তী। আশা করি, তাঁর নিষ্ঠা ও পরিশ্রম দিয়ে সাংবাদিকতা জগতে তিনি একটি স্থান করে নিতে পারবেন।

.....................................

জাহীদ রেজা নূর
উপ-ফিচার সম্পাদক
প্রথম আলো